৮. সভাপতির একান্ত সচিব, সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৯. কমিটি অফিসার, কমিটি শাখা-৪, জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
১০. উপসচিব (এফওসি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৭৮৫৯ তারিখ ঃ- ১০/৬/২৪
গ্রহণকারী ঃ-
অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

Raihana
০৪/০৬/২৪
(রায়হানা ইয়াসমিন)
সিনিয়র কমিটি অফিসার
ফোন দাপ্তরিক: ৫৫০২৮৯৯৬
মোবাইল: ০১৬৭৬৮৭২৭০৮
ই-মেইল: committeeonebps@yahoo.com
raihana.yesmin@parliament.gov.bd

<u>পৃষ্ঠাংকন খসড়া</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

হিসাব শাখা-২

স্মারক নম্বর- ২৫.৩৬.০০০০.৩৬০.০১.২৫৯.২০২৪- ২৪৮

তারিখঃ ২৯/২/১৪৩১ বঙ্গাব্দ
১২/৬/২০২৪খ্রিঃ

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, কমিটি শাখা-১ এর স্মারক নং- ১১.০০.০০০০.৭০১.৩১.০১৫.২৪ তারিখঃ ০৪/০৬/২০২৪ এর পত্রের মর্মানুযায়ী সংশ্লিষ্ট গণপূর্ত জোন/সার্কেল/ বিভাগ সমূহকে অর্থ বছর ২০১৪-২০১৫ হতে ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ সালের প্রতিটি অনুচ্ছেদের ০৮ (আট) সেট ব্রডশীট জবাব যথাযথ প্রমাণকসহ আগামী ০৩ কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বর্ণনামতে-

12/06/2024

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওস)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন নম্বর- ০২২২৩৩৮২২০৭

**বিতরণ ০ঃ**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূত জোন (সকল) (সদয় কার্যার্থে)।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল (সকল) (কার্যার্থে)।
৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা /তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা/ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/২/৩/৪/সম্পদ/কাঠেরকারখানা/শেরে বাংলা নগর-১/কিশোরগঞ্জ/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চট্টগ্রাম-২/মাগুরা/নারায়ণগঞ্জ/ফরিদপুর/কুড়িগ্রাম/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ই/এম সার্কেল-৩, ঢাকা/ ই/এম বিভাগ-৪/৬ (অডিট রিপোর্ট ধরনঃ বার্ষিক, অর্থ বছর ২০১৪-২০১৫ হতে ২০১৬-২০১৭) (কার্যার্থে)।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ বরিশাল/পটুয়াখালী/মিরপুর/শেরেবাংলা নগর-৩/জামালপুর/ঢাকা-১/২/৩/৪/মতিঝিল/মুন্সিগঞ্জ/ই/এম-১/২/৩/৫/৬/৭/৮দিনাজপুর/কুড়িগ্রাম/নগর/নোয়াখালী/কুমিল্লা/চট্টগ্রাম-১/৩/৪/খুলনা-২/আজিমপুর/মুন্সিগঞ্জ/কক্সবাজার/কুষ্টিয়া/আজিমপুর/সিরাজগঞ্জ/রাজশাহী১/২/সুনামগঞ্জ/সিলেট/রাঙ্গামাটি/নোয়াখালী/পটুয়াখালী/ভোলা/সাভার/নারায়ণগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া/মানিকগঞ্জ/লালমনিরহাট/রংপুর/গোপালগঞ্জ/ই/এমকারখানা/রক্ষণাবেক্ষণ ঢাকা (অডিট রিপোর্ট ধরন কমপ্লায়েন্স, নম্বর-২০/২০২১ অর্থ বছর ২০১৭-২০১৮) (কার্যার্থে)
৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআই এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। (সংযুক্তি বর্ণনামতে) বিষয়টি পিডব্লিউডি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।
৭। নির্বাহী প্রকৌশলী, অডিট গণপূর্ত বিভাগ, ঢাকা। পত্রের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। অফিস কপি/গার্ড নথি।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-০১
www.parliament.gov.bd

নং - ১১.০০.০০০০.৭০১.৩১.০১৫.২৪. ৪৮

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩১
০৪ জুন ২০২৪

বিজ্ঞপ্তি

মাননীয় সভাপতির নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ এর সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৫ম বৈঠক আগামী ০৬ শ্রাবণ ১৪৩১ (২১ জুলাই ২০২৪) তারিখ রবিবার পূর্বাহ্ণ ১১:০০ টায় ঢাকার শেরেবাংলা নগরস্থ জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের লেভেল-২ এ অবস্থিত কেবিনেট কক্ষে অনুষ্ঠিত হবে। কমিটির মাননীয় সদস্যগণকে বৈঠকে উপস্থিত থাকার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।

২. বৈঠকের কার্যক্রম নিম্নরূপ:

প্রারম্ভিক কার্যাবলী (মেয়াদ ১১:০০ পূর্বাহ্ণ - ১১:১০ পূর্বাহ্ণ):

১। কোরাম ও বৈঠক শুরু ;
২। সূচনা বক্তব্য;
৩। সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪র্থ বৈঠকের সিদ্ধান্ত দৃঢ়ীকরণ;

গণ-কার্যাবলী (মেয়াদ ১১:১১ পূর্বাহ্ণ - ১২:৪৫ অপরাহ্ণ):

অডিট অধিদপ্তর: পূর্ত অডিট অধিদপ্তর
মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
অডিট রিপোর্ট: ধরণ: কমপ্লায়েন্স, নম্বর: ২০/২০২১ অর্থবছর: ২০১৭-২০১৮
অনুচ্ছেদসমূহ:

১। মাটি ভরাট বাবদ বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত অর্থ পরিশোধে ৪৬,৮৫,৩৫৬/- (ছেচল্লিশ লক্ষ পঁচাশি হাজার তিনশত ছাপান্ন) টাকা আর্থিক ক্ষতি;
২। এমবি (মেজারমেন্ট বুক) ওভার রাইটিং করে কাজের পরিমাণ বৃদ্ধি দেখিয়ে বিল পরিশোধ করায় সরকারের ১০,১২,২০০/- (দশ লক্ষ বারো হাজার দুইশত) টাকা আর্থিক ক্ষতি;
৩। নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন ও জমাদানে বিলম্ব করায় সরকারের রাজস্ব ক্ষতি ১,২৯,৭৬,১৭৭/- (এক কোটি উনত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার একশত সাতাত্তর) টাকা, যা দন্ডসুদসহ আদায়যোগ্য ১,৫৩,৯৭,৪৮৬/- (এক কোটি তিপান্ন লক্ষ সাতানব্বই হাজার চারশত ছিয়াশি) টাকা;
৪। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশ মোতাবেক নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৯৫,৮০,৭৯০/- (এক কোটি পঁচানব্বই লক্ষ আশি হাজার সাতশত নব্বই) টাকা, যা দন্ডসুদসহ আদায়যোগ্য ২,৩১,১০,৪৯৫/- (দুই কোটি একত্রিশ লক্ষ দশ হাজার চারশত পঁচানব্বই) টাকা;
৫। চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ হওয়া সত্ত্বেও ঠিকাদারের নিকট হতে লিকুইডিটি ড্যামেজ বাবদ ২৮,৫৬,০৭,৬১৪/- (আটাশ কোটি ছাপ্পান্ন লক্ষ সাত হাজার ছয়শত চৌদ্দ) টাকা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি;
৬। বকেয়া বাড়ি ভাড়া বাবদ ৫৪,১৫,১২,৭৯৯/- (চুয়ান্ন কোটি পনের লক্ষ বার হাজার সাতশত নিরানব্বই) টাকা সরকারের রাজস্ব অনাদায়ী;
৭।দরপত্রে সংশোধনযোগ্য ত্রুটি সংশোধন না করে ১ম সর্বনিম্ন দরদাতাকে নন-রেসপন্সিভ করায় সরকারের ১,৩৭,৮২,৩৭০/- (এক কোটি সাঁইত্রিশ লক্ষ বিরাশি হাজার তিনশত সত্তর) টাকা আর্থিক ক্ষতি।

অডিট রিপোর্ট: ধরণ: বার্ষিক, অর্থবছর: ২০১৪-২০১৫ হতে ২০১৬-২০১৭
অনুচ্ছেদসমূহ:

১।কাজ বাতিল হওয়া সত্ত্বেও ব্যর্থ ঠিকাদারের ১৫,৬৭,৭২,১৪০ (পনের কোটি সাতষট্টি লক্ষ বাহাত্তর হাজার একশত চল্লিশ) টাকার পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত;
২। চুক্তি মোতাবেক ঠিকাদার কর্তৃক সিসিটিভি/ক্যামেরা স্থাপন না করা সত্ত্বেও অনিয়মিতভাবে ঠিকাদারকে চুক্তিতে বর্ণিত কাজের ১,৫১,৩৮,৫৬০ (এক কোটি একান্ন লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকার চূড়ান্ত বিল পরিশোধ;
৩। ২৯-০৬-২০১৬ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করে বাস্তবে কার্যসম্পাদন না হওয়া সত্ত্বেও ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে বিল পরিশোধ করায় ক্ষতি ৩,৭৭,২৩,৭৩৩ (তিন কোটি সাতাত্তর লক্ষ তেইশ হাজার সাতশত তেত্রিশ) টাকা;
৪। ঢাকাস্থ মতিঝিল এলাকায় প্লট নং-৯১ এর শিল্প ভবনের নীচ তলায় অবস্থিত সোনালী ব্যাংক লিঃ শিল্প ভবন কর্পোরেট শাখার নিকট বকেয়া ভাড়াবাবদ সরকারি রাজস্ব ৩,৫৩,২০,১১৩ (তিন কোটি তিপ্পান্ন লক্ষ বিশ হাজার একশত তের) টাকা অনাদায়ী;
৫। নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারগণের নিকট হতে জরিমানা আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৯,৬৮,৬৯,৯৯৩ (নয় কোটি আটষট্টি লক্ষ উনসত্তর হাজার নয়শত তিরানব্বই) টাকা;
৬। বাস্তবে কাজ সম্পাদন না হওয়া সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করায় ক্ষতি ১,৩৭,১৭,৭১২ (এক কোটি সাঁইত্রিশ লক্ষ সতের হাজার সাতশত বার) টাকা;
৭। Cast in situ pile এর প্রকৃত পরিমাপ অপেক্ষা অতিরিক্ত পরিমাপের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৩৩,২৬,১০০ (তেত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার একশত) টাকা;

ক্রঃ নং- তারিখ-
☐ নির্বাহী প্রকৌশলী (সমন্বয়)
☐ সহকারী প্রকৌশলী-১/২ (সমন্বয়)
☐ হিঃ-১/উঃ-৩/প্রগতি/সম্পদ/হিঃ পেশ
☐ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন
☐ সভায় যোগদান করুন এবং কার্য বিবরণী সংরক্ষণ করুন
☐ পরীক্ষা করে পেশ করুন
☐ আলোচনা করুন
☐ নথিতে পেশ করুন
অনলাইনে পঠিত/অগ্রগামী করা হল
10 JUN 2024
তঃ প্রঃ (সমন্বয়)

৮। কাঠের কারখানা স্থাপনের উদ্দেশ্য বাস্তবায়ন ছাড়াই উৎপাদন শূন্য হওয়া সত্ত্বেও বৎসর ভিত্তিক সরকারি অ... ৪,৮৯,৭২,৭৭১ (চার কোটি উননব্বই লক্ষ বাহাত্তর হাজার সাতশত একাত্তর) টাকা;

৯। প্রয়োজন না থাকা সত্ত্বেও অতিরিক্ত জনবল বাবদ সরকারি অর্থের অপচয়। জড়িত ৮৭,০০,০০০ (সাতাশি লক্ষ) টাকা;

১০। কাজ শুরুর পূর্বে তামাদি এড়ানোর লক্ষ্যে কাল্পনিক বিল বাবদ ঠিকাদারকে অনিয়মিতভাবে ৪,৫৮,৬৯,৮০১ (চার কোটি আটান্ন লক্ষ উনসত্তর হাজার আটশত এক) টাকা অগ্রিম পরিশোধ;

১১। টিইসি কর্তৃক প্রথম সর্বনিম্ন দরদাতাকে দ্বিতীয় এবং দ্বিতীয় সর্বনিম্ন দরদাতাকে প্রথম সর্বনিম্ন দরদাতা হিসাবে মূল্যায়ন করে কার্যাদেশ প্রদানের ফলে সরকারের আর্থিক ক্ষতি ৪,০৮,৩২,৮৩৮ (চার কোটি আট লক্ষ বত্রিশ হাজার আটশত আটত্রিশ) টাকা;

১২। Responsive দরদাতাকে কার্যাদেশ প্রদান না করায় সরকারের ৬০,৩৬,৫৬৫ (ষাট লক্ষ ছত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা ক্ষতি;

১৩। পুনঃ দরপত্র আহবান না করে একমাত্র বৈধ দরদাতার প্রদত্ত দরের গাণিতিক শুদ্ধতার ফলে উর্দ্ধদরে দরপত্র অনুমোদন। ওপেনিং মেমোর দর এবং গাণিতিক শুদ্ধতার পর গৃহীত দরের পার্থক্য ২,০৮,২৩,৩৮৬ (দুই কোটি আট লক্ষ তেইশ হাজার তিনশত ছিয়াশি) টাকা। যা অস্বাভাবিক বিধায় আর্থিক ক্ষতি হিসেবে গণ্য;

১৪। সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ ব্যতিরেকে অনিয়মিতভাবে ৬৫,৬১,৮৪৮ (পয়ষট্টি লক্ষ একষট্টি হাজার আটশত আটচল্লিশ) টাকা পরিশোধ;

১৫। আরডিপিপি মূল্য অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধে অনিয়মিতভাবে ব্যয় করায় সরকারের আর্থিক ক্ষতি ৫,০৫,২৪,০০০(পাঁচ কোটি পাঁচ লক্ষ চব্বিশ হাজার) টাকা।

মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

১। বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের রিপোর্টভুক্ত অনিষ্পন্ন অডিট আপত্তিগুলোর মধ্যে যেগুলো, আদায়, সমন্বয়, অবলোপন, প্রমার্জন, নিয়মিতকরণ, ভূতাপেক্ষ অনুমোদন, কার্যকর ব্যবস্থা গ্রহণ ইত্যাদি কার্যক্রম গ্রহণান্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নিষ্পত্তিমূলক জবাব পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক বা ত্রি-পক্ষীয় সভায় গ্রহণ করে মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পরে সিএজি কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হওয়ার পরিপ্রেক্ষিতে সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক চূড়ান্ত নিষ্পত্তির জন্য অপেক্ষমান অডিট আপত্তিসমূহ পর্যালোচনা।

সমাপনী কার্যাবলী (মেয়াদ ১২:৪৬ অপরাহ্ণ - ০১:০০ অপরাহ্ণ):

১। আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

২। বিবিধ।

০৪/০৬/২০২৪

(মোঃ ফয়সাল মোর্শেদ)
কমিটি সচিব
সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি
ফোন: +৮৮০২ ২২২২১৬০৩৬

বিতরণ:

| ক্র: নং | সদস্যগণের নাম | পদবী | নির্বাচনী এলাকা |
|---|---|---|---|
| ১. | জনাব হাফিজ উদ্দিন আহম্মেদ | সভাপতি | ৫ ঠাকুরগাঁও-৩ |
| ২. | জনাব আহম মুস্তফা কামাল | সদস্য | ২৫৮ কুমিল্লা-১০ |
| ৩. | জনাব মোস্তাফিজুর রহমান | সদস্য | ১০ দিনাজপুর-৫ |
| ৪. | জনাব মোঃ কামরুল ইসলাম | সদস্য | ১৭৫ ঢাকা-২ |
| ৫. | জনাব আবু সাঈদ আল মাহমুদ স্বপন | সদস্য | ৩৫ জয়পুরহাট-২ |
| ৬. | জনাব ফয়জুর রহমান | সদস্য | ২৪৭ ব্রাহ্মণবাড়িয়া-৫ |
| ৭. | জনাব মোঃ মুজিবুল হক | সদস্য | ১৬৪ কিশোরগঞ্জ-৩ |
| ৮. | জনাব জাহিদ মালেক | সদস্য | ১৭০ মানিকগঞ্জ-৩ |
| ৯. | বেগম ফজিলাতুন নেসা | সদস্য | ৩২৩ মহিলা আসন-২৩ |
| ১০. | জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী | সদস্য | ৪৮ নওগাঁ-৩ |
| ১১. | জনাব নূর মোহাম্মদ | সদস্য | ১৩৮ জামালপুর-১ |
| ১২. | জনাব আখতারউজ্জামান | সদস্য | ১৯৮ গাজীপুর-৫ |
| ১৩. | জনাব এস.এ.কে একরামুজ্জামান | সদস্য | ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ |
| ১৪. | জনাব মোঃ রেজাউল হক চৌধুরী | সদস্য | ৭৫ কুষ্টিয়া-১ |
| ১৫. | জনাব মোঃ নজরুল ইসলাম | সদস্য | ১৫০ ময়মনসিংহ-৫ |

গণপূর্ত অধিদপ্তর
গৃহিত
গ্রহন ও বিলি শাখা

১১.০০.০০০০.৭০১.৩১.০১৫.২৪. ৪৮

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩১
০৪ জুন ২০২৪

সদয় অ[illegible]তি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

সিএজি কার্যালয়ের কর্মকর্তা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা। (সংশ্লিষ্ট আলোচ্য বিষয় মোতাবেক প্রস্তুতকৃত কার্যপত্র আগামী ১৪ জুলাই ২০২৪ তারিখের মধ্যে ইউনিকোডে Nikosh ফন্টে একটি সফট কপি committeeonebps@yahoo.com ই-মেইলে এবং একসেট প্রমাণকসহ ৪৫ (পঁয়তাল্লিশ)সেট হার্ডকপি গোপনীয়ভাবে সংসদ সচিবালয়ের কমিটি শাখা-১ এ প্রেরণ এবং একসেট করে হার্ডকপি সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিব, অর্থ বিভাগ, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) এবং মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর বরাবর প্রেরণপূর্বক কমিটি বৈঠকের দিন একান্ত অপরিহার্য কর্মকর্তাগণের নিজ অফিসের আইডি বা NID বহনসহ প্রয়োজনীয় তথ্য বৈঠকের ১ সপ্তাহ পূর্বে (নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা) কমিটি শাখা-১ এ হার্ড কপি এবং মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২. উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর), মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

৩. অতিরিক্ত উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সংসদ), মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

৪. সহকারী মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সংসদ), মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

৫. সহকারী মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (হিসাব), মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

৬. সহকারী মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিপোর্ট), মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সংশ্লিষ্ট আলোচ্য বিষয়ে সকল কর্তৃপক্ষের হাল-নাগাদ জবাবের উপর মন্তব্য সন্নিবেশিত করে উহার তিন(০৩) সেট প্রমাণকসহ হার্ডকপি এবং ইউনিকোডে Nikosh ফন্টে একটি সফট কপি আগামী ০৪ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পূর্ত অডিট অধিদপ্তরে গোপনীয়ভাবে প্রেরণ এবং বৈঠকের কার্যপত্র সিএজি কার্যালয় থেকে সংগ্রহপূর্বক অডিটের মন্তব্যের উপর যথাযথ প্রস্তুতি নিয়ে প্রয়োজনীয় তথ্যসহ স্বাস্থ্যবিধি মেনে স্বল্প সংখ্যক সংশ্লিষ্ট সহযোগীসহ কমিটি বৈঠকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। বৈঠকের দিন বৈঠকে অভ্যাগত কর্মকর্তার নিজ অফিসের আইডি বা NID বহন এবং প্রয়োজনীয় তথ্য (নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা) বৈঠকের ০৭ দিন পূর্বে কমিটি শাখা-১ এ হার্ড কপি এবং committeeonebps@yahoo.com মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। আর্থিক বিধি-বিধানের বিষয়ে কমিটিতে বিশেষজ্ঞ হিসাবে মতামত প্রদানের জন্য যুগ্ম-সচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন উপযুক্ত প্রতিনিধি স্বাস্থ্যবিধি মেনে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো। বৈঠকের দিন বৈঠকে অভ্যাগত কর্মকর্তার নিজ অফিসের আইডি বা NID বহন এবং নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা বৈঠকের ০৭ দিন পূর্বে কমিটি শাখা-১ এ হার্ড কপি এবং committeeonebps@yahoo.com মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। [মনোনীত কর্মকর্তাকে সিএজি কার্যালয় থেকে কার্যপত্র সংগ্রহপূর্বক প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে বৈঠকে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।]

সংস্থার কর্মকর্তা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা। আলোচ্য অডিট আপত্তির বিষয়ে বিশেষজ্ঞ হিসেবে মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট উপযুক্ত প্রতিনিধি স্বাস্থ্যবিধি মেনে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো। (বৈঠকের দিন বৈঠকে অভ্যাগত কর্মকর্তার নিজ অফিসের আইডি বা NID বহন এবং নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা) বৈঠকের ০৭ দিন পূর্বে কমিটি শাখা-১ এ হার্ড কপি এবং committeeonebps@yahoo.com মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। [মনোনীত কর্মকর্তাকে সিএজি কার্যালয় থেকে কার্যপত্র সংগ্রহপূর্বক প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে বৈঠকে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।]

২. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), রাজউক ভবন, প্রধান কার্যালয়, ঢাকা। বৈঠকের দিন বৈঠকে উপস্থিতির নিমিত্তে নিজ অফিসের আইডি বা NID বহন এবং গেইট পাসের জন্য প্রয়োজনীয় তথ্য (নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা) বৈঠকের ০৭ দিন পূর্বে কমিটি শাখা-১ এ হার্ড কপি এবং committeeonebps@yahoo.com ই-মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা। বৈঠকের আলোচ্যসূচির মোতাবেক কার্যপত্র প্রস্তুতের জন্য প্রয়োজনীয় তথ্য আগামী ০১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় গোপনীয়ভাবে তিন(০৩) সেট প্রমাণকসহ হার্ডকপি এবং ইউনিকোডে Nikosh ফন্টে একটি সফট কপি প্রেরণপূর্বক বৈঠকের দিন বৈঠকে উপস্থিত থাকতে এবং নিজ অফিসের আইডি বা NID বহনসহ প্রয়োজনীয় তথ্য (নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা বৈঠকের ০৭ দিন পূর্বে কমিটি শাখা-১ এ হার্ড কপি এবং committeeonebps@yahoo.com মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা। আর্থিক বিধি-বিধানের বিষয়ে কমিটিতে বিশেষজ্ঞ হিসাবে মতামত প্রদানের জন্য যুগ্ম-সচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন উপযুক্ত প্রতিনিধি স্বাস্থ্যবিধি মেনে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো। (বৈঠকের দিন বৈঠকে অভ্যাগত কর্মকর্তার নিজ অফিসের আইডি বা NID বহন এবং নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা) বৈঠকের ০৭ দিন পূর্বে কমিটি শাখা-১ এ হার্ড কপি এবং committeeonebps@yahoo.com মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। [মনোনীত কর্মকর্তাকে সিএজি কার্যালয় থেকে কার্যপত্র সংগ্রহপূর্বক প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে বৈঠকে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।]

অডিট অধিদপ্তরের কর্মকর্তা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা। বৈঠকের আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র প্রস্তুতের জন্য প্রয়োজনীয় তথ্য আগামী ০৯ জুলাই ২০২৪ তারিখের মধ্যে মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ে প্রেরণপূর্বক বৈঠকের দিন বৈঠকে উপস্থিত থাকতে এবং নিজ অফিসের আইডি বা NID বহনসহ প্রয়োজনীয় তথ্য (নাম, পদবী, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা বৈঠকের ০৭ দিন পূর্বে কমিটি শাখা-১এ হার্ড কপি এবং committeeonebps@yahoo.com মেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সদয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সার্জেন্ট এ্যাট আর্মস, সার্জেন্ট এ্যাট আর্মস এর কার্যালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (যুগ্মসচিব), গণ-সংযোগ অধিশাখা-১, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা। (উল্লিখিত বিজ্ঞপ্তি সংবাদপত্র, বেতার ও টেলিভিশনে প্রচারের ব্যবস্থগ্রহণসহ উক্ত বৈঠকের প্রেস রিলিজ প্রচারের নিমিত্তে বৈঠকে স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত থাকার বা যথোপযুক্ত প্রতিনিধি প্রেরণের এবং বৈঠকের চিত্র ধারণের ব্যবস্থগ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো)।
৩. জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. জেলা প্রশাসক, দিনাজপুর।
৬. জেলা প্রশাসক, ঢাকা।
৭. জেলা প্রশাসক, জয়পুরহাট।
৮. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৯. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
১০. জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
১১. জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ।
১২. জেলা প্রশাসক, নওগাঁ।
১৩. জেলা প্রশাসক, জামালপুর।
১৪. জেলা প্রশাসক, গাজীপুর।
১৫. জেলা প্রশাসক, কুষ্টিয়া।
১৬. জেলা প্রশাসক, ময়মনসিংহ।

(৩–১৬:) সংশ্লিষ্ট মাননীয় সংসদ-সদস্যকে বৈঠকে উপস্থিত থাকার বিষয়টি অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে।

১৭. মুখ্য বার্তা সম্পাদক, বার্তা বিভাগ, বাংলাদেশ টেলিভিশন, টেলিভিশন ভবন, রামপুরা, ঢাকা।
১৮. পরিচালক, গ্রন্থাগার ও গবেষণা অধিশাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
১৯. পরিচালক (রিপোর্টিং), রিপোর্টিং অধিশাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা (বৈঠকে স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত থেকে উল্লিখিত বৈঠকের কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য উপ-পরিচালক (রিপোর্টিং)/সহকারী পরিচালক (রিপোর্টিং) যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
২০. পরিচালক (সিস্টেম ম্যানেজমেন্ট), সিস্টেম ম্যানেজমেন্ট অধিশাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা। বৈঠকটি যথাযথভাবে পরিচালনার জন্য সার্ভার ও ইন্টারনেট সার্বক্ষণিক সচল রাখা, বৈঠকের আলোচনার অডিও রেকডিং, সংশ্লিষ্টগণকে SMS প্রেরণ এবং উক্ত বৈঠকে প্রয়োজনীয় তাৎক্ষণিক আইটি সেবা প্রদানের নিমিত্ত স্বাস্থ্যবিধি মেনে একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।)
২১. পরিচালক (আইটি), ইনফরমেশন টেকনোলজি অধিশাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২২. উপসচিব, প্রশাসন শাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৩. উপসচিব, কমন সার্ভিস শাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৪. পরিচালক, মেডিকেল সেন্টার, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৬. মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, মেইনটেন্যান্স শাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৭. উপ-সচিব, আইন শাখা-১, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৮. উপসচিব, পরিবহন শাখা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৯. সিনিয়র কমিটি অফিসার, কমিটি শাখা-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩০. উপ-বিভাগীয় প্রকৌশলী, উপ-বিভাগ-২, গণপূর্ত বিভাগ, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১৩, সংসদ ভবন(৬ষ্ঠ তলা), শেরে বাংলা নগর, ঢাকা। (বৈঠকের আলোচনা রেকর্ডিং এর ব্যবস্থাসহ আনুষঙ্গিক প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৩২. সহকারী সচিব, অর্থ শাখা-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩৩. সহকারী সচিব, অর্থ শাখা-১, বাংলাদেশ জাতীয় সংসদ সচাবলয়, ঢাকা।
৩৪. কেয়ারটেকার, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা। (বৈঠকের জন্য স্বাস্থ্যবিধি মেনে কমিটি কক্ষ জীবানুমুক্ত করণসহ প্রয়োজনীয় প্রাসঙ্গিক ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৩৫. প্রশাসনিক কর্মকর্তা, প্রাপ্তি ও বিলি ইউনিট, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হল(জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. অতিরিক্ত সচিব, কমিটি সাপোর্ট উইং, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২. স্পীকারের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৩. ডেপুটি স্পীকারের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৪. চীফ হুইপের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৫. পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬. বিরোধীদলীয় নেতার একান্ত সচিব, বিরোধীদলীয় নেতার কার্যালয়, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গণপূর্ত অধিদপ্তরের
## ২০১৭-২০১৮ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

**রিপোর্ট নম্বর: ২০/২০২১**

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃঃ নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | মুখবন্ধ | vii |
| | **অধ্যায়-১** | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ৩-৬ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৭ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৯ |
| | **অধ্যায়-২** | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১৩ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৫-২৩ |

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

রিপোর্ট সম্পর্কিত তথ্য : এই রিপোর্ট গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তর এর নিয়ন্ত্রণাধীন ৬৩টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এর ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়-ব্যয়/ইস্যু এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসাবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য :

প্রতিষ্ঠান পরিচিতি: বৃটিশ সরকার ১৮৫৪ সালে পূর্ত কাজের জন্য গণপূর্ত বিভাগ গঠনের সিদ্ধান্ত নেন। সেই সময় গণপূর্ত বিভাগ রাস্তা ঘাট, স্থাপনা, রেলওয়েসহ বন্যা নিয়ন্ত্রণ, সেচ এবং সাময়িক পূর্ত কাজের দায়িত্ব পালন করে। ১৯৪৭ সালে দেশ বিভক্তির পরে কেন্দ্রীয় সরকারের কাজের জন্য Central PWD গঠিত হয় এবং পূর্ব পাকিস্তানের প্রাদেশিক সরকারের পূর্ত কাজের দায়িত্ব পালনের জন্য "Communication and Building Directorate" (C&B) গঠিত হয়।

১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতার পরে উত্তরাধিকার সূত্রে Central PWD এবং প্রাদেশিক Building Directorate প্রাপ্ত হয়। ১৯৭৭ সালে এ দুটো প্রতিষ্ঠান একত্রিত হয়ে আজকের গণপূর্ত অধিদপ্তর (PWD)-এ পরিণত হয়।

১৮৫৪ সালে প্রতিষ্ঠার পর থেকেই গণপূর্ত বিভাগ প্রায় দুইশত বছরব্যাপী জাতীয় উন্নয়নমূলক কাজে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।

গণপূর্ত অধিদপ্তর সরকারের ২৯টি মন্ত্রণালয়কে অবকাঠামো নির্মাণ ও অন্যান্য সেবা প্রদান করে থাকে। এটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ৮টি অঙ্গাসংস্থার মধ্যে একটি।

গণপূর্ত অধিদপ্তর শুধুমাত্র শহর নয় গ্রামাঞ্চলেও উন্নয়নমূলক ভূমিকা পালন করছে। মানুষের জীবন যাত্রার পরিবর্তন সাধনে, আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। গণমানুষের উন্নয়নে গণপূর্ত অধিদপ্তরের রয়েছে অক্লান্ত পরিশ্রম ও আত্মত্যাগ।

উন্নয়নশীল দেশের একটি প্রতিষ্ঠান হিসাবে গণপূর্ত অধিদপ্তর তার উদ্ভাবনী ক্ষমতা দ্বারা, সর্বনিম্ন ব্যয়ে সর্বোচ্চ সেবা প্রদান অব্যাহত রেখেছে।

৩ প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম (গণপূর্ত অধিদপ্তর) :

**বিসিএস (গণপূর্ত) ক্যাডারে ১ম শ্রেণির কর্মকর্তাগণের পদওয়ারী সংখ্যা:**

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদ সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | সিভিল + রিজার্ভ | ই/এম + রিজার্ভ | মোট | মন্তব্য/ ছুটি, প্রেষণ, প্রশিক্ষণ বাবদ রিজার্ভ (+) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | প্রধান প্রকৌশলী | ১ | - | ১ | - |
| ২। | অতি: প্রধান প্রকৌশলী | ১৩+১=১৪ | ২ | ১৬ | ১ |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ৩৩+৩=৩৬ | ৯+১=১০ | ৪৬ | ৪ |
| ৪। | নির্বাহী প্রকৌশলী | ১১৩+৯=১২২ | ৩৭+২=৩৯ | ১৬১ | ১১ |
| ৫। | উপ-বিভাগীয় প্রকৌশলী | ১৭১+১৭=১৮৮ | ৯১+৮=৯৯ | ২৮৭ | ২৫ |
| ৬। | সহকারী প্রকৌশলী | ২৮১+১৫=২৯৬ | ১২২+২=১২৪ | ৪২০ | ১৭ |
| | মোট= | ৬১২+৪৫=৬৫৭ | ২৬১+১৩=২৭৪ | ৯৩১ | ৫৮ |

নন-ক্যাডার পদ সংখ্যা-১১টি

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১। | বিজ্ঞ আইন উপদেষ্টা | ১ |
| ২। | আইন কর্মকর্তা | ১ |
| ৩। | প্রধান বৃক্ষপালনবিদ | ১ |
| ৪। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা | ১ |
| ৫। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ১ |
| ৬। | উপ-বিভাগীয় অফিসার (আরবরিকালচার) | ৬ |
| | মোট= | ১১ |

সর্বমোট অনুমোদিত জনবলের সংখ্যা:

| ক্রমিক নং | পদের শ্রেণি বিন্যাস | পদ সংখ্যা |
|---|---|---|
| ১। | প্রথম শ্রেণি (ক্যাডার/ নন-ক্যাডার) | ৯৪২ |
| ২। | দ্বিতীয় শ্রেণি (১৩৬৮) | |
| | উপ সহকারী প্রকৌশলী(সিভিল) | ৮৫৭ |
| | উপ সহকারী প্রকৌশলী(ই/এম) | ৩৯০ |
| | অন্যান্য পদ (বিভাগীয় হিসাবরক্ষক-১০৪, প্রশাসনিক কর্মকর্তা-৯, কল্যাণ কর্মকর্তা-১, ইমাম-৬, আরবরিকালচারিস্ট-১ ) | ১২১ |
| ৩। | তৃতীয় শ্রেণি | ৩৫১৮ |
| ৪। | চতুর্থ শ্রেণি | ২০৬৯ |
| | মোট= | ৭৮৯৭ |
| ৫। | অস্থায়ী নিয়মিত(৩য় ও ৪র্থ) | ২০৯৯ |
| ৬। | কার্যভিত্তিক (৩য় ও ৪র্থ) | ২১১৩ |
| ৭। | ভাউচার ভিত্তিক | ১৫১৭ |
| ৮। | মাস্টার রোল কর্মচারী | ৫৯ |
| | সর্বমোট= | ১৩৬৮৫ |

- প্রতিষ্ঠানের কার্যাবলী:

  - ❖ ডিপোজিট কাজের ভিত্তিতে অন্যান্য সংস্থার জন্য ভবন নির্মাণ।
  - ❖ পাবলিক পার্কের রক্ষণাবেক্ষণ।
  - ❖ সরকারি ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণের জন্য মূল্য সূচি ও বিশ্লেষণ সূচি প্রণয়ন।
  - ❖ সওজ, টিএন্ডটি ও ডাক বিভাগ ব্যতীত অন্যান্য সরকারি ভবনের নকশা প্রণয়ন ও নির্মাণ।
  - ❖ জাতীয় স্মৃতিসৌধ নির্মাণ।
  - ❖ সরকারি ভবন মেরামত ও রক্ষণাবেক্ষণ।
  - ❖ বুক অফ স্পেসিফিকেশন এবং কোড অফ প্রাকটিস প্রণয়ন।
  - ❖ নির্মাণ কাজের জন্য প্রশাসনের সহায়তায় ভূমি অধিগ্রহণ।
  - ❖ নির্মাণ কাজের জন্য যন্ত্রপাতি ও নির্মাণ সামগ্রী ক্রয়।
  - ❖ ভূমি ও সম্পত্তির মূল্য নির্ধারণ এবং মানসম্মত ভাড়া নির্ধারণ।

- প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) :

  - ❖ সরকারি ভবন ও আবাসিক ভবন নির্মাণ।
  - ❖ দেশব্যাপী অধিকাংশ সরকারি আবাসিক ভবনসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।
  - ❖ জাতীয় স্মৃতিসৌধসহ বিভিন্ন স্মৃতিসৌধ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজ।
  - ❖ সরকারি পার্ক ও উদ্যানসমূহ রক্ষণাবেক্ষণ কাজ।
  - ❖ জাতীয় সংসদ ভবন, বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশের হাসপাতালসমূহ, অগ্নি নির্বাপন কেন্দ্রসহ দেশব্যাপী অধিকাংশ সরকারি অফিস ও প্রতিষ্ঠানসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।

- প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ:

  - ❖ অন্যান্য দপ্তর/অধিদপ্তর এর ন্যায় গণপূর্ত অধিদপ্তরের বাজেট মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় প্রতিবছর বৃদ্ধি পাচ্ছে। অর্থাৎ একটি অর্থ বছরে বিভিন্ন কোডে যে বাজেট দেয়া হয় পরবর্তী অর্থ বছরের বাজেট তার চেয়ে কিছুটা বেশী হবে। ২০১৬-১৭ অর্থ বছরে অনুন্নয়নে গণপূর্ত অধিদপ্তরের মোট বাজেট বরাদ্দ ছিল ১০৮৫৫৫১৬৭০৩ টাকা। ২০১৭-১৮ অর্থ বছরে গণপূর্ত অধিদপ্তরের অনুন্নয়নে মোট বাজেট বরাদ্দ ১১৬৫৬৭৭১০০০ টাকা। ২০১৬-১৭ অর্থ বছরের তুলনায় ২০১৭-১৮ অর্থ বছরে বাজেট বৃদ্ধির পরিমাণ (১১৬৫৬৭৭১০০০ - ১০৮৫৫৫১৬৭০৩) অর্থাৎ ৮০১২৫৪২৯৭ টাকা। বৃদ্ধির হার ৭.৩৮%। তবে কোন কোডে উল্লেখযোগ্য পরিমাণ বরাদ্দ এবং ব্যয় বৃদ্ধির বিষয়টি সেভাবে পরিলক্ষিত হয়নি। পরবর্তীতে অধিকতর যাচাইয়ের সময়ে বিষয়টি ভালোভাবে পরীক্ষা করা হবে।

- গণপূর্ত মন্ত্রণালয়ের বাজেট ও ব্যয়ের সামারি* (অনুন্নয়ন ও উন্নয়ন):

| ক্রঃ নং | অর্থ বছর | গণপূর্ত মন্ত্রণালয়ের সংশোধিত বরাদ্দ (মঞ্জুরী নং-২৯) | এনটিটির মোট খরচ (গণপূর্ত অধিদপ্তর) |
|---|---|---|---|
| ( অনুন্নয়ন) | | | |
| ০১. | ২০১৭-২০১৮ | ১২৬৯,৮৩,৭৯,০০০ (৩৫.৩৭%) | ১১৬৫,৬৭,৭১,০০০(৩২.৪৭%) |
| (উন্নয়ন প্রকল্প /শতভাগ জিওবি ফান্ড) | | | |
| ০২. | ২০১৭-২০১৮ | ২৩২০,২১,০০,০০০(৬৪.৬৩%) | ৭৯০,৬৯,০০,০০০(২২.০২%) |
| | মোট= | ৩৫৯০,০৪,৭৯,০০০ টাকা (১০০%)) | ১৯৫৬,৩৬,৭১,০০০(৫৪.৪৯%) |

- তথ্য সূত্র: বাজেট অর্থ মন্ত্রণালয়ের বাজেট বই অনুযায়ী এবং ব্যয়ের সামারি গণপূর্ত অধিদপ্তরের ব্যয়, উদ্বৃত্ত ও চূড়ান্ত মঞ্জুরীর বিবরণী ২০১৭-১৮ অনুযায়ী প্রস্তুতকৃত।

অডিটের আইনগত ভিত্তি : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

অডিটের পরিধি: ২০১৭-২০১৮ অর্থবছরে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন মোট ৬৩টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের হিসাবের উপর Sampling ভিত্তিতে অডিট সম্পন্ন করা হয়েছে। পূর্ত কাজ, ই/এম বিভাগের কাজ, ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তিপত্র, চুক্তির শর্তানুযায়ী বিল পরিশোধ, রাজস্ব আদায়, ক্রয় কাজে প্রচলিত বিধি-বিধান পরিপালন সম্পর্কিত বিষয়ে নিরীক্ষা পরিচালিত হয়েছে।

অডিট প্ল্যানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য :

- অডিটের বিষয়বস্তু : নিয়মানুগ নিরীক্ষা।
- অডিট কৌশল : চাহিদাপত্র ইস্যু করণের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ঝুঁকিপূর্ণ বিষয় চিহ্নিতকরণ ও ভাউচার স্যাম্পলিং।
- অডিট সময়কাল : ২১/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯খ্রি.।

পূর্ববর্তী অডিট রিপোর্টের হালনাগাদ তথ্য:

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গণপূর্ত অধিদপ্তর এর ২০১৪-২০১৫ হতে ২০১৬-২০১৭ অর্থ বৎসরের হিসাব সম্পর্কিত ১৫ (পনের) টি আপত্তি বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয় এর ২০১৭-২০১৮ সনের বার্ষিক অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত হয়েছে।

# নির্বাহী সারসংক্ষেপ

পূর্ত অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গণপূর্ত অধিদপ্তর এর ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত: প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অদ্যাবধি অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ০৭টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ৮৮,৫১,০৮,৩২০ (আটাঁশি কোটি একান্ন লক্ষ আট হাজার তিনশত বিশ) টাকা যা মোট বরাদ্দের ৭.৫৯%। এঁই রিপোর্টের অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ:

- বরাদ্দ অপেক্ষা ঠিকাদারের বিলে অতিরিক্ত অর্থ পরিশোধ।
- প্রকৃত সম্পাদিত কাজ অপেক্ষা অতিরিক্ত অর্থ পরিশোধ।
- নির্ধারিত হারে সরকারি রাজস্ব আদায়পূর্বক যথাসময়ে সরকারি কোষাগারে জমা না করা।
- লিকুইডিটি ড্যামেজ বাবদ জরিমানার অর্থ আদায় না করা।
- ক্রয় বিধি যথাযথভাবে অনুসরণ না করা।
- বকেয়া ভাড়া আদায়ে কার্যকর ব্যবস্থা না নেয়া।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরণের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা এবং পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

| | |
|---|---|
| CPWA Code | Central Public Works Account Code |
| CS | Comparative Statement |
| E/M | Electrical & Mechanical |
| GFR | General Financial Rule |
| GOB | Govenrment of Bangladesh |
| HR | Hand Receipt |
| IT | Income Tax |
| LA | Liquid Asset |
| LD | Liquidated Damages |
| MB | Measurement Book |
| NOA | Notification of Award |
| OTM | Open Tendering Method |
| PCC | Particular Conditions of Contract |
| PPA-2006 | Public Procurement Act, 2006 |
| PPR-2008 | Public Procurement Rules-2008 |
| TEC | Tender Evaluation Committee |
| VAT | Value Added Tax |

৩—

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ০১ | মাটি ভরাট বাবদ বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত অর্থ পরিশোধে আর্থিক ক্ষতি। | ৪৬,৮৫,৩৫৬/- |
| ০২ | এমবি (মেজারমেন্ট বুক) ওভার রাইটিং করে কাজের পরিমাণ বৃদ্ধি দেখিয়ে বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | ১০,১২,২০০/- |
| ০৩ | নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন ও জমাদানে বিলম্ব করায় সরকারের রাজস্ব ক্ষতি যা দন্ডসুদসহ আদায়যোগ্য। | ১,৫৩,৯৭,৪৮৬/- |
| ০৪ | জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশ মোতাবেক নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় আর্থিক ক্ষতি, যা দন্ডসুদসহ আদায়যোগ্য। | ২,৩১,১০,৪৯৫/- |
| ০৫ | চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে আরোপযোগ্য লিকুইডিটি ড্যামেজ (এলডি) বাবদ টাকা আদায়'না করায় আর্থিক ক্ষতি। | ২৮,৫৬,০৭,৬১৪/- |
| ০৬ | বকেয়া বাড়ি ভাড়া বাবদ সরকারের রাজস্ব অনাদায়ী। | ৫৪,১৫,১২,৭৯৯/- |
| ০৭ | দরপত্রে সংশোধনযোগ্য ত্রুটি সংশোধন না করে ১ম সর্বনিম্ন দরদাতাকে নন রেসপন্সিভ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১,৩৭,৮২,৩৭০/- |
| | মোট= | ৮৮,৫১,০৮,৩২০/- |

কথায়: আটাশি কোটি একান্ন লক্ষ আট হাজার তিনশত বিশ টাকা।

অনুচ্ছেদ : ০১

**শিরোনাম: মাটি ভরাট বাবদ বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত অর্থ পরিশোধে ৪৬,৮৫,৩৫৬/- (ছেচল্লিশ লক্ষ পঁচাশি হাজার তিনশত ছাপান্ন) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ:

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরিশাল কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের হিসাব ২১/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। এতে দেখা যায় যে, মাটি ভরাট বাবদ বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত অর্থ পরিশোধে ৪৬,৮৫,৩৫৬/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[পরিশিষ্ট-০১ (পৃষ্ঠা-১)]**।

নিরীক্ষাকালে টেন্ডার সম্পর্কিত কাগজপত্র, কার্যাদেশ, NOA, ভেরিয়েশন, TEC এর মূল্যায়ন প্রতিবেদন, ভাউচার ও এমবি পর্যালোচনা করা হয়। TEC এর মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বরিশাল টেক্সটাইল ইন্সটিটিউট-২ কে শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টেক্সটাইল কলেজে উন্নীতকরণ প্রকল্পের মাটি ভরাট কাজে (সাইট ডেভেলপমেন্ট) দুটি বৈধ দরপত্র পাওয়া যায়। কাজটির প্রাক্কলিত মূল্য ৪০,৯৮,১০২/- টাকা। এর মধ্যে মেসার্স খান ব্রাদার্স ৯১.৪৬% উর্ধ্ব দরে ৭৮,৪৬,২৭৮/- টাকা দর প্রদান করে প্রথম সর্বনিম্ন দরদাতা হিসেবে নির্বাচিত হয়েছে। TEC মূল্যায়ন প্রতিবেদনে ৯১.৪৬% উর্ধ্ব দরে দর হওয়ায় তা পিপিআর-২০০৮ এর বিধি-৯৮(২৫) অনুযায়ী যাচাই বাছাই না করে শুধু মাত্র ১৮ কোটি টাকা অর্থ বরাদ্দ খরচের কথা উল্লেখ করে দরপত্র অনুমোদনের সুপারিশ করা হয়েছে। এক্ষেত্রে HOPE কর্তৃক দরপত্র অনুমোদন না করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী ৯১.৪৬% উর্ধ্বদর অস্বাভাবিক হলেও দরপত্র অনুমোদন করেছেন। মাটি ভরাট কাজটি জরুরি বলা হলেও কাজটি করতে সময় লেগেছে ০৭/১২/১৪ খ্রি. হতে ১২/০৬/১৭ খ্রি. পর্যন্ত (প্রায় ২ বছর ৬ মাস)। এক্ষেত্রে এত তাড়াহুড়া করে ৯১.৪৬% উর্ধ্বদরে দরপত্র অনুমোদন যথার্থ হয়নি। TEC কর্তৃক বাজার দর যাচাইয়ের কথা বলা হলেও বাজার দর যাচাইয়ের কোন প্রমাণক পাওয়া যায়নি।

বর্ণিত কাজের চুক্তিমূল্য ছিল ৭৮,৪৬,২৭৮ টাকা। কাজের ১ম ভেরিয়েশনে ১৪,৯৫,৩৯৫/- টাকা এবং ২য় ভেরিয়েশনে (১৯,৬১,৫৯৬.৮০+৪,৫৭,৯১৮.৫৯) = ২৪,১৯,৫১৫.৩৯ টাকা অনুমোদন করেছেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল জোন। ৫ম চলতি ও চূড়ান্ত বিলে পরিশোধ করা হয়েছে ১,১৭,৬১,২৯৭/- টাকা। এর মধ্যে মাটির মূল্য হিসাবে বিলে ঠিকাদারকে ১,০২,৬৫,৯০৩/- টাকা পরিশোধ করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২০) অনুযায়ী দরপত্রের কোন সুনির্দিষ্ট আইটেম এর ২৫% বৃদ্ধি পেলে এবং বৃদ্ধিপ্রাপ্ত মূল্য মোট কাজের চুক্তিমূল্যের ১% এর অধিক বৃদ্ধি পেলে উক্ত আইটেমের দর সমন্বয় করতে হবে। অতিরিক্ত কাজের ২য় ভেরিয়েশনে বাড়তি কাজের দর সমন্বয় করে প্রতি ঘন মিটার মাটির মূল্য ২৫০.৭০ টাকা করা হয়েছে। মাটি ভরাটের বিল অনুযায়ী ২২,২৫৯.৮৬ ঘ.মি. মাটি ভরাটের জন্য পরিশোধযোগ্য ২২,২৫৯.৮৬ ঘ.মি.× ২৫০.৭০ = ৫৫,৮০,৫৪৭/- টাকা। কিন্তু মোট মাটির মূল্য হিসাবে বিলে ঠিকাদারকে ১,০২,৬৫,৯০৩/- টাকা পরিশোধ করা হয়েছে। ফলে মাটি ভরাটের মূল্য বাবদ অতিরিক্ত পরিশোধ করায় সরকারের (১,০২,৬৫,৯০৩-৫৫,৮০,৫৪৭/-) = ৪৬,৮৫,৩৫৬/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে, যা আদায়যোগ্য।

অনিয়মের কারণ:

- পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২০) এর লঙ্ঘন।
- বাজার দর যাচাই না করা।
- প্রাক্কলিত মূল্য অপেক্ষা ৯১.৪৬% উর্ধ্বদরে দরপত্র অনুমোদন।
- Hope কর্তৃক উর্ধ্বদর ও বাজার দর যাচাই না করা।
- প্রকৃত কাজ অপেক্ষা অতিরিক্ত কাজের বিল পরিশোধ।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:

সর্বশেষ জবাবে জানান যে, পরপর তিনবার দরপত্র আহবান করার পরে ৯১.৪৬% এর উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করা হয়। বাস্তব অবস্থা বিবেচনা করে ৯১.৪৬% উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করা হয়। ইহাতে সরকারের কোন আর্থিক ক্ষতি হয়নি।

নিরীক্ষা মন্তব্য :

দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ৯১.৪৬% উর্ধ্বদর অস্বাভাবিক হলেও দরপত্র অনুমোদন করেছেন। এক্ষেত্রে পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২০) অনুসরণ করা হয়নি। প্রাক্কলন অপেক্ষা ৯১.৪৬% উর্ধ্বদর গ্রহণ ও অনুমোদন করা হয়েছে যা গুরুতর আর্থিক অনিয়ম।

নিরীক্ষার সুপারিশ :

আপত্তিকৃত অর্থ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায়পূর্বক সরকারি কোষগারে জমা করা আবশ্যক।

৪—

**শিরোনাম : এমবি (মেজারমেন্ট বুক) ওভার রাইটিং করে কাজের পরিমাণ বৃদ্ধি দেখিয়ে বিল পরিশোধ করায় সরকারের ১০,১২,২০০/- (দশ লক্ষ বারো হাজার দুইশত) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ:

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পটুয়াখালী কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের হিসাব ২১/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। এতে দেখা যায় যে, এমবি কাটাকাটি করতঃ কাজের পরিমাণ বৃদ্ধি করে বিল পরিশোধ করায় সরকারের ১০,১২,২০০/-টাকা আর্থিক ক্ষতি হয়েছে [পরিশিষ্ট-০২ (পৃষ্ঠা-২)]।

নিরীক্ষাকালে পটুয়াখালী চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ কাজের চলতি বিল/ভাউচার এবং মেজারমেন্ট বুক (এমবি) পর্যালোচনা করা হয়। এমবি (নং ৩১৭১, পাতা ১-১৩) যাচাইকালে দেখা যায়, আইটেম নং-৩০ (প্রোভাইডিং এন্ড মেকিং পয়েন্ট ওয়েল্ডিং) এ ১ম চলতি বিলে ৪৮,৮০০ ওয়েল্ডিং পয়েন্ট লিপিবদ্ধ আছে । ২য় চলতি বিলে ২,৪৪,৭২০ ওয়েল্ডিং পয়েন্ট এন্ট্রি করা হয়েছে। কিন্তু উক্ত এন্ট্রি কাটা হয়েছে এবং ওভার রাইটিং করে ৫,৮২,১২০ ওয়েল্ডিং পয়েন্ট ধরে বিল করা হয়েছে। এখানে দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তার স্বাক্ষর বা তারিখ নেই। ২,৪৪,৭২০ ওয়েল্ডিং পয়েন্ট ওভার রাইট করে অতিরিক্ত ওয়েল্ডিং পয়েন্ট (৫,৮২,১২০-২,৪৪,৭২০) বা ৩,৩৭,৪০০ এর মূল্য ৩/- টাকা হারে ৩,৩৭,৪০০× ৩ = ১০,১২,২০০/-টাকা ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে। সিপিডব্লিউ ''এ'' কোডের প্যারা ২০৯(এফ) এ উল্লেখ আছে যে, এমবি এর এন্ট্রি কাটাকাটি বা ওভার রাইট করা যাবে না। কোন এন্ট্রি ভুল হলে তা ক্রস করে দেখাতে হবে। ইনিশিয়াল এবং সাথে তারিখ দিতে হবে। তাছাড়া কেন এবং কোন কর্মকর্তার নির্দেশে সংশোধন করা হয়েছে তা উল্লেখ থাকতে হবে। বর্ণিত ক্ষেত্রে কোডাল বিধি উপেক্ষা করে এমবি ওভার রাইটিং করে কাজের পরিমাণ বৃদ্ধি দেখিয়ে বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ:

সিপিডব্লিউ ''এ'' কোডের প্যারা ২০৯(এফ) এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:

বর্ণিত প্রতিষ্ঠান সর্বশেষ জবাবে জানান যে, পটুয়াখালী চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট বিল্ডিং নির্মাণ কাজে পাইলের সংখ্যা ডিজাইন বিভাগ হতে বৃদ্ধি করার ফলে ওয়েল্ডিং পয়েন্টের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। যাহার ফলে উপ-সহকারী প্রকৌশলী নতুন ওয়েল্ডিং পয়েন্ট কাটাকাটি এবং অনুস্বাক্ষর করে বিল সংশোধন করেছেন। ইহাতে সরকারের কোন আর্থিক ক্ষতি হয়নি।

নিরীক্ষা মন্তব্য :

কোডাল বিধি উপেক্ষা করে এমবিতে ওভার রাইটিং করে অনিয়মিতভাবে বিল পরিশোধ করা হয়েছে যা গুরুতর আর্থিক অনিয়ম।

নিরীক্ষার সুপারিশ :

অতিরিক্ত অর্থ পরিশোধের জন্য দায়-দায়িত্ব নির্ধারণকরত: আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৩

**শিরোনাম: নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন ও জমাদানে বিলম্ব করায় সরকারের রাজস্ব ক্ষতি ১,২৯,৭৬,১৭৭/- (এক কোটি উনত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার একশত সাতাত্তর) টাকা, যা দন্ডসুদসহ আদায়যোগ্য ১,৫৩,৯৭,৪৮৬/- (এক কোটি তিপান্ন লক্ষ সাতানব্বই হাজার চারশত ছিয়াশি) টাকা।**

বিবরণ :

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন ২২টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের হিসাব ২১/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। এতে দেখা যায় যে, নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন ও জমাদানে বিলম্ব করায় সরকারের রাজস্ব ক্ষতি ১,২৯,৭৬,১৭৭/ টাকা, যা দন্ডসুদসহ আদায়যোগ্য ১,৫৩,৯৭,৪৮৬/- টাকা **[বিস্তারিত পরিশিষ্ট-৩ (১-২২) (পৃষ্ঠা-৩-২৫)]।**

নিরীক্ষাকালে চুক্তিপত্র, ক্যাশ বহি, ভাউচার, গার্ড ফাইল, আয়কর আদায় রেজিস্টার ও অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনা করা হয়। দেখা যায়, ঠিকাদারের বিল হতে জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও-২৫৭/আইন/আয়কর/২০১৭ তারিখ: ০১/০৮/২০১৭ খ্রি. অনুযায়ী নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন করা হয়েছে। কম হারে আয়কর কর্তন ও জমাদানে ব্যর্থতায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক প্রতিমাসে ২% হারে দন্ডসুদ আদায়যোগ্য। সে অনুযায়ী কম কর্তনকৃত আয়কর বাবদ ১,২৯,৭৬,১৭৭/- টাকা এবং নিরীক্ষাকালীন পর্যন্ত ২% হারে দন্ডসুদ বাবদ ২৪,২১,৩০৯/- টাকাসহ মোট ১,৫৩,৯৭,৪৮৬/- টাকা আদায়যোগ্য **[বিস্তারিত পরিশিষ্ট-৩ (১-২২) (পৃষ্ঠা-০৩-২৫)]।**

অনিয়মের কারণ:

জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও-২৫৭/আইন/আয়কর/২০১৭ তারিখ: ০১/০৮/২০১৭ খ্রি. এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ ধারা-৫৭ এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

- নির্বাহী প্রকোশলী, গণপূর্ত বিভাগ, মিরপুর, সর্বশেষ জবাবে জানান যে, পরিশোধিত বিল হতে সরকারি নিয়ম অনুযায়ী নির্ধারিত এবং ভিত্তি মূল্যের উপর ৬% হারে মোট ৭,৮০,০০০ টাকা আয়কর কর্তন করা হয়েছে। ফলে সরকারের রাজস্ব আদায় কম হয়নি।
- নির্বাহী প্রকোশলী, গণপূর্ত বিভাগ, শেরে বাংলা নগর-৩, ঢাকা সর্বশেষ জবাবে জানান যে, ঠিকাদারী প্রতিষ্ঠান মোঃ মিজানুর রহমান এর নিকট হতে ভুলবশত কম কর্তনকৃত আয়করের টাকা উক্ত প্রতিষ্ঠানের বিপরীতে অত্র দপ্তরে রক্ষিত জামানত হতে কর্তন করে ট্রান্সফার এন্ট্রির মাধ্যমে আয়কর খাতে জমা প্রদান করা হয়েছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৩ ও ৫, মতিঝিল, ঢাকা, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা, গণপূর্ত বিভাগ, জামালপুর, গণপূর্ত বিভাগ, মুন্সীগঞ্জ, গণপূর্ত বিভাগ, বরিশাল সর্বশেষ জবাবে জানান যে, কম কর্তনকৃত আয়করের টাকা ঠিকাদারের রক্ষিত জামানত হতে সমন্বয় করা হয়েছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, দিনাজপুর, কুড়িগ্রাম, গণপূর্ত বিভাগ, ই/এম-১ ও ৩, ঢাকা, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা, গণপূর্ত বিভাগ, নোয়াখালী, কুমিল্লা, গণপূর্ত বিভাগ-৩, চট্টগ্রাম, গণপূর্ত বিভাগ, খুলনা-২, গণপূর্ত বিভাগ, ঢাকা, গণপূর্ত বিভাগ, আজিমপুর, গণপূর্ত বিভাগ-১ ও ২, ঢাকা সর্বশেষ জবাবে জানান যে, কম কর্তনকৃত আয়কর ঠিকাদারের নিকট হতে আদায় করে অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য:

ঠিকাদারের বিল হতে আয়কর অধ্যাদেশ এবং জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও অনুযায়ী নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন করা হয়েছে। যা অনতিবিলম্বে আদায় করে সরকারি কোষাগারে জমা করতে হবে।

নিরীক্ষার সুপারিশ:

আপত্তিকৃত আয়কর ও দন্ডসুদ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ: ০৪

**শিরোনাম: জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশ মোতাবেক নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৯৫,৮০,৭৯০/- (এক কোটি পঁচানব্বই লক্ষ আশি হাজার সাতশত নব্বই) টাকা, যা দন্ডসুদসহ আদায়যোগ্য ২,৩১,১০,৪৯৫/- (দুই কোটি একত্রিশ লক্ষ দশ হাজার চারশত পঁচানব্বই) টাকা।**

বিবরণ :

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন পরিশিষ্টে বর্ণিত ২৯টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের হিসাব ২১/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। এতে দেখা যায় যে, ঠিকাদারকে বিল পরিশোধে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশ মোতাবেক নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৯৫,৮০,৭৯০/- টাকা, যা দন্ডসুদসহ আদায়যোগ্য ২,৩১,১০,৪৯৫/- টাকা **[বিস্তারিত পরিশিষ্ট-৪ (১-২৯) (পৃষ্ঠা-২৬-৭৯)]।**

নিরীক্ষাকালে চুক্তিপত্র, ক্যাশ বহি, ভাউচার, গার্ড ফাইল, আয়কর ও ভ্যাট রেজিস্টার ও অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনা করা হয়। জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-০৬/মূসক/২০১৮ তারিখ: ০৭/০৬/২০১৮ খ্রি. মোতাবেক নির্মাণ সংস্থার নিকট হতে ৭% হারে ভ্যাট কর্তন না করায় উক্ত আদেশবলে নিরীক্ষাকালীন পর্যন্ত ২% হারে দন্ডসুদ ৩৫,২৯,৭০৫/- টাকা এবং কম কর্তনকৃত ভ্যাট বাবদ ১,৯৫,৮০,৭৯০/- টাকা সহমোট ২,৩১,১০,৪৯৫/- টাকা আদায়যোগ্য।

অনিয়মের কারণ :

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-০৬/মূসক/২০১৮ তারিখ: ০৭/০৬/২০১৮ খ্রি. এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মুন্সীগঞ্জ, গণপূর্ত ই/এম বিভাগ ৬ ও ৭, গণপূর্ত বিভাগ মতিঝিল, কক্সবাজার, বরিশাল, কুষ্টিয়া, সর্বশেষ জবাবে জানান যে, কম কর্তনকৃত ভ্যাট সমন্বয় করা হয়েছে। দন্ডসুদ কর্তন/সমন্বয় প্রক্রিয়াধীন আছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-বান্দরবান সর্বশেষ জবাবে জানান যে ক্রমিক নং ০১ হতে ০৬ এর কম কর্তনকৃত ভ্যাট আদায় করা হয়েছে। ক্রমিক নং ৭ হতে ৯ এর কম কর্তনকৃত ভ্যাট আদায় চলমান রয়েছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, আজিমপুর, সিরাজগঞ্জ, রাজশাহী ১ ও ২, ই/এম বিভাগ ১, ২, ৩ ও ৮, ঢাকা, গণপূর্ত বিভাগ- ১, ও ৩, ঢাকা, মতিঝিল, সুনামগঞ্জ, সিলেট, রাঙ্গামাটি, নোয়াখালী ও গণপূর্তবিভাগ-৩ চট্টগ্রাম, কুমিল্লা, ভোলা, খুলনা-২, সাভার ও মানিকগঞ্জ সর্বশেষ জবাবে জানান যে, কম কর্তনকৃত ভ্যাটের টাকা আদায় করে অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য:

নির্মাণ সংস্থার নিকট হতে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অনুযায়ী ভ্যাট কর্তন না করায় সরকার রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। যা অনতিবিলম্বে আদায় করে সরকারি কোষাগারে জমা করতে হবে।

নিরীক্ষার সুপারিশ:

আপত্তিকৃত অর্থ দন্ডসুদসহ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৫

**শিরোনাম: চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ হওয়া সত্ত্বেও ঠিকাদারের নিকট হতে লিকুইডিটি ড্যামেজ বাবদ ২৮,৫৬,০৭,৬১৪/- (আটাশ কোটি ছাপ্পান্ন লক্ষ সাত হাজার ছয়শত চৌদ্দ) টাকা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।**

বিবরণ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন ২০টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের হিসাব ২১/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। এতে দেখা যায় যে, চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট থেকে লিকুইডিটি ড্যামেজ বাবদ অর্থ আদায় না করায় সরকারের ২৮,৫৬,০৭,৬১৪/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৫ (১-২০) (পৃষ্ঠা-৮০-১০২)]।**

নিরীক্ষাকালে কাজের টেন্ডার, সিএস, প্রাক্কলন, কার্যাদেশ, বিল-ভাউচারসমূহ, সময় বর্ধনের নথি, ও মাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করা হয়। দেখা যায় যে, চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলেও ঠিকাদারের নিকট থেকে লিকুইডিটি ড্যামেজ বাবদ জরিমানার অর্থ আদায় করা হয়নি।

পিপিআর-২০০৮এর বিধি ৩৯(২৭) এবং চুক্তি পত্রের পিসিসি-এর শর্ত ৭৩.১ মোতাবেক মূল চুক্তি মূল্যের সর্বোচ্চ ১০% হারে লিকুইডিটি ড্যামেজ বাবদ জরিমানার অর্থ আদায় করতে হবে। পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২৮) মোতাবেক বিলম্বের জন্য ক্ষতি পূরণের বিষয়ে ঠিকাদারকে অব্যাহতি প্রদান করা যাবে না। কিন্তু আলোচ্য ক্ষেত্রে উক্ত বিধি যথাযথভাবে পরিপালন না করায় সরকারের ২৮,৫৬,০৭,৬১৪ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

অনিয়মের কারণ:

- পিপিআর-২০০৮ বিধি ৩৯(২৭), বিধি ৩৯(২৮) ও চুক্তি পত্রের পিসিসি-এর শর্ত ৭৩.১ এর লঙ্ঘন।
- পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(৪) অনুযায়ী ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত কার্য সমাপ্তির সময় বর্ধিত করণের জন্য আবেদন প্রাপ্তির ২১ দিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ বাধ্যতামূলক হলেও অদ্যাবধি সময় পর্যন্ত উক্ত বিষয়ে কোন জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়নগঞ্জ সর্বশেষ জবাবে জানান যে, সংশ্লিষ্ট কাজটি সম্পাদনের জন্য অনুমোদিত সময় ছিল ৭৩০ দিন। কিন্তু উক্ত সময়ে কাজ সম্পাদন করতে না পারার দরুণ ঠিকাদার কর্তৃক প্রথম কিস্তিতে ৯৮৪ দিন এবং ২য় কিস্তিতে ৫৪৯ দিনের বর্ধিত সময়ের আবেদনপত্রের বিবৃত কারণ উল্লেখপূর্বক বর্ধিত সময় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা কর্তৃক জরিমানা আরোপ ব্যতিতই মঞ্জুর করা হয়।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ই/এম বিভাগ-২ ঢাকা, কক্সবাজার, বি-বাড়িয়া, গণপূর্ত বিভাগ ৪, ঢাকা, গণপূর্ত বিভাগ-৩ ও ৪, চট্টগ্রাম, মানিকগঞ্জ ও লালমনিরহাট সর্বশেষ জবাবে জানান যে, যথাসময়ে কার্য সম্পাদিত না হওয়াতে ঠিকাদারের সময় বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে অতিরিক্ত প্রধান প্রকৌশলী সময় বৃদ্ধির আবেদন মঞ্জুর করেন।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর, সিলেট, নোয়াখালী, গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম, পটুয়াখালী, ভোলা, গোপালগঞ্জ, গণপূর্ত বিভাগ-১ ও ৩, ঢাকা, গণপূর্ত বিভাগ ই/এম কারখানা বিভাগ, ঢাকা, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জ সর্বশেষ জবাবে জানান যে, সংশ্লিষ্ট ঠিকাদারের সময় বর্ধনের আবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে অডিটকে জানানো হবে।

নিরীক্ষা মন্তব্য :

চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলেও ঠিকাদারের নিকট থেকে লিকুইডিটি ড্যামেজ বাবদ জরিমানার অর্থ আদায় করা হয়নি। চুক্তিপত্রের শর্ত এবং পিপিআর-২০০৮ অনুযায়ী লিকুইডিটি ড্যামেজ বাবদ জরিমানা আদায় করতে হবে।

নিরীক্ষার সুপারিশ :

চুক্তিপত্রের শর্ত মোতাবেক যথাসময়ে কার্যসম্পাদনে ব্যর্থতার জন্য ঠিকাদারের নিকট হতে লিকুইডিটি ড্যামেজ বাবদ জরিমানার অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৬

**শিরোনাম: বকেয়া বাড়ি ভাড়া বাবদ ৫৪,১৫,১২,৭৯৯/- ( চুয়ান্ন কোটি পনের লক্ষ বার হাজার সাতশত নিরানব্বই) টাকা সরকারের রাজস্ব অনাদায়ী।**

বিবরণ :

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ,ঢাকা এবং গণপূর্ত বিভাগ-২, খুলনা, কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের হিসাব ২১/০১/২০১৯ হতে ৩০/০৪/২০১৯ খ্রি. পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়েছে। এতে দেখা যায় যে, বকেয়া বাড়ি ভাড়া যথাসময়ে আদায় না করায় ৫৪,১৫,১২,৭৯৯/- টাকা অনাদায়ী রয়েছে [বিস্তারিত পরিশিষ্ট ৬/১-২ (পৃষ্ঠা-১০৩-১০৫)]।

নিরীক্ষাকালে বাড়ি ভাড়া/মূল্য আদায়ের বিবরণীসহ অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা কার্যালয় নিরীক্ষাকালে দেখা যায়, ১৯৭২ সাল হতে জুন/২০১৮ খ্রি. মাস পর্যন্ত সংরক্ষিত ও বিক্রয়কৃত বাড়ির ভাড়া বাবদ ১২৯,৪৬,৬৪,৬৭২/- টাকার মধ্যে জুন/২০১৮ মাস পর্যন্ত আদায় করা হয়েছে ৮৮,৫৩,৩৫,৭৭৪/- টাকা। ফলে বকেয়া ভাড়া বাবদ অনাদায়ী রয়েছে ৪০,৯৩,২৮,৮৯৮/- টাকা। তাছাড়া এ সংক্রান্ত ৩৬৮টি মামলায় জড়িত টাকার পরিমাণ ১৪,৬৬,৩৪,০৯৯/-, এর মধ্যে ১,৬৮,৪৮,৫৪২/- টাকা আদায় হলেও অদ্যাবধি অনাদায়ী রয়েছে (১৪,৬৬,৩৪,০৯৯/- - ১,৬৮,৪৮,৫৪২/-) = ১২,৯৭,৮৫,৫৫৭/- টাকা। মামলা নিষ্পত্তির যথাযথ কার্যকরী আইনি পদক্ষেপ গ্রহণ না করায় বিপুল পরিমাণ অর্থ অনাদায়ি রয়েছে। ফলে বর্ণিত কার্যালয়ে বকেয়া ভাড়া বাবদ অনাদায়ী এবং আদালতে মামলা চলমান থাকায় অনাদায়ী বাবদ মোট (৪০,৯৩,২৮,৮৯৮/- + ১২,৯৭,৮৫,৫৫৭/-) বা ৫৩,৯১,১৪,৪৫৫/- টাকা রাজস্ব প্রাপ্তি হতে সরকার বঞ্চিত হচ্ছে। অপরদিকে, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ-২, খুলনা কার্যালয়ের আওতাধীন বিভিন্ন এলাকায় পরিত্যক্ত বাড়ি বরাদ্দ প্রাপ্তদের নিকট হতে বকেয়া ভাড়া বাবদ ২৩,৯৮,৩৪৪/- টাকা অনাদায়ী রয়েছে। বর্ণিত দু'টি কার্যালয়ে সংশ্লিষ্ট বকেয়া ভাড়া বাবদ মোট ৫৪,১৫,১২,৭৯৯/- টাকা রাজস্ব অনাদায়ী রয়েছে।

অনিয়মের কারণ :

বকেয়া ভাড়া আদায়ের জন্য কর্তৃপক্ষ কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:

সর্বশেষ জবাবে জানান যে, বকেয়া বাড়ি ভাড়া আদায়ের কাজ চলমান রয়েছে। মামলাজনিত কারণে বিঘ্নিত হচ্ছে।

নিরীক্ষা মন্তব্য :

পরিত্যক্ত বাড়ির বকেয়া ভাড়া আদায় না করায় বিপুল পরিমাণ অর্থ অনাদায়ী থাকায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে।

নিরীক্ষার সুপারিশ :

বকেয়া বাড়ি ভাড়া আদায় করত সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৭

**শিরোনাম: দরপত্রে সংশোধনযোগ্য ত্রুটি সংশোধন না করে ১ম সর্বনিম্ন দরদাতাকে নন-রেসপন্সিভ করায় সরকারের ১,৩৭,৮২,৩৭০/- (এক কোটি সাঁইত্রিশ লক্ষ বিরাশি হাজার তিনশত সত্তর) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ:

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরিশাল কার্যালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের হিসাব ২১/০১/২০১৯ খ্রি. হতে ৩০/০৪/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষাকালে দেখা যায় পিপিআর-২০০৮ উপেক্ষা করে সংশোধনযোগ্য ত্রুটি থাকা সত্ত্বেও ১ম সর্বনিম্ন দরদাতাকে নন-রেসপন্সিভ করায় সরকারের ১,৩৭,৮২,৩৭০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[পরিশিষ্ট-০৭ (পৃষ্ঠা-১০৬)]।**

নিরীক্ষাকালে দরপত্র, প্রাক্কলন, চুক্তি পত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, ১ম সর্বনিম্ন দরদাতাকে দরপত্র মূল্যায়ন কমিটি শুধুমাত্র Liquid Asset দাখিল না করার কারণে নন-রেসপন্সিভ করেন। নন-রেসপন্সিভকৃত ঠিকাদার খান বিল্ডার্সের প্রদত্ত দর ছিলো ৬,৭৮,০০,৬৬১/- টাকা এবং রেসপন্সিভ দরদাতা NH-SC(JV) এর মূল্যায়িত দর ছিল ৮,১৫,৮৩,০৩১/- টাকা। সামান্যতম ত্রুটি সংশোধন করা হলে ৮,১৫,৮৩,০৩১-৬,৭৮,০০,৬৬১ = ১,৩৭,৮২,৩৭০/- টাকা কম মূল্যে চুক্তিটি করা যেত। জিএফআর-১০ অনুযায়ী যোগ্যতা থাকা সত্ত্বেও পূর্ব কাজের অভিজ্ঞতা সম্পন্ন একজন ঠিকাদারকে সংশোধনযোগ্য সামান্য ক্রুটির কারণে বাদ দিয়ে একটি বিশেষ সম্প্রদায়কে সুবিধা দেয়ার উদ্দেশ্যে আনুকূল্য প্রদর্শনের মাধ্যমে উক্ত কাজ সম্পাদন করায় আর্থিক ক্ষতি হয়েছে।

পিপিআর-২০০৮ এর বিধি ৯৮(৭) (ক) মোতাবেক দরপত্র মূল্যায়ন কমিটি কোন,দরপত্রকে গ্রহণযোগ্য হিসাবে বিবেচনা করতে পারবে যদি, দরপত্র দলিলে উল্লেখিত কারিগরি বিনির্দেশ বৈশিষ্ট্য এবং বাণিজ্যিক বা অন্য কোন শর্তের অর্থবহ পরিবর্তন হবে না এমন গৌণ বা কম গুরুত্বপূর্ণ বিচ্যুতি থাকে এবং উক্তরূপ বিচ্যুতি যথাসম্ভব আর্থিকভাবে পরিমাপ করতে হবে; অপরদিকে পিপিআর-২০০৮ এর বিধি ৯৮(৭)(খ) অনুযায়ী কোন ত্রুটি বা অসাবধানতাজনিত ভুল থাকে যা পরবর্তীতে সংশোধন করা হলেও দরপত্রের মূল উদ্দেশ্য পরিবর্তন হবে না। এক্ষেত্রে বিষয়টিকে সংশোধনযোগ্য ত্রুটি বিবেচনা করে ঠিকাদারকে Liquid Asset দাখিলের সুযোগ দেয়া হলে ১,৩৭,৮২,৩৭০/- টাকা কম মূল্যে চুক্তি করা যেত।

অনিয়মের কারণ:

পিপিআর-২০০৮ এর বিধি ৯৮(৭) (ক) ও ৯৮(৭)(খ) লঙ্ঘন করা হয়েছে।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:

সর্বশেষ জবাবে জানান যে, সর্বনিম্ন দরদাতার দরপত্রের সাথে Liquid Asset জমা না দেয়ায় নন-রেসপন্সিভ করা হয়। পরবর্তী নিম্ন দরদাতাকে নিয়ম মোতাবেক TEC সুপারিশ করলে কার্যাদেশ দেয়া হয়।

নিরীক্ষা মন্তব্য :

সংশ্লিষ্ট ঠিকাদার খান বিল্ডার্স ইতোপূর্বে এ ধরনের কার্যাদেশ প্রাপ্ত হয়ে অত্র বিভাগের ৯,৪২,৯৭,৪১০/- টাকার কাজ বাস্তবায়ন করেছে। এক্ষেত্রে ঠিকাদারকে Liquid Asset জমাদানের সুযোগ দেয়া যেত। এতে ১,৩৭,৮২,৩৭০/- টাকা কম মূল্যে চুক্তি করা যেত। ফলে সরকারি অর্থের সাশ্রয় হতো।

নিরীক্ষার সুপারিশ :

সরকারি অর্থের অপচয় হওয়ায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

স্বাক্ষরিত

তারিখ : ১৫/০২/১৪২৯ বঙ্গাব্দ / ২৯/০৫/২০২২ খ্রিষ্টাব্দ।

মহাপরিচালক
পূর্ত অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা

বাঃসঃমু-২০২১–২২,২৬৪৫এ—৭১৫ বই, ২০২২ খ্রিঃ।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর

# বার্ষিক অডিট রিপোর্ট

## রিপোর্টের সন : ২০১৭-২০১৮

## প্রথম খণ্ড

### গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

অর্থ বৎসর : ২০১৪-২০১৫ হতে ২০১৬-২০১৭

## গৃহায়ন ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ এবং দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | মুখবন্ধ | - |
| ০২ | প্রথম অধ্যায় | ১ |
| | অডিট অনুচ্ছেদের সার সংক্ষেপ | ৩ |
| | অডিট বিষয়ক তথ্য | ৫ |
| | ম্যানেজমেন্ট ইস্যু | ৭ |
| | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৭ |
| | অডিটের সুপারিশ | ৭ |
| ০৩ | দ্বিতীয় অধ্যায় (অডিট অনুচ্ছেদসমূহ) | ৯—৩৭ |
| ০৪ | মহাপরিচালকের স্বাক্ষর | ৩৭ |
| ০৫ | অনুচ্ছেদভিত্তিক পরিশিষ্ট | দ্বিতীয় খণ্ড |

## অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নং | শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | কাজ বাতিল হওয়া সত্ত্বেও ব্যর্থ ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত। | ১৫,৬৭,৭২,১৪০ |
| ২ | চুক্তি মোতাবেক ঠিকাদার কর্তৃক সিসিটিভি/ক্যামেরা স্থাপন না করা সত্ত্বেও অনিয়মিতভাবে ঠিকাদারকে চুক্তিতে বর্ণিত কাজের চূড়ান্ত বিল পরিশোধ। | ১,৫১,৩৮,৫৬০ |
| ৩ | ২৯-০৬-২০১৬ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করে বাস্তবে কার্যসম্পাদন না হওয়া সত্ত্বেও ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩,৭৭,২৩,৭৩৩ |
| ৪ | ঢাকাস্থ মতিঝিল এলাকায় প্লট নং-৯১ এর শিল্প ভবনের নীচ তলায় অবস্থিত সোনালী ব্যাংক লিঃ শিল্প ভবন কর্পোরেট শাখার নিকট বকেয়া ভাড়া বাবদ সরকারি রাজস্ব অনাদায়ী। | ৩,৫৩,২০,১১৩ |
| ৫ | নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারগণের নিকট হতে জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৯,৬৮,৬৯,৯৯৩ |
| ৬ | বাস্তবে কাজ সম্পাদন না হওয়া সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করায় ক্ষতি। | ১,৩৭,১৭,৭১২ |
| ৭ | Cast in situ pile এর প্রকৃত পরিমাপ অপেক্ষা অতিরিক্ত পরিমাপের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩৩,২৬,১০০ |
| ৮ | কাঠের কারখানা স্থাপনের উদ্দেশ্য বাস্তবায়ন ছাড়াই উৎপাদন শূন্য হওয়া সত্ত্বেও বৎসর ভিত্তিক সরকারি অর্থের অপচয়। | ৪,৮৯,৭২,৭৭১ |
| ৯ | প্রয়োজন না থাকা সত্ত্বেও অতিরিক্ত জনবল বাবদ সরকারি অর্থের অপচয়। | ৮৭,০০,০০০ |
| ১০ | কাজ শুরুর পূর্বে তামাদি এড়ানোর লক্ষ্যে কাল্পনিক বিল বাবদ ঠিকাদারকে অনিয়মিতভাবে অগ্রিম পরিশোধ। | ৪,৫৮,৬৯,৮০১ |
| ১১ | টিইসি কর্তৃক প্রথম সর্বনিম্ন দরদাতাকে দ্বিতীয় এবং দ্বিতীয় সর্বনিম্ন দরদাতাকে প্রথম সর্বনিম্ন দরদাতা হিসাবে মূল্যায়ন করে কার্যাদেশ প্রদানের ফলে সরকারের আর্থিক ক্ষতি। | ৪,০৮,৩২,৮৩৮ |
| ১২ | Responsive দরদাতাকে কার্যাদেশ প্রদান না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৬০,৩৬,৫৬৫ |
| ১৩ | পুনঃ দরপত্র আহ্বান না করে একমাত্র বৈধ দরদাতার প্রদত্ত দরের গাণিতিক শুদ্ধতার ফলে উর্দ্ধদরে দরপত্র অনুমোদন। | ২,০৮,২৩,৩৮৬ |
| ১৪ | সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ ব্যতিরেকে অনিয়মিতভাবে পরিশোধ। | ৬৫,৬১,৮৪৮ |
| ১৫ | আরডিপিপি মূল্য অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধে অনিয়মিতভাবে ব্যয় করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৫,০৫,২৪,০০০ |
| | সর্বমোট = | ৫৮,৭১,৮৯,৫৬০ |

(আটান্ন কোটি একাত্তর লক্ষ উননব্বই হাজার পাঁচশত ষাট টাকা)

# অডিট বিষয়ক তথ্য :

| নিরীক্ষা অর্থ বছর : | ২০১৪-২০১৫ হতে ২০১৬-২০১৭ |
|---|---|
| নিরীক্ষিত প্রতিষ্ঠান | ১. নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১, ঢাকা। |
| | ২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, ঢাকা। |
| | ৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা। |
| | ৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত সম্পদ বিভাগ, ঢাকা। |
| | ৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত কাঠের কারখানা বিভাগ, ঢাকা। |
| | ৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-৩, ঢাকা। |
| | ৭. নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা। |
| | ৮. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৪, ঢাকা। |
| | ৯. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কিশোরগঞ্জ। |
| | ১০. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা। |
| | ১১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া। |
| | ১২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম। |
| | ১৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা। |
| | ১৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মাগুরা। |
| | ১৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ। |
| | ১৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা। |
| | ১৭. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, ঢাকা। |
| | ১৮. নির্বাহী প্রকৌশলী, গণপূত বিভাগ, ফরিদপুর। |
| | ১৯. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা। |
| | ২০. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম। |

নিরীক্ষার প্রকৃতি : নিয়মানুগ নিরীক্ষা।

নিরীক্ষার সময় : ০৯-০৯-২০১৫ খ্রিঃ হতে ১৫-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত।

নিরীক্ষা পদ্ধতি : স্থানীয়ভাবে যাচাই ও বিশ্লেষণ।

অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান : মোঃ সাইফুর রহমান, মহাপরিচালক, গৃহায়ন ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর।

## ম্যানেজমেন্ট ইস্যু :

- সম্পাদিত কাজের তুলনায় অতিরিক্ত অর্থ পরিশোধ।
- সরকারের রাজস্ব আদায়ে ব্যর্থতা।
- বাস্তবে কাজ সম্পাদন না করেই বিল পরিশোধ।
- প্রশাসনিক দক্ষতার অভাব।
- পিপিআর-২০০৮ এর বিধি-বিধান উপেক্ষা করা।
- জিএফআর বিধি-বিধান লঙ্ঘন।
- আর্থিক ক্ষমতা ও বিধি-বিধান লঙ্ঘন।

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ :

- সম্পাদিত কাজের তুলনায় অতিরিক্ত অর্থ পরিশোধ করার প্রবণতা।
- বাস্তবে কাজ সম্পাদন না করেই বিল পরিশোধের প্রবণতা।
- সরকারের রাজস্ব আদায়ে পদক্ষেপ গ্রহণ না করা।
- কোডাল ও আর্থিক বিধি -বিধান যথাযথভাবে পরিপালন না করা।
- অর্থ আদায় ও কর্তন সংক্রান্ত দায়িত্ব পালনে কার্যকর পদক্ষেপ গ্রহণ না করা।
- পিপিআর-২০০৮ এর বিধি-বিধান পরিপালন না করা।
- জিএফআর বিধি-বিধান পরিপালন না করা।
- আর্থিক ক্ষমতা ও বিধি-বিধান উপেক্ষা করা।

## অডিটের সুপারিশ :

- প্রতিবেদনে/রিপোর্টে অন্তর্ভুক্ত সকল অনিয়মের জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে অনুচ্ছেদে জড়িত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদানপুর্বক প্রমাণকসহ নিরীক্ষা অধিদপ্তরকে অবহিত করা এবং প্রযোজ্য ক্ষেত্রে অনিয়মিত ব্যয় নিয়মিতকরণ।
- অনুচ্ছেদসমূহ নিরসনে উর্ধ্বতন কর্তৃপক্ষের সময়ানুগ হস্তক্ষেপ নিশ্চিতকরণ।
- আর্থিক বিধি-বিধান এবং প্রশাসনিক আদেশ কঠোরভাবে প্রতিপালন নিশ্চিতকরণে কর্তৃপক্ষের তদারকি গতিশীল করা।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতাসমূহ চিহ্নিতকরণপূর্বক তা নিরসনকল্পে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।
- ঠিকাদারী বিল পরিশোধের ক্ষেত্রে সরকারি নির্দেশ যথাযথভাবে পরিপালন করা।
- পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করা।
- সরকারের রাজস্ব আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
- সরকারি অর্থ ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করে প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করা প্রয়োজন।

# দ্বিতীয় অধ্যায়

## (অডিট অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ : ০১

শিরোনাম : কাজ বাতিল হওয়া সত্ত্বেও ব্যর্থ ঠিকাদারের ১৫,৬৭,৭২,১৪০ (পনের কোটি সাতষট্টি লক্ষ বাহাত্তর হাজার একশত চল্লিশ) টাকার পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা; তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর কার্যালয়ের ২০১২-১৩ হতে ২০১৪-১৫ অর্থ বছরের হিসাব ০৪-১২-২০১৫ খ্রিঃ হতে ২৯-০২-২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে কাজের প্রাক্কলন, চুক্তিপত্র, ক্রয় পরিকল্পনা, অগ্রগতি প্রতিবেদন ও দরপত্র সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- কাজ বাতিল হওয়া সত্ত্বেও ব্যর্থ ঠিকাদারের ১৫,৬৭,৭২,১৪০ (পনের কোটি সাতষট্টি লক্ষ বাহাত্তর হাজার একশত চল্লিশ) টাকার পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে [বিস্তারিতঃ পরিশিষ্ট-০১(১-৩), (পৃঃ ১-৪)]।

- নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা কার্যালয় কর্তৃক ঠিকাদার চুক্তি মোতাবেক ঠিকাদার ইনা ডিডিজের কাজ সম্পাদন না করায় কার্যাদেশ বাতিল করা হলেও পারফরমেন্স সিকিউরিটি বাবদ ৭,২৫,৬৩,৭০০ টাকা বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা করা হয়নি। চুক্তি মোতাবেক ৩০ মাসের মধ্যে কাজ সম্পাদনের উল্লেখ থাকলেও কাজ বন্ধ রাখায় ৩০ মাসের কাজের অগ্রগতি ৩.৫৪% হওয়ায় কার্যাদেশ বাতিল করা হয়। কার্যাদেশ বাতিল করার পর অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্তৃক ০৪-০৩-১৯১৪ খ্রিঃ তারিখের স্মারক নং-সি-২৮০/৭৬৪(১) এর মাধ্যমে নির্বাহী প্রকৌশলীকে পারফরমেন্স সিকিউরিটি হিসাবে প্রাপ্ত সংশ্লিষ্ট ঠিকাদারের ব্যাংক গ্যারান্টি নগদায়ন করতে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি তা করা হয়নি।

- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা কার্যালয়ের পরিশিষ্ট-৪(২) তে বর্ণিত ঠিকাদার ইনা ডিডিজের ১ নং কাজটির ক্ষেত্রে ৫.৮৪% ভৌত অগ্রগতি সম্পন্নের পর কাজটির কার্যাদেশ বাতিল করা হয় এবং পরিশিষ্টে বর্ণিত ২ ও ৩ নং কাজটি যথাক্রমে ৩০-১১-২০১৪ খ্রিঃ এবং ৩১-১০-২০১৪ খ্রিঃ তারিখে সমাপ্ত হওয়ার কথা থাকলেও বর্তমানে জুন/২০১৫ পর্যন্ত কাজটি বন্ধ রাখা হয়েছে। কার্যাদেশ বাতিল হওয়া সত্ত্বেও এবং ঠিকাদার কর্তৃক কাজ বন্ধ রাখা হলেও ব্যর্থ ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকার ৭,৩৭,৫৬,৯০০ টাকা রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে।

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর কার্যালয়ের অধীন বাংলাদেশের ৬৪ জেলা সদরে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ প্রকল্পের আওতায় ফরিদপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ কাজের ঠিকাদার মোঃ ওয়াহেদ মিয়া (জেভি) নির্ধারিত তারিখের ২৮ মাস ২৮ দিন অতিক্রম হওয়ার পর বাকী কাজ করতে অপারগতা প্রকাশ করে পত্র দেওয়া সত্ত্বেও অর্থাৎ কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারের কার্যাদেশ বাতিল ও কার্যসম্পাদন জামানত (পারফরমেন্স গ্যারান্টি) বাজেয়াপ্ত না করায় সরকার ১,০৪,৫১,৫৪০ টাকা রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির শর্ত জিসিসি ৭৩.৩ মোতাবেক কার্যাদেশ বাতিল ও কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্ত করতে হবে।

- তিনটি প্রতিষ্ঠানে কাজ বাতিল হওয়া সত্ত্বেও ব্যর্থ ঠিকাদারের নিকট হতে ৭,২৫,৬৩,৭০০+৭,৩৭,৫৬,৯০০+১,০৪,৫১,৫৪০ =১৫,৬৭,৭২,১৪০ (পনের কোটি সাতষট্টি লক্ষ বাহাত্তর হাজার একশত চল্লিশ) টাকার পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে।



৩—

অনিয়মের কারণ :

- পিপিআর/২০০৮ এর বিধি ২৭ (৫) এবং দরপত্রের শর্তাবলীর জিসিসি-৮৭ অনুযায়ী ঠিকাদার ২৮ দিনের অধিক সম[illegible] কাজ বন্ধ রাখলে পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করতে হবে। প্রত্যাশিত কাজ সমাপ্তির তারিখের পর পর্যন্ত পারফরমেন্স সিকিউরিটি বৈধ থাকবে, কাজ সম্পাদন না করলে ২৮ দিন পর উহা বাজেয়াপ্ত করতে হবে কিন্তু এক্ষেত্রে তা করা হয়নি।
- ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির শর্ত জিসিসি ৭৩.৩ মোতাবেক কার্যাদেশ বাতিল ও কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্ত করতে হবে।
- সিপিডব্লিউ 'এ' কোড এর বিধি-১৭৭(এ) মোতাবেক যথাসময়ে সরকারি রাজস্ব আদায় করা বিভাগীয় প্রধানের দায়িত্ব।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- **নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা :** নথিপত্র পর্যালোচনা করে পরবর্তীতে অডিটকে জানানো হবে।
- **তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা :** সংশ্লিষ্ট বিভাগ হতে নথি/তথ্যাদি সংগ্রহ ও যাচাইপূর্বক জবাব প্রদান করা হবে।
- **নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর :** ব্যয় বৃদ্ধির কারণে ঠিকাদার ১ম ও ২য় তলার ছাদ ঢালাই করার পর কাজ বন্ধ করে দেয় এবং এ অবস্থায় কাজ না করার জন্য পত্র দেয়। প্রায় ১(এক) বছর কাজ বন্ধ থাকার পর অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা জোন এর সভাপতিত্বে আলোচনায় ঠিকাদারের দাখিলকৃত দর অর্থাৎ দরপত্র মূল্যায়ন কমিটির অনুমোদিত টাকায় কাজ করার জন্য সিদ্ধান্ত হয়। ঠিকাদার সে মোতাবেক কাজ পুনরায় শুরু করেন। বর্তমানে কাজ চলছে। ফলে কার্যাদেশ বাতিলের সুযোগ নেই।

নিরীক্ষা মন্তব্য :

- **নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা :** নথিপত্র পর্যালোচনা করে পরবর্তীতে জানানোর কথা বলা হলেও দীর্ঘ ০৩ বছর ৩ মাস পরেও কোন অগ্রগতি নিরীক্ষাকে জানানো হয়নি।
- **তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা :** নথিপত্র পর্যালোচনা করে পরবর্তীতে জানানোর কথা বলা হলেও দীর্ঘ ০৩ বছর ৩ মাস পরেও কোন অগ্রগতি নিরীক্ষাকে জানানো হয়নি।
- **নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর :** জবার স্বীকৃতিমূলক, তবে আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। চুক্তি মোতাবেক কার্যসম্পাদনের নির্ধারিত তারিখের পরে প্রায় ২ বৎসর ৫ মাস অতিবাহিত হলেও এবং ঠিকাদার কর্তৃক বাকি কাজ করতে অপারগতা প্রকাশ করে লিখিতপত্র প্রদান করা সত্ত্বেও ঠিকাদারের কার্যাদেশ বাতিলসহ কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্ত না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। তাছাড়া জবাব মোতাবেক ঠিকাদার দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অনুমোদিত টাকায় কাজ চলমান থাকা সংক্রান্ত কোন প্রমাণক পাওয়া যায়নি।
- উক্ত অনিয়মের বিষয়ে ০৮-০৩-২০১৬ খ্রিঃ হতে ১৮-০৮-২০১৬ খ্রিঃ তারিখে সচিব মহোদয় বরাবরে অগ্রিম জারি করা হয়। পরবর্তীতে ১৫-০৫-২০১৬ খ্রিঃ হতে ৩০-১০-২০১৬ খ্রিঃ তারিখে তাগিদপত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ২৯-০৬-২০১৬ খ্রিঃ হতে ০৫-০৪-২০১৭ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র জারি করা হয়। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা কার্যালয় দ্বয়ের কোন নিষ্পত্তিমূলক জবাব অদ্যাবধি পাওয়া যায়নি। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর কার্যালয়ের প্রাপ্ত জবাব সন্তোষজনক না হওয়ায় দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আপত্তিকৃত টাকা আদায় করে অডিটকে অবহিত করার জন্য ১৮-০৪-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। অতঃপর [illegible]লয় হতে অদ্যাবধি কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- পিপিআর-২০০৮ এর বিধি ২৭(৫) ও জিসিসির-৮৭ ও ৭৩.৩ এর শর্তানুযায়ী বাতিলকৃত কাজের পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে সমূদয় টাকা সরকারি কোষাগারে জমা করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০২

শিরোনাম : চুক্তি মোতাবেক ঠিকাদার কর্তৃক সিসিটিভি/ক্যামেরা স্থাপন না করা সত্ত্বেও অনিয়মিতভাবে ঠিকাদারকে চুক্তিতে বর্ণিত কাজের ১,৫১,৩৮,৫৬০ (এক কোটি একান্ন লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকার চূড়ান্ত বিল পরিশোধ।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা এবং গণপূর্ত বিভাগ, মাগুরা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ১৬-১০-২০১৬ খ্রিঃ হতে ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষা কালে সরবরাহকৃত নথিপত্র, দরপত্র বিজ্ঞপ্তি, প্রাক্কলন, চুক্তি, বিল-ভাউচার ও প্রাসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- চুক্তি মোতাবেক ঠিকাদার কর্তৃক সিসিটিভি/ক্যামেরা স্থাপন না করা সত্ত্বেও অনিয়মিতভাবে ঠিকাদারকে চুক্তিতে বর্ণিত কাজের ১,৫১,৩৮,৫৬০ (এক কোটি একান্ন লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকার চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-০২(১-২), (পৃঃ ০৫-০৭)]।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা কার্যালয়ের পরিশিষ্টে বর্ণিত কাজসমূহের চুক্তি অনুযায়ী ৩টি ১৬ চ্যানেল বিশিষ্ট ডিভিআর, ১২টি পিটিজেড ক্লোজ সার্কিট ক্যামেরা, ০৩টি ডিসপ্লে মনিটর, ১০টি ডে নাইট ভিশন ক্যামেরা, ক্যাবল ব্রাকেট, পাওয়ার ক্যাবল, পাওয়ার সোর্স, ওয়াটার প্রুফ আই পি-৬৬ সহ আরো অন্যান্য মালামাল চুক্তিতে বর্ণিত স্ট্যান্ডার্ড মোতাবেক সরবরাহ ও স্থাপনের জন্য একই দিনে একই তারিখে একজন ঠিকাদারকে দিয়ে একই ধরনের আইটেমের জন্য ৩টি কার্যাদেশ দেয়া হয়। উপ-বিভাগীয় প্রকৌশলীর পত্র স্মারক নং- ৩৫০২ তারিখ : ১৪-০৬-২০১৬ খ্রিঃ এবং ৩৫০৭, ৩৫০৮ তারিখঃ ১৫-০৬-২০১৬ খ্রিঃ হতে দেখা যায় কাজগুলো অসমাপ্ত। অথচ চুক্তি মোতাবেক ঠিকাদারকে ১,১৮,৮১,২৩৫ টাকা চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে। উক্ত পত্রের সূত্র মোতাবেক ২০-১০-২০১৬ খ্রিঃ সরেজমিনে সাভার স্মৃতি সৌধে গিয়ে দেখা যায় কোন পোলে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা নাই। পরে দায়িত্বে কর্মরত এস,এ,ই জনাব জাহিদকে জিজ্ঞাসা করে জানা যায় উক্ত মালামালগুলি তালাচাবিবদ্ধ একটি কক্ষে কার্টুনের ভিতরে প্যাকেটজাত অবস্থায় রাখা হয়েছে। তার কাছে উক্ত মালামাল বুঝিয়ে নেওয়ার স্টক রেজিস্টার চাইলে তা দেখাতে পারেননি। পরবর্তীতে মালামালগুলি প্যাকেটজাত অবস্থায় পাওয়া গিয়েছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মাগুরা কার্যালয়ের অধীন টিটিসি ভবনের এয়ারকুলার স্থাপন বাবদ ১৪,৯৯,৯৪২ টাকা এবং ফায়ার এসটিংগুইসার সরবরাহ ও স্থাপন বাবদ ২,৯৭,১৫২ টাকা এবং ডরমেটরী বিল্ডিং পর্যন্ত আরসিসি এ্যাপ্রোচ রোড নির্মাণ বাবদ ১৪,৬০,২৩১ টাকা, মোট ৩২,৫৭,৩২৫ টাকা পরিশোধ করা হলেও কোন এয়ারকুলার ও ফায়ার এসটিংগুইসার ভবনে পাওয়া যায়নি।
- এতে সর্বমোট (১,১৮,৮১,২৩৫+৩২,৫৭,৩২৫)=১,৫১,৩৮,৫৬০ (এক কোটি একান্ন লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকার চূড়ান্ত বিল ঠিকাদারকে অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।
- চুক্তি মোতাবেক সিসিটিভি/ক্যামেরা, এয়ারকুলার ও ফায়ার এসটিংগুইসার স্থাপন না করা সত্ত্বেও অনিয়মিতভাবে ঠিকাদারকে অসমাপ্ত কাজের চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে।

অনিয়মের কারণ :

- বিল পরিশোধ করা হলেও বাস্তবে কাজ করা হয়নি।

অডিট প্রতিষ্ঠানের জবাব :

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা : দরপত্রে চুক্তির শর্ত অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের কার্যসম্পাদনপূর্বক বিল পরিশোধ করা হয়। নিরাপত্তার কারণে সিসিটিভি/ক্যামেরাগুলি সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশ অফিসে সংরক্ষিত আছে। মাননীয় প্রধানমন্ত্রীসহ অন্যান্য দেশের রাষ্ট্রপতি ও ভিভিআইপি ব্যক্তিবর্গ বিভিন্ন সম পরিদর্শনের সময় উক্ত সিসিটিভি ক্যামেরা সংযোজন করা হয় এবং অনুষ্ঠান শেষে নিরাপত্তার কারণে পুনরায় সাই অফিসে সংরক্ষিত রাখা হয়। সরকারি সম্পদ নিরাপত্তার জন্য উক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মাগুরা : মাগুরার টিটিসি নির্মাণ প্রকল্পের কাজ এখনও চলমান আছে। অডিট দল চলমা প্রকল্পের উপর আপত্তি উত্থাপন করেছেন। প্রকল্পটি হস্তান্তর না হওয়ায় এবং প্রকল্পের কোন পাহারাদার না থাকা মালামালের নিরাপত্তার কথা ভেবে গুদামে সংরক্ষণ করা হয়েছে। উক্ত মালামালগুলো স্থাপন করতে খুব সময় লাগবে না যার কারণে প্রকল্প হস্তান্তরের আগে মালমালগুলো স্থাপন করা হয়েছে। চলমান প্রকল্পে কোন কাজে ত্রুটি থাকলে প্রত্যা সংস্থা তা হস্তান্তর গ্রহণ করবে না এটাই নিয়ম। তাই কাজ গুলি সার্বিক ভাবে সমাপ্ত করেই হস্তান্তর করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা : মালামালগুলো নিরাপত্তার কারণে খুলে রাখা হয়েছে মর্মে স্বীকার কর হয়েছে। বাস্তবে মালামালগুলো প্রতিস্থাপন না করা সত্ত্বেও ঠিকাদারকে প্রতিস্থাপনসহ চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে কিন্তু আপত্তিতে উল্লিখিত উপ-বিভাগীয় প্রকৌশলীর পত্রের স্মারক অনুযায়ী দেখা যায় যে, কাজগুলো অসমাপ্ত সরেজমিনে যাচাই করে দেখা যায় যে, কোন পোলেই সিসি ক্যামেরা স্থাপন করা নাই এবং সংশ্লিষ্ট এস,এ,ই জনাব জাহি উক্ত মালামাল একটি কক্ষে কার্টুনের ভিতরে রক্ষিত অবস্থায় নিরীক্ষা দলকে দেখান, যা কোন রেজিস্টার/নথিতে/স্টবে অন্তর্ভূক্ত করা হয়নি। প্রাক্কলনে এবং চুক্তিতে উল্লেখিত মালামালগুলো ইউএস/জাপানী ব্র্যান্ডের সরবরাহের উল্লে থাকলেও সেগুলো প্যানাসনিক চায়নার তৈরী গ্রহণ করা হয়েছে, যা দরপত্রে উল্লিখিত সমমানের মালামাল কিনা সে বিষয়ে কোন টেকনিক্যাল রিপোর্টও পাওয়া যায়নি।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মাগুরা : টিটিসি নির্মাণ প্রকল্পের কাজ এখনো চলমান আছে। কাজেই বাস্তবে কাজ অসমাপ্ত রেখে অনিয়মিতভাবে চূড়ান্ত বিল প্রদান করার সুযোগ নেই।
- উক্ত অনিয়মের বিষয়ে ০৮-০৩-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৪-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে সচিব মহোদয় বরাবরে অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ১৮-০৪-২০১৭ খ্রিঃ হতে ২২-০৫-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ২৯-০৫-২০১৭ খ্রিঃ হতে ২১-০৬-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে আধাসরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- মালামাল কার্টুনের ভিতরে ইনটেক অবস্থায় থাকা এবং চুক্তিতে উল্লিখিত সমমানের মালামাল গ্রহণ না করে এবং উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক কাজ সমাপ্ত না হওয়ার প্রমাণ থাকা সত্ত্বেও বাস্তবে কাজ অসমাপ্ত রেখে অনিয়মিতভাবে চূড়ান্ত বিল পরিশোধ করার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৩

শিরোনাম : ২৯-০৬-২০১৬ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করে বাস্তবে কার্যসম্পাদন না হওয়া সত্ত্বেও ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে বিল পরিশোধ করায় ক্ষতি ৩,৭৭,২৩,৭৩৩ (তিন কোটি সাতাত্তর লক্ষ তেইশ হাজার সাতশত তেত্রিশ) টাকা।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৪, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ১৬-১০-২০১৬ খ্রিঃ হতে ২৭-১০-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে উক্ত বিভাগ কর্তৃক সরকারি অবকাঠামো/স্থাপনা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের বিল ভাউচার ও প্রাসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- ২৯-০৬-২০১৬ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করে বাস্তবে কার্যসম্পাদন না হওয়া সত্ত্বেও ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে বিল পরিশোধ করায় ক্ষতি ৩,৭৭,২৩,৭৩৩ (তিন কোটি সাতাত্তর লক্ষ তেইশ হাজার সাতশত তেত্রিশ) টাকা [বিস্তারিত: পরিশিষ্ট-০৩ (পৃ: ৮-৯)]।
- তামাদি এড়ানোর লক্ষ্যে পরিশিষ্টে বর্ণিত কাজগুলোর ২৯-০৬-২০১৬ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করে ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে সমাপ্ত দেখিয়ে চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে, সবগুলো কাজ একই ঠিকাদার (মজুমদার ট্রেডিং কর্পোরেশন) কে কাজ দেয়া হয়েছে।
- প্রমাণকে Work in progress উল্লেখ থাকা সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে।
- অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/সস্বব্যশা-১/সরকারি হিসাব-১/২০০৭/১৪৪, তারিখ : ১৯-০৬-২০০৭ খ্রিঃ মোতাবেক সরাসরি চেক ইস্যুর মাধ্যমে বাজেট তামাদি এড়ানোর উদ্দেশ্যে কার্যসম্পাদনের পূর্বেই অলীক (fictitious) ব্যয় দেখানোর মত গুরুতর আর্থিক অনিয়ম করা যাবে না। কিন্তু আলোচ্য ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন না করে বাজেটের তামাদি এড়ানোর লক্ষ্যে আর্থিক বছরের শেষ দিনে ৩,৭৭,২৩,৭৩৩ (তিন কোটি সাতাত্তর লক্ষ তেইশ হাজার সাতশত তেত্রিশ) টাকা অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে।

অনিয়মের কারণ :

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/স.স্ব.ব্যশা-১/সরকারি হিসাব-১/২০০৭/১৪৪, তারিখ : ১৯-০৬-২০০৭ খ্রিঃ মোতাবেক সরাসরি চেক ইস্যুর মাধ্যমে বাজেট তামাদি এড়ানোর উদ্দেশ্যে কার্যসম্পাদনের পূর্বেই অলীক (fictitious) ব্যয় দেখানোর মত গুরুতর আর্থিক অনিয়ম না করার নির্দেশনা না মানা।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- কাজগুলো জরুরী হওয়ায় প্রশাসনিক অনুমোদন ও অর্থ প্রদানের নিশ্চয়তা থাকায় এবং মালামালগুলো বাজারে বানানো অবস্থায় পাওয়া যায় বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক বিল পরিশোধ করা হয়।

নিরীক্ষা মন্তব্য :

- ৬ টি কাজের কার্যাদেশের তারিখ ২৯-০৬-২০১৬ খ্রিঃ এবং সম্পাদনের তারিখ ৩০-০৬-২০১৬ খ্রিঃ। একই ঠিকাদারকে কার্যাদেশ দিয়ে সবগুলো কাজ সম্পাদন দেখানো হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের আদেশ অমান্য করে জুন মাসের শেষে তাড়াহুড়ো করে কাজ সম্পাদনের নামে অর্থ অপচয় করা হয়েছে। কাজ শেষ না হওয়া সত্ত্বেও সম্পূর্ণ মূল্য পরিশোধ আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। কাজ শেষ হয়েছে কিনা তা নিশ্চিত করা হয়নি।

- ২৭-১০-২০১৬ খ্রিঃ তারিখে নিরীক্ষাকার্য সম্পন্ন করা হলেও অদ্যাবধি কার্য সম্পন্ন করা হয়েছে কিনা তা জানানো হয়নি। তামাদি এড়ানোর জন্য কার্য সম্পাদনের পূর্বেই বিল পরিশোধ করা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। কার্য সম্পাদন না করে বিল পরিশোধ করায় Misappropriation এর সম্ভাবনা রয়েছে।

- অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সরাসরি চেক ইস্যুর মাধ্যমে বাজেট তামাদি এড়ানোর লক্ষ্যে কার্যসম্পাদনের পূর্বেই অলীক (fictitious) ব্যয় গুরুতর আর্থিক অনিয়ম। এই নির্দেশনা উপেক্ষা করে ২৯-০৬-২০১৬ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করে ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে বিল পরিশোধ করা হয়েছে। আর্থিক বৎসরের শেষ দিনে কার্যাদেশ প্রদান, কার্যসম্পাদন, পরিমাপ গ্রহণ, বিল প্রস্তুত, বিল যাচাই, বিল পাশ ও চেক প্রদানসহ তদসংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিপালন করা অসম্ভব।

- উক্ত অনিয়মের বিষয়ে ১৬-০৪-২০১৭ খ্রিঃ তারিখে সচিব মহোদয় বরাবরে অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ২২-০৫-২০১৭ খ্রিঃ তারিখে তাগিদপত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ২১-০৬-২০১৭ খ্রিঃ তারিখে আধাসরকারিপত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অমান্য করে জুন মাসের শেষ দিনে বরাদ্দের তামাদি এড়ানোর লক্ষ্যে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের নামে সরকারি অর্থ ব্যয়ের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৪

শিরোনাম : ঢাকাস্থ মতিঝিল এলাকায় প্লট নং-৯১ এর শিল্প ভবনের নীচ তলায় অবস্থিত সোনালী ব্যাংক লিঃ শিল্প ভবন কর্পোরেট শাখার নিকট বকেয়া ভাড়াবাবদ সরকারি রাজস্ব ৩,৫৩,২০,১১৩ (তিন কোটি তিপ্পান্ন লক্ষ বিশ হাজার একশত তের ) টাকা অনাদায়ী।

বিবরণ :

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ হতে ২০১৪-১৫ অর্থ বছরের হিসাব ০৪-১২-২০১৫ খ্রিঃ হতে ১৪-১২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে গণপূর্ত সার্কেল-১, ঢাকার নিয়ন্ত্রণাধীন ঢাকা গণপূর্ত বিভাগ-১ এর ইজারা সংক্রান্ত নথি নং-XIV-২৮(অংশ-৬)(৭) পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- ঢাকাস্থ মতিঝিল এলাকায় প্লট নং-৯১ এর শিল্প ভবনের নীচ তলায় অবস্থিত সোনালী ব্যাংক লিঃ শিল্প ভবন কর্পোরেট শাখার নিকট বকেয়া ভাড়াবাবদ সরকারি রাজস্ব ৩,৫৩,২০,১১৩ (তিন কোটি তিপ্পান্ন লক্ষ বিশ হাজার একশত তের) টাকা অনাদায়ী [**বিস্তারিত: পরিশিষ্ট-০৪ (পৃ: ১০)**]।
- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০.০২১.০২.০৫৬.০৪.২২৩ তারিখ : ২৬-১১-২০১৩ খ্রিঃ এর মাধ্যমে মতিঝিল বাণিজ্যিক এলাকার প্লট নং-৯১ এ শিল্প ব্যাংক ভবনের নীচ তলায় অবস্থিত সোনালী ব্যাংক লিঃ শিল্প ভবন কর্পোরেট শাখা কর্তৃক ব্যবহৃত ৫৭৮০ বর্গফুট জায়গার প্রতি বর্গফুট মাসিক ভাড়া ৫০ টাকার সাথে ১০% ভাড়া বৃদ্ধি করে ০১-০১-২০১০ খ্রিঃ হতে ৩১-১২-২০১৫ খ্রিঃ পর্যন্ত ৫ বছরে ইজারা চুক্তি নবায়নের নির্দেশনা প্রদান করা হয়। অথচ ০১-০১-২০১০ খ্রিঃ হতে ৩১-১২-২০১৫ খ্রিঃ পর্যন্ত সময়ে বকেয়া ভাড়া বাবদ ৩,৫৩,২০,১১৩ টাকা অনাদায়ী রয়েছে। এ প্রেক্ষিতে ঢাকা গণপূর্ত বিভাগ-১ এর স্মারক নং- ২৬৪৭ তারিখঃ ২৯-০৭-২০১৫ খ্রিঃ এর মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।
- এ বিষয়ে দীর্ঘ সময় অতিবাহিত হলেও পরিশিষ্টে বর্ণিত ভাড়া (সরকারি রাজস্ব) বাবদ ৩,৫৩,২০,১১৩ টাকা অনাদায়ী রয়েছে। সরকারি রাজস্ব দ্রুততার সাথে আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

অনিয়মের কারণ :

- সিপিডব্লিউ 'এ' কোডের-১৭৭ (এ) অনুযায়ী যে কোন সরকারি রাজস্ব আদায় করার দায়িত্ব বিভাগীয় কর্মকর্তার এবং এ দায়িত্ব পালনে অবহেলার জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- সংশ্লিষ্ট বিভাগের নথি ও তথ্যাদি যাচাইপূর্বক জবাব প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- নথিপত্র পর্যালোচনা করে পরবর্তীতে জবাব প্রদানের কথা বলা হলেও দীর্ঘ ০৩ বছর ৫ মাস পরেও কোন অগ্রগতি নিরীক্ষাকে জানানো হয়নি।
- উক্ত অনিয়মের বিষয়ে ০৮-০৩-২০১৬ খ্রিঃ তারিখে সচিব মহোদয় বরাবরে অগ্রিম জারি করা হয়। পরবর্তীতে ১৫-০৫-২০১৬ খ্রিঃ তারিখে তাগিদপত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ২৯-০৬-২০১৬ খ্রিঃ তারিখে আধাসরকারিপত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- দায়ী ব্যক্তি/ ব্যক্তিবর্গের নিকট হতে ঢাকাস্থ মতিঝিল বাণিজ্যিক এলাকার প্লট নং-৯১ এ শিল্প ভবনের নীচ তলায় অবস্থিত সোনালী ব্যাংক লিঃ কর্পোরেট শাখার বকেয়া ভাড়া বাবদ সমুদয় অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৫

শিরোনাম : নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারগণের নিকট হতে জরিমানা আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৯,৬৮,৬৯,৯৯৩ (নয় কোটি আটষট্টি লক্ষ উনসত্তর হাজার নয়শত তিরানব্বই) টাকা।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা, গণপূর্ত বিভাগ-৪ ঢাকা, ব্রাহ্মণবাড়িয়া ও চট্টগ্রাম-২, কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ১৬-১১-২০১৬ খ্রিঃ হতে ১৭-১৭-২০১৬ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে চুক্তিপত্র, কার্যাদেশ সহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারগণের নিকট হতে চুক্তিপত্রের General Condition of Contract এবং P.C.C. তে উল্লিখিত শর্ত মোতাবেক Liquidated Damages বাবদ জরিমানা আদায় না করায় সরকারের ৯,৬৮,৬৯,৯৯৩ (নয় কোটি আটষট্টি লক্ষ উনসত্তর হাজার নয়শত তিরানব্বই) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-০৫(১-৪), (পৃ: ১১-১৫)]।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা কার্যালয়ের অধীন কুমিল্লার চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ কাজ এর চুক্তিমূল্য ১৮,৫৪,৭৯,০০০ টাকা এবং ঠিকাদার এমই-সি এন্ড এস (জেবি)। নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ হওয়ায় কুমিল্লার চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ কাজ এর ক্ষেত্রে G.C.C. এবং P.C.C. তে উল্লিখিত ৭২ ও ৭৩ নম্বর শর্ত মোতাবেক প্রতিদিনের জন্য চুক্তিমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে ঠিকাদারের নিকট হতে এলডি/জরিমানা আদায় করতে হবে যার সর্বোচ্চ পরিমাণ হবে চুক্তিমূল্যের অনধিক ১০%। বিলম্বিত সময় ৭১৪ দিনের জন্য চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% হারে ১,৮৫,৪৭,৯০০ টাকা আদায়যোগ্য।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা কার্যালয়ের অধীন কুমিল্লা জেলার ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র নির্মাণ কাজ এর চুক্তিমূল্য ৩,৭৮,১০,৪৯৬ টাকা এবং ঠিকাদার মেসার্স বিজনেস এসোসিয়েটস ইন্টারন্যাশনাল। নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ হওয়ায় কুমিল্লা জেলার ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র নির্মাণ কাজ এর ক্ষেত্রে G.C.C. এবং P.C.C তে উল্লিখিত ৭২ ও ৭৩ নম্বর শর্ত মোতাবেক প্রতি দিনের জন্য চুক্তিমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে ঠিকাদারের নিকট হতে এলডি/জরিমানা আদায় করতে হবে যার পরিমাণ হবে চুক্তি মূল্যের অনধিক ১০%। এক্ষেত্রে বিলম্বিত সময় ৭৫৬ দিনের জন্য চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% হারে ৩৭,৮১,০৫০ টাকা আদায়যোগ্য। চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% হারে সর্বমোট (১,৮৫,৪৭,৯০০+৩৭,৮১,০৫০)= ২,২৩,২৮,৯৫০ টাকা আদায়যোগ্য। এক্ষেত্রে জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।
- উল্লেখ্য যে, বর্ণিত দুটি কাজের সময় বর্ধিত করণের আদেশ নিরীক্ষা চলাকালে নিরীক্ষাদলকে দেখাতে পারেননি।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪ ঢাকা কার্যালয়ের অধীন বিএসএমএমইউ এর পাঁচতলা ডায়াগনষ্টিক ভবন এবং বিভিন্ন বিভাগের ১৩-তলা ভিত বিশিষ্ট ২টি বেইসমেন্ট এবং ফ্লোর নির্মাণ কাজের চুক্তিমূল্য ৪৩,৫১,৩৬,০৯৫ টাকা এবং ঠিকাদার জামাল এন্ড কোং এন্ড রূপালী ট্রেডার্স কনস্ট্রাকশন। নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ হওয়ায় G.C.C. এবং P.C.C. তে উল্লিখিত ৭২ ও ৭৩ নম্বর শর্ত মোতাবেক প্রতিদিনের জন্য চুক্তিমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে ঠিকাদারের নিকট হতে এলডি/জরিমানা আদায় করতে হবে যার সর্বোচ্চ পরিমাণ হবে চুক্তিমূল্যের অনধিক ১০%। বিলম্বিত সময় ৬৮৫ দিনের জন্য চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% হারে ৪,৩৫,১৩,৬০৯ টাকা আদায়যোগ্য।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ ব্রাহ্মনবাড়িয়া কার্যালয়ের অধীন পরিশিষ্টে বর্ণিত নাসিরনগর, বিজয়নগর ও কসবা পুলিশ তদন্ত কেন্দ্র নির্মাণ কাজ এর ক্ষেত্রে G.C.C. এবং P.C.C. তে উল্লিখিত ৭২ ও ৭৩ নম্বর শর্ত মোতাবেক প্রতিদিনের জন্য চুক্তিমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে ঠিকাদারের নিকট হতে এলডি/জরিমানা আদায় করতে হবে যার সর্বোচ্চ পরিমাণ হবে চুক্তিমূল্যের অনধিক ১০%। বিলম্বিত সময় অনুযায়ী চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% হারে ১,১৩,৫৭,৫১৮ টাকা আদায়যোগ্য।

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম কার্যালয়ের অধীন পরিশিষ্টে বর্ণিত টেক্সটাইল ইনিস্টিটিউট স্থাপন প্রকল্পের আওতায়, বয়েজ হোস্টেল, মহিলা হোস্টেল, ডরমেটরী ভবন ও প্রশাসনিক ভবন নির্মাণ কাজে ঠিকাদার নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ হওয়ায় G.C.C. এবং P.C.C. তে উল্লিখিত ৭২ ও ৭৩ নম্বর শর্ত মোতাবেক প্রতিদিনের জন্য চুক্তিমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে ঠিকাদারের নিকট হতে এলডি/জরিমানা আদায় করতে হবে যার সর্বোচ্চ পরিমাণ হবে চুক্তিমূল্যের অনধিক ১০%। বিলম্বিত সময় এর জন্য চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% হারে ১,৯৬,৬৯,৯১৬ টাকা আদায়যোগ্য।
- এক্ষেত্রে সর্বমোট (২,২৩,২৮,৯৫০+৪,৩৫,১৩,৬০৯+১,১৩,৫৭,৫১৮+১,৯৬,৬৯,৯১৬) = ৯,৬৮,৬৯,৯৯৩ (নয় কোটি আটষট্টি লক্ষ উনসত্তর হাজার নয়শত তিরানব্বই) টাকা আদায়যোগ্য।

অনিয়মের কারণ :

- G.C.C. এবং P.C.C তে উল্লিখিত ৭২ ও ৭৩ এর শর্ত মোতাবেক প্রতি দিনের জন্য চুক্তিমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে তবে চুক্তিমূল্যের অনধিক ১০% হারে এলডি/জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা : যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই-বাছাইপূর্বক সময় বৃদ্ধি করা হয়েছে। যৌক্তিক বিবেচনায় জরিমানা আরোপ করা হয়নি।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা : বিভিন্ন অবকাঠামো সরানো ও বিভিন্ন সংস্থা হতে সিদ্ধান্ত পেতে অধিক সময়ের প্রয়োজন হয় এবং ভবন ব্যবহারকারীদের সাথে সমন্বয়ে দেরী হওয়ায় সময় বর্ধন দেরী হয়েছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া : ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় বর্ধন করা হয়েছে।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম : ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় বর্ধন করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা : বর্ধিত সময় মূল চুক্তিতে উল্লিখিত সময়সীমার ২০% এর অধিক হওয়ায় HOPE এর অনুমোদন প্রয়োজন।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা : বর্ধিত সময় মূল চুক্তিতে উল্লিখিত সময়সীমার ২০% এর অধিক হওয়ায় HOPE এর অনুমোদন প্রয়োজন।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া : বর্ধিত সময় মূল চুক্তিতে উল্লিখিত সময়সীমার ২০% এর অধিক হওয়ায় HOPE এর অনুমোদন প্রয়োজন।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম : বর্ধিত সময় মূল চুক্তিতে উল্লিখিত সময়সীমার ২০% এর অধিক হওয়ায় HOPE এর অনুমোদন প্রয়োজন।
- কার্যসমাপ্তির পূর্বে ঠিকাদার কর্তৃক সময় বর্ধনের কোনো আবেদন পাওয়া যায়নি। বিলম্বিত সময় মূল সময়সীমা অপেক্ষা অনেক বেশী। অথচ এক্ষেত্রে বিলম্বিত সময়ের জন্য কোনো জরিমানা আরোপ/আদায় করা হয়নি।
- উক্ত অনিয়মের বিষয়ে ১৬-০৪-২০১৭ খ্রিঃ হতে ৩০-০৪-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে সচিব মহোদয় বরাবরে অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ২২-০৫-২০১৭ খ্রিঃ হতে ৩০-০৭-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ২১-০৬-২০১৭ খ্রিঃ হতে ১৯-০৯-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে আধা সরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোনো সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট থেকে জরিমানার টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।



.8—

অনুচ্ছেদ : ০৬

শিরোনাম : বাস্তবে কাজ সম্পাদন না হওয়া সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করায় ক্ষতি ১,৩৭,১৭,৭১২ (এক কোটি সাঁইত্রিশ লক্ষ সতের হাজার সাতশত বার) টাকা।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২ ঢাকা ও গণপূর্ত বিভাগ-৪, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব যথাক্রমে ২১-১২-২০১৭ খ্রিঃ হতে ২৭-১২-২০১৭ খ্রিঃ এবং ১১-০১-২০১৮ খ্রিঃ হতে ১৭-০১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে ক্যাশবুক ও বিল-ভাউচার পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- বাস্তবে কাজ সম্পাদন না হওয়া সত্ত্বেও ঠিকাদারকে ১,৩৭,১৭,৭১২ (এক কোটি সাঁইত্রিশ লক্ষ সতের হাজার সাতশত বার) টাকা পরিশোধ করা হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-০৬(১-২), (পৃ:১৬-২২)]।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২ ঢাকা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত ১৩টি কাজের ক্ষেত্রে প্রত্যাশি সংস্থার স্বাক্ষরবিহীন প্রত্যয়ন পত্রের ভিত্তিতে কাজ সম্পাদন দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে, যা আর্থিক ক্ষতি।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত ৫টি কাজের ক্ষেত্রে কার্যাদেশ প্রদানের ১ মাস ১৭ দিন হতে ৯ মাস ২৫ দিন পূর্বেই প্রত্যাশী সংস্থার নিকট হতে কাজ হস্তান্তরের প্রত্যয়ন পত্রের ভিত্তিতে কাজ সম্পাদন দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে, যা আর্থিক ক্ষতি।
- উল্লেখ্য যে, কার্যাদেশ প্রদান থেকে শুরু করে মেজারমেন্ট গ্রহণ পর্যন্ত সকল কার্যক্রম জুন মাসেই করা হয়েছে। পরিশিষ্টে উল্লিখিত সবগুলো কাজ জুন মাসে সম্পন্ন দেখানো হয়েছে অর্থাৎ শুধুমাত্র বাজেট নিঃশেষ করার জন্য কাজগুলো দেখানো হয়েছে কিন্তু প্রকৃতপক্ষে বাস্তবে কার্যসম্পাদন করা হয়নি।
- এতে পরিলক্ষিত অন্যান্য অনিয়মসমূহ নিম্নরূপ :-

(১) নিরীক্ষাকালে অডিটি প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশের কপি দেখাতে পারেনি।

(২) কার্যসম্পাদনের দলিলাদি পাওয়া যায়নি।

(৩) প্রত্যাশী সংস্থা/বসবাসকারীর স্বাক্ষর ছাড়া প্রত্যয়নপত্রে উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক প্রতিস্বাক্ষর করা হয়েছে অর্থাৎ কাজটি হস্তান্তর করা হয়নি।

(৪) কার্যাদেশ প্রদান এবং পরিমাপ গ্রহণের দীর্ঘদিন পূর্বে কাজ সমাপ্ত হওয়ার প্রত্যয়নপত্র গ্রহণ করা হয়েছে, যা অবাস্তব।

(৫) এতে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা পরিলক্ষিত ও প্রমাণিত হয়েছে।

(৬) উপরোক্ত ১, ২, ৩ ও ৪ নং অনিয়ম সত্ত্বেও বিল পরিশোধ করা হয়েছে।

অনিয়মের কারণ :

- বাস্তবে কাজ সম্পাদন না করেই বিল পরিশোধে আর্থিক ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- **নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা :** পরিশিষ্টে বর্ণিত ক্রমিক নং-৫-৭ এর কাজগুলো ভবনের বাহিরে বিধায় উপ-বিভাগীয় প্রকৌশলী এবং উপ-সহঃ প্রকৌশলী প্রত্যয়নপত্রে স্বাক্ষর করেছেন। আর পরিশিষ্ট ক্রমিক নং ১-৪ এবং ৮-১৩ পর্যন্ত ক্রমিকের কাজগুলো বাংলো/বাসা। এতে প্রত্যয়ন/প্রত্যাশী সংস্থার স্বাক্ষর রয়েছে।
- **নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা :** এলোটিগণের চাহিদার ভিত্তিতে প্রচলিত নিয়মানুসারে দরপত্র আহ্বান করে কার্যাদেশ প্রদান করতঃ যথাযথভাবে কার্যসম্পাদনপূর্বক বিল পরিশোধ করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- **নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা :** কার্যসম্পাদনের প্রত্যয়নপত্র সুস্পষ্ট ও যথাযথ নয় বিধায় অনুচ্ছেদ নিষ্পত্তিযোগ্য নয়।
- **নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা :** প্রত্যয়ণপত্রে প্রত্যাশী সংস্থার স্বাক্ষর থাকলেও কার্যসম্পাদনের ১০/১২ মাস পূর্বের তারিখে স্বাক্ষরিত। অর্থাৎ কার্যসম্পাদন ব্যতিরেকে বিল পরিশোধের বিষয়টি প্রমাণিত। বিধায় অনুচ্ছেদ নিষ্পত্তিযোগ্য নয়।
- উক্ত অনিয়মের বিষয়ে ০৩-০৬-২০১৮ খ্রিঃ তারিখ সচিব মহোদয় বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখ তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ১৮-০৮-২০১৮ খ্রিঃ তারিখ আধা সরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোনো সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- দায়ী ব্যক্তি/ ব্যক্তিবর্গের নিকট হতে ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। অধিকন্তু, ভবিষ্যতে এ ধরনের অনিয়ম রোধের নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ : ০৭

শিরোনাম : Cast in situ pile এর প্রকৃত পরিমাপ অপেক্ষা অতিরিক্ত পরিমাপের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ৩৩,২৬,১০০ (তেত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার একশত) টাকা।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৮-০১-২০১৮খ্রিঃ হতে ২৪-০১-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে Notification Of Award, Bill Of Quantities ও মেজারমেন্ট বুক পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- Cast in situ pile এর প্রকৃত পরিমাপ অপেক্ষা অতিরিক্ত পরিমাপের বিল পরিশোধ করায় সরকারের ৩৩,২৬,১০০ (তেত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার একশত) টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিতঃ পরিশিষ্ট-০৭ (পৃঃ ২৩)]।
- Construction of 12 Storied Hospital Building with 14 storied foundation Including 2 no of Basement with civil, sanitary internal electrification and Gas connection works within the compound of National Institute of Traumatology and orthopedic Rehabilitation (NITOR). কাজে Cast in situ pile এর ব্যাস যথাক্রমে ৬০০ মিঃ মিঃ ও ৫০০ মিঃ মিঃ। পরিমাপ বহির আইটেম নং টি- ২৫ অনুযায়ী ৬০০ মিঃ মিঃ ডায়ার পাইলে ২১৮০.৭৩ রানিং মিটার, ৫০০মিঃ মিঃ ডায়ার পাইলে ৩২৮১.৩১ রানিং মিটার পর্যন্ত বোরিং করা হয় এবং মাটি বোরিং করা বাবদ বিল পরিশোধ করা হয়েছে। ফলে উক্ত বোরিং অনুযায়ী Cast In Situ Pile এর পরিমাপ দাঁড়ায় (৩.১৪×০.৬× ০.৬×২১৮০.৭৩) ÷ ৪ + (৩.১৪×০.৫× ০.৫×৩২৮১.৩১) ÷ ৪ = (৬১৬.২৭৪+৬৪৩.৯৫৭) =১২৬০.২৩ ঘন মিটার। কিন্তু পরিমাপ বহির আইটেম নং টি-২৬ অনুযায়ী দেখা যায় যে, ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে ১৭০৩.৭১ ঘঃ মিঃ। সুতরাং (১৭০৩.৭১-১২৬০.২৩) = ৪৪৩.৪৮ ঘঃ মিঃ বেশি পরিমাপ গ্রহণ করে ঠিকাদারকে ৪৪৩.৪৮×১০৮৯৮= ৪৮,৩৩,০৪৫ টাকা অতিরিক্ত পরিশোধের ক্ষেত্রে Part Rate এ ৪৪৩.৪৮×৭৫০০= ৩৩,২৬,১০০ (তেত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার একশত ) টাকা পরিশোধ করা হয়েছে।

অনিয়মের কারণ :

- প্রকৃত পরিমাপ অপেক্ষা অতিরিক্ত পরিমাপ গ্রহণ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- বিলটির পরিমাপ পরীক্ষা করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- বিলটির পরিমাপ পরীক্ষা করে পরবর্তীতে জানানোর কথা বলা হলেও দীর্ঘ ০১ বছর ৫ মাস পরেও কোনো অগ্রগতি নিরীক্ষাকে জানানো হয়নি। মেজারমেন্ট বুক এ রেকর্ডকৃত পরিমাপ পরীক্ষা করেই অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে। Cast in situ pile এর প্রকৃত পরিমাপ অপেক্ষা অতিরিক্ত পরিমাপের বিল পরিশোধ করা হয়েছে। উক্ত অনিয়মের বিষয়ে ০৩-০৬-২০১৮ খ্রিঃ তারিখ সচিব মহোদয় বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখ তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ১৮-০৮-২০১৮ খ্রিঃ তারিখ আধা সরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোনো সন্তোষজনক জবাব পাও যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- দায়ী ব্যক্তি/ ব্যক্তিবর্গের নিকট হতে ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। অধিকন্তু, ভবিষ্যতে এ ধরনের অনিয়ম রোধে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ : ০৮

শিরোনাম : কাঠের কারখানা স্থাপনের উদ্দেশ্য বাস্তবায়ন ছাড়াই উৎপাদন শূন্য হওয়া সত্ত্বেও বৎসর ভিত্তিক সরকারি অর্থের অপচয় ৪,৮৯,৭২,৭৭১ (চার কোটি উননব্বই লক্ষ বাহাত্তর হাজার সাতশত একাত্তর) টাকা।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত কাঠের কারখানা বিভাগ, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ০১-০২-২০১৮ খ্রিঃ হতে ০৭-০২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়।। নিরীক্ষাকালে উক্ত কার্যালয়ের আওতাধীন কাঠের কারখানা উপ-বিভাগ, মিরপুর, ঢাকা কার্যালয়ের কার্যাবলী স্থানীয়ভাবে পরিদর্শন করা হয়। এতে দেখা যায় যে,

- কাঠের কারখানা স্থাপনের উদ্দেশ্য বাস্তবায়ন ছাড়াই উৎপাদন শূন্য হওয়া সত্ত্বেও বৎসর ভিত্তিক ৪,৮৯,৭২,৭৭১ (চার কোটি উননব্বই লক্ষ বাহাত্তর হাজার সাতশত একাত্তর) টাকা সরকারি অর্থের অপচয় করা হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-০৮ (পৃ: ২৪)]।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত কাঠের কারখানা বিভাগ, ঢাকা কার্যালয়ের অধীন গণপূর্ত কাঠের কারখানা উপ-বিভাগের সংরক্ষিত গেট পাস রেজিস্ট্রার অনুযায়ী উৎপাদনের রেকর্ড শুন্য হওয়া সত্ত্বেও সরকারি ব্যয় ৪,৮৯,৭২,৭৭১ টাকা। অর্থাৎ কাঠের কারখানা স্থাপনের উদ্দেশ্য বাস্তবায়ন ছাড়াই উৎপাদন শূন্য হওয়া সত্ত্বেও বৎসর ভিত্তিক সরকারি অর্থের অপচয় করা হয়েছে।
- কার্পেন্টিং শাখা, মেশিনারীজ শাখা, পলিশ শাখা, টিন স্মীথ শাখা, পেইন্টিং শাখা, নিরাপত্তা শাখা পর্যন্ত কারিগরী জনবল ১২৯ জন থাকা তাদের নিয়মিত বেতন ভাতা প্রদান করা সত্ত্বেও কারখানার উৎপাদন রেজিস্টার অনুযায়ী উৎপাদন নেই এবং উৎপাদন না থাকলেও অস্বাভাবিক হারে বিদ্যুৎ বিল প্রদান করায় সরকারের অর্থের অপচয় হয়েছে।
- বাস্তব যাচাইয়ে দেখা যায় মেশিনারীজ যন্ত্রপাতিগুলো দীর্ঘদিন যাবৎ ব্যবহার না হওয়ায় ব্যবহার অযোগ্য হয়ে যাচ্ছে।
- পর্যাপ্ত কারিগরী লোক থাকা সত্ত্বেও উৎপাদন শূন্য। অথচ বিদ্যুৎ বিল অস্বাভাবিক বেশি।

অনিয়মের কারণ :

- জিএফআর-১০ লঙ্ঘন করে সরকারি অর্থের অপচয় করা হয়েছে।
- গণপূর্ত বিভাগের চার্টার অব ডিউটিজ অনুযায়ী একজন তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রতিবছর কমপক্ষে একবার প্রত্যেক বিভাগীয় অফিস পরিদর্শন করে স্টাফ প্রয়োজনীয় কিনা সে সম্পর্ক নিশ্চিত হলেও এখানে নিয়োজিত কর্মচারী সরকারি সুবিধা ভোগ করলেও বাস্তবে কোনো কাজ করা হচ্ছে না।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- সংশ্লিষ্ট কর্মচারীগণ জাতীয় সংসদ ভবন, ন্যাম ফ্ল্যাটসহ জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনায় জরুরী রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত থাকে বিধায় তারা উৎপাদন কাজে নিয়োজিত থাকতে পারে না এবং আসবাবপত্র উৎপাদনের যন্ত্রপাতি ও প্রযুক্তি কাঠের কারখানায় যুগোপোযুগী না হওয়ায় উৎপাদন কার্যসম্পাদন করা যাচ্ছে না। অনেকে ইতিমধ্যে অবসরে গিয়েছেন।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব যথাযথ নয়। কারণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মচারী/কর্মকর্তাগণ তাদের জন্য নির্ধারিত দায়িত্ব পালন না অন্য স্থানের দায়িত্ব পালন করা অযৌক্তিক এবং উল্লিখিত প্রতিষ্ঠানগুলোতে অর্গানোগ্রাম অনুযায়ী জনবল পর্যাপ্ত থাকা পরও দৈনিক মজুরী ভিত্তিক ও চুক্তি ভিত্তিক জনবল নিয়োজিত রয়েছে। বিশেষ প্রয়োজনে তাদের জন্য অধিকাল ভাতার ব্যবস্থা রয়েছে। কাজেই সেখানে অন্য কোনো প্রতিষ্ঠানের জন্য জনবল নিয়োজিত করা বিধি বহির্ভূত। অতএব, উক্ত ক্ষেত্রে জিএফআর-১০ লঙ্ঘন করে সরকারি অর্থের অপচয় করা হয়েছে। উক্ত অনিয়মের বিষয়ে ০৩-০৬-২০১৮ খ্রিঃ তারিখ সচিব মহোদয় বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখ তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ১৮-০৮-২০১৮ খ্রিঃ তারিখ আধা সরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোনো সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- সরকারি অর্থ ও সম্পদের যথাযথ ব্যবহার না করে প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত করার জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করে অডিটকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৯

শিরোনাম : প্রয়োজন না থাকা সত্ত্বেও অতিরিক্ত জনবল বাবদ সরকারি অর্থের অপচয়। জড়িত ৮৭,০০,০০০ (সাতাশি লক্ষ) টাকা।

বিবরণ :

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-৩, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ০৮-০২-২০১৮ খ্রিঃ হতে ০৯-০২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে উক্ত কার্যালয়ের আওতাধীন বিভিন্ন বিভাগের জনবল সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- প্রয়োজন না থাকা সত্ত্বেও অতিরিক্ত জনবল বাবদ ৮৭,০০,০০০ (সাতাশি লক্ষ) টাকা সরকারি অর্থের অপচয় করা হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-০৯ (পৃ: ২৫)]।
- নিরীক্ষাকালে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-৩, ঢাকা কার্যালয় কর্তৃক সরবরাহকৃত নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৮, ঢাকা কার্যালয়ের ডকুমেন্ট অনুযায়ী তালিকাভুক্ত ৭টি গাড়ির মধ্যে ২টি গাড়ি যথাক্রমে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত ই/এম জোন, ঢাকা ব্যবহার করেন (ঢাকা মেট্রো-গ-১১-৪৬৭৮) এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৮, ঢাকা ব্যবহার করেন (ঢাকা মেট্রো-গ-৩১৩৫) মর্মে জানানো হয়।
- সরবরাহকৃত জনবলের তালিকা অনুযায়ী ২টি গাড়ির বিপরীতে ৩১ জন গাড়ি চালকের বেতন পরিশোধ করা হচ্ছে। প্রতি চালকের বেতন বাবদ মাসিক গড়ে ২৫,০০০ টাকা হিসেবে ২০১৬-১৭ অর্থ বছরে ৯৩,০০,০০০ টাকা কার্য ছাড়াই পরিশোধ করা হয়েছে। কিন্তু সচল ২টি গাড়িতে ২ জন ড্রাইভার কর্মরত থাকায় বেতন প্রাপ্য ৬,০০,০০০ টাকা। ফলে ২৯ জন গাড়িচালকের বিপরীতে (৯৩,০০,০০০-৬,০০,০০০)= ৮৭,০০,০০০ (সাতাশি লক্ষ) টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে। চার্টার অব ডিউটিজ অনুযায়ী একজন তত্ত্বাবধায়ক প্রকৌশলী সময়মতো তাঁর অধীনস্থ বিভাগ পরিদর্শন করবেন এবং তাঁর অধীনস্থ বিভাগে প্রয়োজনের অতিরিক্ত স্টাফদের প্রয়োজন আছে কিনা সে সম্পর্কে নিশ্চিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কিন্তু এক্ষেত্রে তিনি তাঁর দায়িত্বে অবহেলা করেছেন।

অনিয়মের কারণ :

- চার্টার অব ডিউটিজ অনুযায়ী দায়িত্ব পালন না করা।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- কাজের শুরুতে বহাল মঞ্জুরীর নিমিত্তে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়। পরবর্তীতে অধিকাংশ কর্মচারীকে অন্যত্র বদলী হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- প্রয়োজন অনুযায়ী সরকারি কর্মচারীদের সুনির্দিষ্ট কাজে নিয়োজিত করা প্রয়োজন। উক্ত অনিয়মের বিষয়ে ০৩-০৬-২০১৮ খ্রিঃ তারিখ সচিব মহোদয় বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখ তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ১৮-০৮-২০১৮ খ্রিঃ তারিখ আধা সরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোনো সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- প্রয়োজনের অতিরিক্ত জনবল বাবদ সরকারি অর্থের অপচয়ের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ : ১০

শিরোনাম : কাজ শুরুর পূর্বে তামাদি এড়ানোর লক্ষ্যে কাল্পনিক বিল বাবদ ঠিকাদারকে অনিয়মিতভাবে ৪,৫৮,৬৯,৮০১ (চার কোটি আটান্ন লক্ষ ঊনসত্তর হাজার আটশত এক) টাকা অগ্রিম পরিশোধ।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়নগঞ্জ কার্যালয়ের ২০১৫-২০১৬ সনের হিসাব ০৭-০৬-২০১৭ খ্রিঃ হতে ১৫-০৬-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে পূর্ত কাজের দরপত্র বিজ্ঞপ্তি, চুক্তি পত্র, বিল ভাউচার পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- কাজ শুরুর পূর্বে তামাদি এড়ানোর লক্ষ্যে কাল্পনিক বিল বাবদ ঠিকাদারকে অনিয়মিতভাবে ৪,৫৮,৬৯,৮০১ (চার কোটি আটান্ন লক্ষ ঊনসত্তর হাজার আটশত এক) টাকা অগ্রিম পরিশোধ [বিস্তারিত: পরিশিষ্ট-১০ (পৃঃ ২৬)]।
- পরিশিষ্টে বর্ণিত কাজসমূহে ঠিকাদারের সহিত ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি সম্পাদনের তারিখে অর্থাৎ কাজ আরম্ভের পূর্বে ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখে কার্যসম্পাদন ব্যতিত তামাদি এড়ানোর লক্ষ্যে হস্তরশিদের (HR) মাধ্যমে অনিয়মিতভাবে ঠিকাদারকে ৪,৫৮,৬৯,৮০১ টাকা অগ্রিম পরিশোধ করা হয়েছে।
- মন্ত্রী পরিষদ বিভাগের ২৮-০৭-২০০৪ খ্রিঃ তারিখের স্মারক নং-সপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৪/২০০০-২২৭ এর নির্দেশ মোতাবেক দেশীয় অর্থায়নে পরিচালিত/বাস্তবায়নাধীন কোন প্রকল্পের কোন অর্থ ঠিকাদারকে অগ্রিম প্রদান করা যাবে না। আলোচ্য ক্ষেত্রে উল্লেখিত আদেশ লঙ্ঘন করে কার্যসম্পাদন ব্যতিত ঠিকাদারকে অনিয়মিতভাবে অগ্রিম প্রদান করা হয়।

অনিয়মের কারণ :

- মন্ত্রী পরিষদ বিভাগের ২৮-০৭-২০০৪ খ্রিঃ তারিখের স্মারক নং-সপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৪/২০০০-২২৭ এর নির্দেশ মোতাবেক দেশীয় অর্থায়নে পরিচালিত/বাস্তবায়নাধীন কোন প্রকল্পের কোন অর্থ ঠিকাদারকে অগ্রিম প্রদান করা যাবে না। এক্ষেত্রে উক্ত আদেশের পরিপন্থীভাবে অর্থ পরিশোধ করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- সম্পাদিত কাজের উপর ভিত্তি করে দাখিলকৃত বিলের সমপরিমাণ অর্থ না থাকায় এইচআর এর মাধ্যমে বিল পরিশোধ করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- এক্ষেত্রে চুক্তি সম্পাদনের তারিখেই তামাদি এড়ানোর লক্ষ্যে কাল্পনিক বিল বাবদ ঠিকাদারকে অনিয়মিতভাবে অগ্রিম প্রদান করা হয়েছে। যাহা মন্ত্রীপরিষদ বিভাগের উল্লেখিত আদেশের পরিপন্থী। এক্ষেত্রে এইচআর এর মাধ্যমে প্রদানকৃত টাকার স্বপক্ষে বরাদ্দপত্র ও চূড়ান্ত বিলের সমন্বয়ের কপি প্রেরণ না করায় অনুচ্ছেদ নিষ্পত্তি হয়নি।
- উক্ত অনিয়মের বিষয়ে ৩১-১০-২০১৭ খ্রিঃ তারিখে সচিব মহোদয় বরাবরে অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ১২-১২-২০১৭ খ্রিঃ তারিখে তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ২৫-০৩-২০১৮ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- তামাদি এড়ানোর লক্ষ্যে চুক্তি সম্পাদনের তারিখে কার্যসম্পাদন ব্যতিত কাল্পনিক বিল বাবদ অর্থ ঠিকাদারকে অনিয়মিতভাবে পরিশোধের জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ : ১১

শিরোনাম : টিইসি কর্তৃক প্রথম সর্বনিম্ন দরদাতাকে দ্বিতীয় এবং দ্বিতীয় সর্বনিম্ন দরদাতাকে প্রথম সর্বনিম্ন দরদাতা হিসাবে মূল্যায়ন করে কার্যাদেশ প্রদানের ফলে সরকারের আর্থিক ক্ষতি ৪,০৮,৩২,৮৩৮ (চার কোটি আট লক্ষ বত্রিশ হাজার আটশত আটত্রিশ) টাকা।

বিবরণ :

প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম কার্যালয়ের ২০১৪-২০১৫ সালের হিসাব ১৪-১০-২০১৫ খ্রিঃ হতে ২০-১২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা কার্যালয় কর্তৃক জাতীয় ট্রমাটোলজি এবং অর্থোপেডিক রিহেবিলিটেশন ইনস্টিটিউট এর বর্ধিত কাজের প্রকল্পের আওতায় ১৪ তলা ভিত বিশিষ্ট ১২তলা ভবন নির্মাণ কাজের দরপত্র অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী কর্তৃক সুপারিশ করার নথি ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম কার্যালয়ের প্রাক্কলন, দরপত্র সংক্রান্ত প্রাসঙ্গিক রেকর্ডপত্র ও সিএস পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- টিইসি কর্তৃক প্রথম সর্বনিম্ন দরদাতাকে দ্বিতীয় এবং দ্বিতীয় সর্বনিম্ন দরদাতাকে প্রথম সর্বনিম্ন দরদাতা হিসাবে মূল্যায়ন করে কার্যাদেশ প্রদানের ফলে সরকারের আর্থিক ক্ষতি ৪,০৮,৩২,৮৩৮ (চার কোটি আট লক্ষ বত্রিশ হাজার আটশত আটত্রিশ) টাকা [বিস্তারিতঃ পরিশিষ্ট-১১(১-২), (পৃঃ ২৭-২৯)]।

- প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা কার্যালয়ের ক্ষেত্রে- প্রকল্প পরিচালক মূল্যায়ন কমিটির সদস্য হিসেবে দরপত্র মূল্যায়ন প্রতিবেদনে আপত্তি উত্থাপন করার পরও তা অগ্রাহ্য করে ২য় সর্বনিম্ন দরদাতার দরপত্র অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। ১ম সর্বনিম্ন দরদাতার প্রদত্ত দরের সাথে ২য় সর্বনিম্ন দরদাতার দরের পার্থক্য ৩,৭৬,৯৮,২০০ টাকা। বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় যে, শেরেবাংলা নগর, ঢাকা জাতীয় ট্রমাটোলজি এবং অর্থোপেডিক রিহেবিলিটেশন ইনস্টিটিউট এর বর্ধিত কাজের প্রকল্পের আওতায় ২টি বেইজমেন্টসহ ১৪ তলা ভিত বিশিষ্ট ১২ তলা ভবন নির্মাণ কাজের দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ছিল ১১২,৫৫,৮৮,৪১৪ টাকা। টেন্ডার ওপেনিং মেমো অনুযায়ী মোট ০৭টি দরপত্র পাওয়া যায়। ১ম সর্বনিম্ন দরদাতা দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিঃ এর প্রদত্ত দর ৯৬,৫১,১৯,৭২৩ টাকা। ২য় সর্বনিম্ন দরদাতার দর গাণিতিক শুদ্ধতা করে ১০০,২৮,১৭,৯২৩ টাকা নির্ধারণ করা হয়। যা তার ওপেনিং মেমো অনুযায়ী প্রদত্ত দর ৯৮,৮৩,৩৮,৪৬৮ টাকা হতে ১,৪৪,৭৯,৪৫৫ টাকা বেশি এবং সর্বনিম্ন দরদাতা দি সিভিল ইঞ্জিনিয়ার্স এর প্রদত্ত দর ৯৬,৫১,১৯,৭২৩ টাকা হতে ৩,৭৬,৯৮,২০০ টাকা বেশি। টিইসি কর্তৃক ১ম সর্বনিম্ন দরদাতার বাৎসরিক টার্নওভার কম মর্মে ১ম সর্বনিম্ন দরদাতা দি সিভিল ইঞ্জিনিয়ার্সকে নন-রেসপনসিভ ঘোষণা করেন কিন্তু টিইসি এর সদস্য এবং প্রকল্পের প্রকল্প পরিচালক উক্ত সিদ্ধান্তের উপর নোট অফ ডিসেন্ট প্রদান করেন। তিনি সভাপতি দরপত্র মূল্যায়ন কমিটিকে ১ম সর্বনিম্ন দরদাতার দর মাইনর ডেভিয়েশনের জন্য বাতিল না করে দি সিভিল ইঞ্জিনিয়ার্সকে রেসপনসিভ ঘোষণা করার জন্য মতামত প্রদান করেন এবং তিনি আরও উল্লেখ করেন যে, মাইনর ডেভিয়েশন এর জন্য ১ম সর্বনিম্ন দরদাতার দর বাতিল করা হলে সরকারের প্রায় পৌনে ০৪ কোটি টাকা আর্থিক ক্ষতি সাধিত হবে। উল্লেখ্য যে, ২য় সর্বনিম্ন দরদাতা মেসার্স পিবিএল জিকে বিল্ডার্স জেভি কর্তৃক কাজের (ভবনের) নিচের অংশে “Front Loading” করা হয়েছে এবং উক্ত কারণে আইটেম ৩৭ পর্যন্ত দাপ্তরিক মূল্য অপেক্ষা ১২,১১,৪৮,৭২৪ টাকা বেশি দর দাখিল করেছেন। অন্যদিকে ২য় সর্বনিম্ন দরদাতা গাণিতিক শুদ্ধতার নামে তার দাখিলকৃত মূল্য ১,৪৪,৭৯,৪৫৫ টাকা বৃদ্ধি করেছেন। ২টি বিষয়ই পিপিআর-২০০৮ এর প্রবিধানমালা ১২৭ অনুযায়ী প্রতারণার সামিল। কাজেই দেখা যায় যে, ১ম সর্বনিম্ন দরদাতা এবং ২য় সর্বনিম্ন দরদাতার দুজনারই ত্রুটি থাকার পরও ১ম সর্বনিম্ন দরদাতার দর অনুমোদনের সুপারিশ না করে টিইসি কর্তৃক তাকে নন-রেসপনসিভ ঘোষণা করে ২য় সর্বনিম্ন দরদাতার দর অনুমোদনের সুপারিশ করায় সরকারের ৩,৭৬,৯৮,২০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম কার্যালয়ের ক্ষেত্রে- কুড়িগ্রাম জেলার চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কো[illegible] নির্মাণ কাজে প্রথম সর্বনিম্ন দরদাতাকে দ্বিতীয় এবং দ্বিতীয় সর্বনিম্ন দরদাতাকে প্রথম সর্বনিম্ন দরদাতা হিসাবে গণ্য কার্যাদেশ প্রদানের ফলে সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৩১,৩৪,৬৩৮ টাকা।

- উক্ত কাজ সম্পাদনের জন্য টেন্ডার নং-০৪/২০১১-১২ এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হলে ৪টি ঠিকাদারী প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। ৪টি ঠিকাদারের মধ্যে ক্রমিক নং-১ এর দরদাতা টেন্ডার সিকিউরিটি বিডি প্রদান না করায় প্রাথমিক পর্যালোচনায় বাদ পড়ে যায়। অবশিষ্ট ৩ জন ঠিকাদারের মধ্যে ক্রমিক নং-০২ এর দেশ ইউনিয়ন লিঃ ও মোঃ ফরিদ উদ্দিন (জেভি) এর উদ্ধৃত মূল্য ১৮,১৬,২৫,৪৬৮ টাকা, যা টেন্ডার ওপেনিং কমিটি একক দরে কর্তন ও আইটেম বাদ দিয়ে মোট উদ্ধৃত মূল্য ১৪,১৬,২৫,৪৬৮ টাকা প্রদর্শন করে সর্বনিম্ন দরদাতা করা হলেও মোট কাজের শুধু সিভিল অংশের মূল্য ছিল ১৭,১৫,৭৬,৫৭৫। শুধু সিভিল অংশের মূল্য ১৭,১৫,৭৬,৫৭৫ হওয়া সত্ত্বেও কিভাবে উদ্ধৃত মূল্য ১৪,১৬,২৫,৪৬৮ টাকা প্রদর্শন করা হলো তা বোধগম্য নয়।

- ক্রমিক নং-০৪ এর ফ্রেন্ডস ইন্টারন্যাশনালের উদ্ধৃত মূল্য ১৬,১৭,৭৭,৭৭৭.৭৭ টাকা হওয়া সত্ত্বেও প্রথম সর্বনিম্ন দরদাতা হিসেবে গণ্য না করে দ্বিতীয় সর্বনিম্ন দরদাতা হিসেবে গণ্য করা হয়। পরবর্তীতে দ্বিতীয় সর্বনিম্ন দরদাতার টিওসি কর্তৃক প্রদর্শিত ১৪,১৬,২৫,৪৬৮ টাকাকে টিইসি কর্তৃক লাভজনক আইটেম যোগ করে আইটেম কাটাকাটি করে অলাভজনক আইটেম বাদ দিয়ে সংশোধনপূর্বক সর্বনিম্ন দরদাতা হিসেবে গণ্য করে ১৭,৯৬,৫৮,৮৬০ টাকার দর মূল্যায়িত হয় এবং ১৬,৪৯,১২,৪১৫.৫৮ টাকায় কার্যাদেশ প্রদান করা হয়।

- প্রথম সর্বনিম্ন দরদাতাকে ১৬,১৭,৭৭,৭৭৭.৭৭ টাকা কার্যাদেশ না দেওয়ার ফলে সরকারের আর্থিক ক্ষতি হয়েছে (১৬,৪৯,১২,৪১৫.৫৮–১৬,১৭,৭৭,৭৭৭.৭৭) = ৩১,৩৪,৬৩৮ টাকা।

- "উক্ত কাজ দুটিতে জড়িত টাকা (৩,৭৬,৯৮,২০০+৩১,৩৪,৬৩৮)= ৪,০৮,৩২,৮৩৮ (চার কোটি আট লক্ষ বত্রিশ হাজার আটশত আটত্রিশ) টাকা।

অনিয়মের কারণ :

- পিপিআর-২০০৮ এর বিধি-১২৭ অনুযায়ী কার্যক্রম গ্রহণ না করা।
- পিপিআর-২০০৬ এর অনুচ্ছেদ ৪৯(২)(৩) মোতাবেক সর্বনিম্ন মূল্যায়িত দরদাতার বিষয়ে কোন নেগোসিয়েশন করা যাবে না এবং টিইসি চুক্তি সম্পাদনের শর্ত হিসেবে কোন দরপত্র দাতাকে দরপত্র দলিলে অন্তর্ভুক্ত হয়নি এমন বিষয়ে এবং দরপত্রের উল্লেখিত মূল্য পরিবর্তন বা দরপত্রের কোন শর্ত সংশোধনের জন্য নির্দেশ দিতে পারবে না। কিন্তু উক্ত আইন যথাযথভাবে অনুসরণ করা হয়নি।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, [illegible] বাগিচা, ঢাকা : পিপিআর-২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হয়েছে। এতে সরকারি অর্থের ক্ষতি হয় নাই।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম : টিইসি এর যাচাইকৃত মূল্যায়ন ও অনুমোদনের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হয়েছে। এতে সরকারের আর্থিক ক্ষতি হয়নি।

অনুচ্ছেদ : ১২

শিরোনাম : Responsive দরদাতাকে কার্যাদেশ প্রদান না করায় সরকারের ৬০,৩৬,৫৬৫ (ষাট লক্ষ ছত্রিশ হাজার পাঁচশ পয়ষট্টি) টাকা ক্ষতি।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৩, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব যথাক্রমে ০৪-০১-২০১৮ খ্রিঃ তারিখ হতে ১০-০১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে সংশ্লিষ্ট কাজের টেন্ডার ডকুমেন্টস, সিএস ও দরপত্র মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- Responsive দরদাতাকে কার্যাদেশ প্রদান না করায় সরকারের ৬০,৩৬,৫৬৫ (ষাট লক্ষ ছত্রিশ হাজার পাচশত পয়ষট্টি) টাকা ক্ষতি হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-১২ (পৃ: ৩০)]।
- নিরীক্ষাকালে সরকারি শিশু পরিবার হোস্টেল নির্মাণ প্রকল্পের আওতায় তেজগাঁওস্থ সরকারি শিশু পরিবার চত্বরে ৪ ও ৫ তলা বিশিষ্ট ভবন নির্মাণ কাজের টেন্ডার ডকুমেন্টস, প্রাক্কলন, প্রাইস অফার, সিএস ও টেন্ডার মূল্যায়ন প্রতিবেদন ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, ঠিকাদার নভেলটি'র একই ধরনের কাজে ৪,৬৮,২০,৮৪২ টাকার কাজ সম্পাদনের সার্টিফিকেট রয়েছে, যা আইটিটির শর্ত পূরণ করে। পরিশিষ্টে বর্ণিত ২টি কাজে Work Completion Certificate of Similar Nature of Works সঠিক না পাওয়ায় দরপত্রটি নন-রেসপনসিভ হিসেবে বিবেচনা করা হলেও সার্টিফিকেট যাচাই করা হয়নি। ফলে নিম্ন দরের দরপত্র নন-রেসপনসিভ দেখিয়ে উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করায় ৬০,৩৬,৫৬৫ টাকা ক্ষতি হয়েছে।
- Responsive দরদাতাকে বাদ দেয়ার কারণ ব্যাখ্যা করা হয়নি। কিন্তু দেখা যায় যে, দরদাতা ঢাকা সিটি কর্পোরেশন এর অনুরূপ কাজ সম্পন্ন করার সনদ রয়েছে।
- পিপিআর-২০০৮ এর বিধি ৯৮(২৬) অনুযায়ী সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করতে হবে।

অনিয়মের কারণ :

- দরপত্রের শর্ত পরিপালন না করা।
- পিপিআর-২০০৮ লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- দরদাতা নোভেলটি দরপত্রের শর্তানুযায়ী "টেন্ডার সিকিউরিটি এবং লিকুইডিটি এসেটস" যথাযথ ছিল। কিন্তু অনুচ্ছেদের পরিশিষ্ট অনুযায়ী বর্ণিত ২টি কাজের ক্ষেত্রে Similar Nature of Work এর সঠিকতা না পাওয়ায় ২য় সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- দরদাতা নোভেলটি কর্তৃক দরপত্রের অনুযায়ী Tender Security ও Liquid Assets যথাযথ থাকা সত্ত্বেও অনুচ্ছেদের পরিশিষ্টে বর্ণিত ২টি কাজের ক্ষেত্রে সর্বনিম্ন দরদাতা নোভেল্টি কে Similar Nature of Work এর সঠিকতা না পাওয়ার অজুহাতে সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও কার্যাদেশ প্রদান না করে ২য় সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে।

- আইটিটির শর্ত পূরণ করা সত্ত্বেও সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয়নি। Work Completion Certificate of Similar Nature of Works সঠিকভাবে যাচাই করা হয়নি। পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ ব্যতিরেকে দরপত্র আহ্বান ও বিল পরিশোধ করা হয়েছে। উক্ত অনিয়মের বিষয়ে ০৩-০৬-২০১৮ খ্রিঃ তারিখ সচিব মহোদয় বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। পরবর্তীতে ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখ তাগিদ পত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ১৮-০৮-২০১৮ খ্রিঃ তারিখ আধা সরকারি পত্র জারি করা হয়। কিন্তু অদ্যাবধি কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- Responsive দরদাতাকে কার্যাদেশ প্রদান না করায় সরকারের ক্ষতিকৃত অর্থ দায়ী ব্যক্তি/ ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। অধিকন্তু, ভবিষ্যতে এ ধরনের অনিয়ম রোধের নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ : ১৩

শিরোনাম : পুনঃ দরপত্র আহ্বান না করে একমাত্র বৈধ দরদাতার প্রদত্ত দরের গাণিতিক শুদ্ধতার ফলে উর্দ্ধদরে
অনুমোদন। ওপেনিং মেমোর দর এবং গাণিতিক শুদ্ধতার পর গৃহীত দরের পার্থক্য ২,০৮,২৩,৩৮৬ (দুই কো
আট লক্ষ তেইশ হাজার তিনশত ছিয়াশি) টাকা। যা অস্বাভাবিক বিধায় আর্থিক ক্ষতি হিসেবে গণ্য।

বিবরণ :

প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা কার্যালয়ের ২০১৪-১৫ আর্থিক সালের হিসাব ২৪-১১-২০১৫ খ্রিঃ হতে ০২-১২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে কিশোরগঞ্জ শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ এবং হাসপাতাল নির্মাণ প্রকল্পের আওতায় ৫ তলা একাডেমিক ভবন নির্মাণ কাজের দরপত্র অনুমোদনের নথি পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- পুনঃ দরপত্র আহ্বান না করে একমাত্র বৈধ দরদাতার প্রদত্ত দরের গাণিতিক শুদ্ধতার ফলে উর্দ্ধদরে দরপত্র অনুমোদন। ওপেনিং মেমোতে প্রদত্ত দর এবং গাণিতিক শুদ্ধতার পর গৃহীত দরের পার্থক্য ২,০৮,২৩,৩৮৬ (দুই কোটি আট লক্ষ তেইশ হাজার তিনশত ছিয়াশি) টাকা। এতে সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [বিস্তারিতঃ পরিশিষ্ট-১৩ (পৃঃ ৩১)]।

- বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় যে, কিশোরগঞ্জ শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ এবং হাসপাতাল নির্মাণ প্রকল্পের আওতায় ৫তলা একাডেমিক ভবন নির্মাণ কাজের জন্য প্রাক্কলিত মূল্য ছিল ৩১,৩০,৬৫,৫১১ টাকা। দৈনিক যুগান্তর এবং New Age পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ২জন দরদাতা দরপত্র দাখিল করেন। নূরানী কনস্ট্রাকশন লিঃ এর প্রদত্ত দর ৩০,৬৯,৫৪,০৬৩ টাকা এবং মেসার্স জামাল এন্ড কোম্পানী এর প্রদত্ত দর ৩৫,৪১,৩৩,৩২৯ টাকা। পরবর্তীতে নূরানী কনস্ট্রাকশন লিঃ এর দাখিলকৃত দর গাণিতিক শুদ্ধতার নামে ৩২,৭৭,৭৭,৪৪৯ টাকায় উন্নীত করা হয় এবং নূরানী কনস্ট্রাকশন লিঃ এর গাণিতিক শুদ্ধতার পর সংশোধিত মূল্য ৩২,৭৭,৭৭,৪৪৯ টাকার দরপত্র অনুমোদন করা হয়। পুনঃ দরপত্র আহ্বান করা হয়নি। পিপিআর-২০০৮ এর প্রবিধানমালা ১২৭(২)(খ) এবং ৪(ক)(খ)(গ) মোতাবেক কোন দরপত্র দাতা যদি পেশাগত অসদাচরণ বা অপরাধ সংঘটিত করেন অর্থাৎ প্রতারণামূলক কার্য যেমন ক্রয় কার্যক্রম বা চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ায় কোন সিদ্ধান্তকে প্রভাবিত করার জন্য কোন ব্যক্তি কর্তৃক মিথ্যা বিবৃত্তি প্রদান বা অসাধুভাবে কোন তথ্য গোপন করা হয় সেক্ষেত্রে প্রবিধানমালা ১২৭(৪) মোতাবেক ক্রয়কারী দরপত্র বাতিল করবেন এবং প্রতিষ্ঠানকে যে কোন ধরনের শাস্তি প্রদান করবেন। আলোচ্য ক্ষেত্রে দেখা যায় যে, দরপত্র প্রক্রিয়ায় মাত্র ২জন দরদাতা দর দাখিল করেন। মেসার্স জামাল এন্ড কোম্পানীকে টিইসি কর্তৃক নন-রেসপনসিভ ঘোষণা করা হয়। পরবর্তীতে নূরানী কনস্ট্রাকশন লিঃ এর দাখিলকৃত দর ৩০,৬৯,৫৪,০৬৩ টাকা বৃদ্ধি করে গাণিতিক শুদ্ধতার নামে ৩২,৭৭,৭৭,৪৪৯ টাকা নির্ধারণ করা হয় এবং ৩২,৭৭,৭৭,৪৪৯ টাকার দর অনুমোদন করা হয়। নূরানী কনস্ট্রাকশন লিঃ এর দাখিলকৃত দরপত্রের কোন স্তরে যোগফল ২,০৮,১৩,৩৮৬ টাকা ভুল ছিল তার কোন বিবরণ পাওয়া যায়নি। এমনকি নূরানী কনস্ট্রাকশন লিঃ এবং মেসার্স জামাল এন্ড কোম্পানীর দাখিলকৃত দরপত্র দুটি নথিতে পাওয়া যায়নি। মূলত মেসার্স জামাল এন্ড কোম্পানীর দরপত্র বাতিল হয়ে যাওয়ায় এবং নূরানী কনস্ট্রাকশন লিঃ এর দাখিলকৃত দর ৩০,৬৯,৫৪,০৬৩ টাকা বৃদ্ধি করে ৩২,৭৭,৭৭,৪৪৯ টাকা করার সুযোগ সৃষ্টি হয়েছে। যে প্রতিষ্ঠান দাখিলকৃত দরে যোগফলে ২,০৮,২৩,৩৮৬ টাকা ভুল করে দরপত্র দাখিল করে সে প্রতিষ্ঠানের সততা, যোগ্যতা এবং নৈতিকতা প্রশ্নের সম্মুখীন হওয়ায় HOPE কর্তৃক পিপিআর ১২৭(৪) অনুযায়ী দরপত্র বাতিল করে পুনঃ দরপত্র আহ্বান করা আবশ্যক ছিল।

অনিয়মের কারণ :

- পিপিআর-২০০৮ এর বিধি ১২৭(২)(খ) এবং ৪(ক)(খ)(গ) অনুসরণ না করা।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- রেসপনসিভ দরদাতাকে টিইসি যোগ্য হিসেবে মূল্যায়ন করেন। দরপত্রের বিষয়ে কোন দরদাতার কোন অভিযোগ ছিল না। তাছাড়া দরপত্র বাতিল করে পুনঃদরপত্র আহবান করলে সময় নষ্ট হতো এবং কাজ সম্পাদনে বিলম্ব হতো।

নিরীক্ষা মন্তব্য :

- কার্যাদেশ প্রাপ্ত দরপত্র দাতার দাখিলকৃত দরের গাণিতিক শুদ্ধতার পর দর পরিবর্তন এবং টিইসি কর্তৃক নূরানী কনস্ট্রাকশন লিঃ এর দর অনুমোদনের সুপারিশ স্বচ্ছ ছিল না। ৩২,৭৭,৭৭,৪৪৯ টাকা মূল্যের বিল্ডিং নির্মাণকারী প্রতিষ্ঠানের যেখানে দক্ষ জনবল, যন্ত্রপাতিসহ সকল ধরনের সুযোগ সুবিধা থাকা বাধ্যতামূলক সেখানে দাখিলকৃত দরের যোগফল ২,০৮,২৩,৩৮৬ টাকা ভুল করায় প্রতিষ্ঠানের নৈতিকতা ও স্বচ্ছতা নিয়ে প্রশ্ন দেখা দেয়া স্বাভাবিক। কাজেই টিইসি নৈতিকতার বিষয়টি বিবেচনায় নিয়ে এবং HOPE কর্তৃক পিপিআর/২০০৮ এর প্রবিধানমালা ১২৭(৪) অনুযায়ী দরপত্র বাতিল করার প্রয়োজন ছিল। একমাত্র দরদাতার সহিত সমঝোতার মাধ্যমে গাণিতিক শুদ্ধতার অজুহাতে উর্ধ্বদরে অতিরিক্ত কার্যাদেশ প্রদান ও অর্থ পরিশোধ করে সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে।
- উক্ত অনিয়মের বিষয়ে ০৭-০৩-২০১৬ খ্রিঃ তারিখে সচিব মহোদয় বরাবরে অগ্রিম জারি করা হয়। পরবর্তীতে ২৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখে তাগিদপত্র ইস্যু করা হয় এবং সর্বশেষ ০৭-০৬-২০১৬ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র জারি করা হয়। উক্ত কার্যালয়ের প্রাপ্ত জবাব গ্রহণযোগ্য না হওয়ায় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতঃ ক্ষতির টাকা আদায় করে অডিটকে অবহিত করার জন্য ২৬-০৪-২০১৭ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- গাণিতিক শুদ্ধতার নামে দর বৃদ্ধি করে দরপত্র অনুমোদন প্রক্রিয়ার সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ক্ষতির অর্থ আদায় করত সরকারি কোষাগারে জমা করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ : ১৪

শিরোনাম : সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ ব্যতিরেকে অনিয়মিতভাবে ৬৫,৬১,৮৪৮ (পয়ষট্টি লক্ষ একষট্টি হাজার আটশত আটচল্লিশ) টাকা পরিশোধ।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত সম্পদ বিভাগ, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ০৪-০৩-২০১৮ খ্রিঃ হতে ১০-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে বরাদ্দ ও ব্যয় বিবরণী, ক্যাশবুক ও বিল ভাউচার পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ ব্যতিরেকে ৬৫,৬১,৮৪৮ (পয়ষট্টি লক্ষ একষট্টি হাজার আটশত আটচল্লিশ) টাকা পরিশোধ করা হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-১৪ (পৃঃ ৩২-৩৪)]।
- বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের স্মারক নং-২৪.০০.০০০০.০২৭.০০.৩২২.১২-৫১০ তারিখ ঃ ০১-১২-২০১৬ খ্রিঃ অনুযায়ী জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্তে উক্ত ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের (৪র্থ তলা) জন্য ৬৬৩.৭৪ লক্ষ (ছয় কোটি তেষট্টি লক্ষ চুয়াত্তর হাজার) টাকা বিশেষ বরাদ্দ মঞ্জুরি প্রদান করা হলেও পরিশিষ্টে উল্লিখিত কাজসমূহ উর্ধ্বমুখী সম্প্রসারণ সম্পর্কিত কাজ নয় অর্থাৎ রাস্তা নবায়ন ওয়াকওয়ে নির্মাণ, মেরামত ও সুয়ারেজ লাইন পরিষ্কারকরণ কাজ করে বরাদ্দবিহীন ব্যয় করা হয়েছে।
- ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ বহির্ভূত অন্যান্য প্রতিটি কাজের জন্য ১১-০৬-২০১৭ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করে ২১-০৬-২০১৭ খ্রিঃ তারিখে কার্যসম্পাদন করা হয়েছে এবং ২২-০৬-২০১৭ খ্রিঃ তারিখে প্রতিটি কাজের বিল পরিশোধ করা হয়েছে। যে উদ্দেশ্যে বরাদ্দ দেয়া হয়েছে সে উদ্দেশ্যে ব্যয় না করে অন্য খাতে ব্যয় করা হয়েছে। শুধুমাত্র বরাদ্দকৃত অর্থ ব্যয় করার উদ্দেশ্যে উক্ত খাতে বরাদ্দ না থাকা সত্ত্বেও সকল কাজের কার্যাদেশ একই তারিখে প্রদান করে একই তারিখে কার্যসম্পাদন দেখিয়ে একই তারিখে বিল পরিশোধ করা হয়েছে।
- জিএফআর-৯ অনুযায়ী সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ ছাড়া কোন ব্যয় করা যাবে না।
- অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ এর স্মারক নং-০৭.০০.০০০০.১৫১. ২২.০০৩.১৫-৩৫১(১) তারিখ ঃ ১৬-০৮-২০১৫ খ্রিঃ এর অনুচ্ছেদ নং ৫(ক) অনুযায়ী যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয় সে উদ্দেশ্যেই তা ব্যয় করতে হবে।
- জিএফআর-১০৪ অনুসারে মূল বাজেট প্রাক্কলনে বরাদ্দ না থাকলে ব্যয় করার সুযোগ নেই।

অনিয়মের কারণ :

- অর্থ বিভাগের আদেশ, জিএফআর বিধি-৯ এবং ১০৪ লঙ্ঘন পূর্বক উদ্দেশ্য বহির্ভূত খরচ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে বরাদ্দকৃত অর্থের সাশ্রয় অর্থ হতে ব্যয় করা হয়েছে।

অনুচ্ছেদ : ১৫

শিরোনাম : আরডিপিপি মূল্য অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধে অনিয়মিতভাবে ব্যয় করায় সরকারের আর্থিক ক্ষতি ৫,০৫,২৪,০০০ (পাঁচ কোটি পাঁচ লক্ষ চব্বিশ হাজার) টাকা।

বিবরণ :

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কিশোরগঞ্জ কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ০৭-০৪-২০১৭ খ্রিঃ হতে ২৪-০৪-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে শহীদ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ ও হাসপাতাল নির্মাণ প্রকল্পের আরডিপিপি প্রগ্রেস রিপোর্ট ও অন্যান্য আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে,

- আরডিপিপি মূল্য অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধে অনিয়মিতভাবে ব্যয় করায় সরকারের ৫,০৫,২৪,০০ (পাঁচ কোটি পাঁচ লক্ষ চব্বিশ হাজার) টাকা ক্ষতি হয়েছে [বিস্তারিত: পরিশিষ্ট-১৫(পৃ: ৩৫)]।
- শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ ও হাসপাতাল নির্মাণ প্রকল্পের হোস্টেল ভবন (পুরুষ), পরিচালক ও বাস ভবন, সাব-স্টেশন পাম্প হাউজ নির্মাণ কাজ ও গভীর নলকূপ স্থাপন কাজে আরডিপিপি মূল্য ১৫,১২,১১,০০ টাকার বিপরীতে ২০,১৭,৩৫,০০০ টাকা পরিশোধ করা হয়েছে। এতে আরডিপিপি মূল্য অপেক্ষা ঠিকাদারকে অতিরি ৫,০৫,২৪,০০০ (পাঁচ কোটি পাঁচ লক্ষ চব্বিশ হাজার) টাকা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদিত দরপত্রের শর্ত অনুযায়ী প্রতিটি কাজ বাস্তবায়নে কোন অবস্থাে অনুমোদিত ডিপিপিতে কাজের জন্য নির্ধারিত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না মর্মে উল্লেখ রয়েছে। কিন্তু ডিপিপি নির্দেশনা অনুসরণ না করে অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়েছে।
- RDPP তে সংস্থানকৃত অর্থ অপেক্ষা অতিরিক্ত মূল্যে কাজ করা হয়েছে যা সরকারের আর্থিক ক্ষতি। Specificati বর্হিভূত কাজ করে সরকারের আর্থিক ক্ষতি করা হয়েছে।
- অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত Delegation of financial power-2015 এর ৩৭(৮)-এ উল্লেখ রয়েছে ডিপিপিতে বরাদ্দ অনুযায়ী ব্যয় নিশ্চিত করতে হবে।

অনিয়মের কারণ :

- অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত Delegation of financial power-2015 এর ৩৭(৮) মোতাবেক ডিপিপিতে ব অনুযায়ী ব্যয় নিশ্চিত করা হয়নি।
- অনুমোদিত দরপত্রের শর্ত পালন করা হয়নি।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

- ঠিকাদারের চুক্তিতে একাধিক প্যাকেজের সমন্বয় করা হয়েছে। প্রকৃতপক্ষে আরডিপিপিতে সংস্থানকৃত অর্থের অতি ব্যয় করা হয়নি।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর

# বার্ষিক অডিট রিপোর্ট

## দ্বিতীয় খণ্ড

(পরিশিষ্টসমূহ)

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

অর্থ বছর ঃ ২০১৪-২০১৫ হতে ২০১৬-২০১৭

## গৃহায়ন ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ এবং দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| অনুচ্ছেদ নম্বর | পরিশিষ্ট নম্বর | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | ০১(১-৩) | ০১-০৪ |
| ০২ | ০২(১-২) | ০৫-০৭ |
| ০৩ | ০৩ | ০৮-০৯ |
| ০৪ | ০৪ | ১০ |
| ০৫ | ০৫(১-৪) | ১১-১৫ |
| ০৬ | ০৬(১-২) | ১৬-২২ |
| ০৭ | ০৭ | ২৩ |
| ০৮ | ০৮ | ২৪ |
| ০৯ | ০৯ | ২৫ |
| ১০ | ১০ | ২৬ |
| ১১ | ১১(১-২) | ২৭-২৯ |
| ১২ | ১২ | ৩০ |
| ১৩ | ১৩ | ৩১ |
| ১৪ | ১৪ | ৩২-৩৪ |
| ১৫ | ১৫ | ৩৫ |
| মহাপরিচালকের স্বাক্ষর | | ৩৫ |

পরিশিষ্ট-০১(১-৩)
অনুচ্ছেদ-০১

## সারসংক্ষেপ ঃ

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | টাকা |
|---|---|---|
| ১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা। | ৭,২৫,৬৩,৭০০ |
| ২ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা। | ৭,৩৭,৫৬,৯০০ |
| ৩ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর । | ১,০৪,৫১,৫৪০ |
| | মোট = | ১৫,৬৭,৭২,১৪০ |

পরিশিষ্ট-০১(১)
অনুচ্ছেদ-০১

নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৪-২০১৫ অর্থ বছরে কাজ বাতিল করা সত্ত্বেও পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা না করার বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | চুক্তি সম্পাদন/ কার্যাদেশের নং ও তারিখ | ঠিকাদারের নাম | কাজ বাস্তবায়ন কাল | চুক্তিমূল্য | জুন/২০১৫ পর্যন্ত ভৌত অগ্রগতি | কাজের পর্যায় | পারফরমেন্স সিকিউরিটি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১ | উত্তরা এপার্টমেন্ট নির্মাণ প্রকল্পের আওতায় ১৬ তলা ফাউন্ডেশনের বিল্ডিং নং-১১/৩০ এবং বিল্ডিং নং-১১/বি দুইটি বিল্ডিং নির্মাণ কাজ (লট নং-৩৮) | ২৬-০৪-২০১২ খ্রিঃ | ENA DDJ | ০২-০৫-২০১২ খ্রিঃ হতে ০২-১১-২০১৩ খ্রিঃ | ৭২,৫৬,৩৭,০০০ | ৫.৮৪% | কার্যাদেশ বাতিল | ৭,২৫,৬৩,৭০০ | পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা করা হয়নি। |
| | | | | | | | মোট = | ৭,২৫,৬৩,৭০০ | |

পরিশিষ্ট-০১(২)

অনুচ্ছেদ-০১

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১২-২০১৩ হতে ২০১৪-২০১৫ অর্থ বছরে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | ঠিকাদারের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) | চুক্তি মূল্য (টাকা) | কাজটির বাস্তবায়ন কাল | কাজটির বর্তমান অবস্থা | পারফরমেন্স সিকিউরিটি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১ | উত্তরা এপার্টমেন্ট নির্মাণ প্রকল্পের 'এ ' টাইপ এপার্টমেন্ট ব্লকের গণপূর্ত অংশের লট নং-৩৮ ( ব্লিডিং নং-১১/এ এবং ১১/বি) এর নির্মাণ কাজ । | ইনা ডিডিজে কনস্ট্রাকশন | ৬৭,৮৬,২৫,৬৬৯ | ৭২,৫৬,৩৭,০০০ | ২৬-০৪-১২ খ্রিঃ হতে ০২-১১-১৪ খ্রিঃ (৩০ মাস) | কাজটির ৫.৮৪% ভৌত অগ্রগতি সম্পন্নের পর বাতিল করা হয়েছে । | ৭,২৫,৬৩,৭০০ | পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা করা হয়নি। |
| ২ | ঢাকা কেন্দ্রিয় কারাগারের পিরিমিটার ওয়াল নবায়ন ব্লক-সি জেল সুপারের বাসার পশ্চিম পার্শ্ব হতে লালবাগ থানা পর্যন্ত। | - | - | ৬৯,৩৫,০০০ | ৩০-১১-১৪ খ্রিঃ | কাজ বন্ধ (জুন/১৫ মাসের প্রগ্রেসিভ রিপোর্ট অনুযায়ী) | ৬,৯৩,৫০০ | ঐ |
| ৩ | ঐ পুকুরপাড় হতে জেল সুপারের বাসার পূর্ব পার্শ্ব পর্যন্ত। | - | - | ৪৯,৯৭,০০০ | ৩১-১০-১৪ খ্রিঃ | ঐ | ৪,৯৯,৭০০ | ঐ |
| | | | | | | মোট = | ৭,৩৭,৫৬,৯০০ | |

পরিশিষ্ট-০১(৩)

অনুচ্ছেদ-০১

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর কার্যালয় কর্তৃক ২০১৪-২০১৫ অর্থ বছরে নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ এবং অবশিষ্ট কাজ করতে অপারগতা প্রকাশ করে পত্র দেওয়া সত্ত্বেও ঠিকাদারের কার্যাদেশ বাতিল ও কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্ত না করায় সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | ঠিকাদারের নাম | কার্যাদেশ নং ও তারিখ | চুক্তিমূল্য | চুক্তি অনুযায়ী | | জুন/২০১৫ পর্যন্ত বিলম্বিত সময় (৩০-০৬-১৫ পর্যন্ত) | চুক্তিমূল্যের ১০% হারে কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্ত না করায় ক্ষতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | কাজ শুরুর তারিখ | কাজ সমাপ্তির তারিখ | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | বাংলাদেশের ৬৪ জেলা সদরে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় (প্রথম পর্যায়) ফরিদপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ কাজ । | মোঃ ওয়াহেদ মিয়া (জেভি) | নোয়া নং ১৮০৫ তাং ১৮-০৭-১০খ্রিঃ | ১০,৪৫,১৫,৪০৬ | ০২-০৮-১০ খ্রিঃ চুক্তির তারিখ অনুযায়ী | ০২-০২-১৩ খ্রিঃ (৩০ মাস) | ২ বৎসর ৪ মাস ২৮ দিন | ১,০৪,৫১,৫৪০ | |

পরিশিষ্ট-০২(১-২)
অনুচ্ছেদ-০২

## সারসংক্ষেপ :

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | জড়িত টাকা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা। | ১,১৮,৮১,২৩৫ |
| ২ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মাগুরা। | ৩২,৫৭,৩২৫ |
| | সর্বমোট = | ১,৫১,৩৮,৫৬০ |

পরিশিষ্ট-০২(১)
অনুচ্ছেদ-০২

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৫-২০১৬ অর্থ বছরে চুক্তি মোতাবেক ঠিকাদার কর্তৃক সিসিটিভি স্থাপন ব্যতিরেকে অসমাপ্ত কাজ সত্ত্বেও চুক্তি মোতাবেক চূড়ান্ত বিল পরিশোধের বিবরণী :

| ক্রমিক নং | কাজেরনাম | ঠিকাদারেরনাম | কার্যাদেশ নং ও তারিখ | চুক্তি মূল্য | ভাউচার ও তারিখ | পরিশোধিত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | সাভার জাতীয় স্মৃতি সৌধে ভিআইপি গাড়ি পার্কিং, মুজিব বাগান এবং হ্যালিপ্যাড এলাকায় নিরাপত্তা নিশ্চিত করার জন্য ক্লোজ সার্কিট টিভি ক্যামেরা স্থাপনসহ আনুষঙ্গিক কাজ। | মেসার্স ইন্টিগ্রেটেড কনস্ট্রাকশন সার্ভিসেস | ২৭৯৭ ০৫-০৪-১৬ খ্রিঃ | ৪৩,০৮,৫৬৩ | ৫৭ ২৩-০৬-১৬ খ্রিঃ | ৪৩,০৮,৫৬৩ | |
| ০২ | সাভার জাতীয় স্মৃতি সৌধের পুষ্পবেদী ও স্বাক্ষর মঞ্চ এলাকায় ভিআইপি ব্যক্তিগণের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ক্লোজ সার্কিট টিভি ক্যামেরা স্থাপন সহ আনুষঙ্গিক কাজ। | মেসার্স ইন্টিগ্রেটেড কনস্ট্রাকশন সার্ভিসেস | ২৭৯৮ ০৫-০৪-১৬ খ্রিঃ | ৪৮,৯৭,৬১৩ | ৫৮ ২৩-০৬-১৬ খ্রিঃ | ৪৮,৯৭,৬১৩ | |
| ০৩ | সাভার জাতীয় স্মৃতি সৌধের ১নং ভিআইপি গেইট, গণপূর্ত অফিস নিরাপত্তা নিশ্চিত করার জন্য ক্লোজ সার্কিট টিভি ক্যামেরা স্থাপন সহ সিসিটিভি কন্ট্রোল রুমে সার্ভিস সংযোগ সহ আভ্যন্তরীণ বৈদ্যুতিকরণ কাজ। | মেসার্স ইন্টিগ্রেটেড কনস্ট্রাকশন সার্ভিসেস | ২৭৯৬ ০৫-০৪-১৬ খ্রিঃ | ২৬,৭৫,০৫৯ | ৫৫৯ ২৩-০৬-১৬ খ্রিঃ | ২৬,৭৫,০৫৯ | |
| | | | | | মোট = | ১,১৮,৮১,২৩৫ | |

| ক্রমিক নং | বিবরণ/কাজের নাম | ঠিকাদারের নাম | কার্যাদেশের তাং | প্রাক্কলিত মূল্য | চুক্তি মূল্য | পরিশোধিত টাকার পরিমাণ | ভাউচার নং ও তাং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতালের ১১ তলা ভবনে অবস্থিত বিভিন্ন কক্ষের এয়ার কুলার পরিবর্তনসহ আনুষঙ্গিক মেরামত কাজ। | মজুমদার ট্রেডিং কর্পোরেশন | ২৯-০৬-২০১৬ খ্রিঃ | ৪৯,৭৩,৯৭৪ | ৪৯,৪৯,১০৪ | ৪৯,৪৯,১০৪ | ৩৮৭ ৩০-০৬-২০১৬ খ্রিঃ | বরাদ্দ প্রাপ্তির তারিখ: **অর্থ মন্ত্রণালয়ের** স্মারক নং-৪৫.১৩৯.০৩৪.০০.০০.০১২.২০১৩-৪৭৫৮ তারিখ-২৫-০৫-২০১৬ খ্রিঃ। |
| ৫ | স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতালের ১১ তলা ভবনে অবস্থিত অর্থোপেডিক ওটিসহ বিভিন্ন কক্ষের এয়ার কুলার পরিবর্তনসহ আনুষঙ্গিক বৈদ্যুতিক মেরামত কাজ। | মজুমদার ট্রেডিং কর্পোরেশন | ২৯-০৬-২০১৬ খ্রিঃ | ৪৯,৭৮,৫৮৫ | ৪৯,৫৮,৬৭১ | ৪৯,৫৮,৬৭১ | ৩৮৬ ৩০-০৬-২০১৬ খ্রিঃ | |
| ৬ | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের গাইনী ব্লকসহ নবজাতক ইউনিটসহ বিভিন্ন ওয়ার্ডে বিদ্যুৎ সরবরাহের জন্য ভূ-গর্ভস্থ ক্যাবলের পরিবর্তে ১০০০ কেভিএ সারফেইজের একটি ক্যাবল সরবরাহ ও স্থাপন কাজ। | মজুমদার ট্রেডিং কর্পোরেশন | ২৯-০৬-২০১৬ খ্রিঃ | ৪৯,৬৯,৯৭০ | ৪৯,৫০,০৯০ | ৪৯,৫০,০৯০ | ৪৭৮ ৩০-০৬-২০১৬ খ্রিঃ | |
| | | | | সর্বমোট = | ৩,৭৭,২৩,৭৩৩ | ৩,৭৭,২৩,৭৩৩ | | |

পরিশিষ্ট-০৫(২)
অনুচ্ছেদ-০২৫

নির্বাহী প্রকৌশলী [illegible] ২০১৪-২০১৫ অর্থ বছরে [illegible] সত্ত্বেও [illegible]ধের বিবরণী :

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৪-২০১৫ অর্থবছরে [illegible] কার্য সম্পাদনে ব্যর্থ হওয়া সত্ত্বেও ঠিকাদারের নিকট হতে জরিমানা আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী :-

| কাজের নাম ও ঠিকাদারের নাম | চুক্তি মূল্য | চুক্তি নং ও তারিখ | চুক্তি মোতাবেক কাজ সমাপ্তির তারিখ | কাজ প্রকৃত সমাপ্তির তারিখ | বিলম্বিত সময় | জিসিসি ও পিসিসি ৭৩.১ অনুযায়ী জরিমানার হার | জরিমানার পরিমাণ | বিল নং, তারিখ ও পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| Construction of 15 storied Diagnostic Facilities, Radio Therapy, oncology Department, and other with 13 Storied Foundation with 2 (two) Basement floor of BSMMU. Contractor-Jamal and Company and Rupali Traders Consortium. | ৪৩২২১৩৬৫৯৫ | ১৯২/বি আই অব/২০১২-১৩ ১৫-০১-২০১৩ খ্রিঃ | ১৫-০১-২০১৫ খ্রিঃ | চলমান কাজের অগ্রগতি চলমান | ০১ বছর ১০ মাস ২০ দিন। অর্থাৎ ৬৮৫দিন | প্রতিদিন ০.১% হারে সর্বোচ্চ ১০% হারে জরিমানা। | ৪,৩৫,১৩,৬০৯ | ০৯/০৫-১২-২০১৬ খ্রিঃ ১০ম চলতি বিল ৪২,৭২,৮৭,২৭৫ |

| ক্রমিক নং | কাজের নাম/ বিবরণ | ঠিকাদারের নাম | চুক্তি নং ও তারিখ | চুক্তি মূল্য | দরপত্র পদ্ধতি | ভাউচার নং ও তারিখ | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের এয়ারকুলার সরবরাহ ও স্থাপন কাজ। | কেয়া ইন্টারন্যাশনাল | ৫৭/২০১৪-১৫ ২৮-১২-২০১৪ খ্রিঃ | ১৪,৯৯,৯৪২ | [illegible] | [illegible] | ১৪,৯৯,৯৪২ |
| ২ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ফায়ার এসটিংগুইসার সরবরাহ ও স্থাপন কাজ। | কেয়া ইন্টারন্যাশনাল | ৬৬/২০১৪-১৫ ২৮-০৬-২০১৫ খ্রিঃ | ২,৯৭,১৫২ | আরএফকিউ | ৪৫ ২৯-০৬-১৫ খ্রিঃ | ২,৯৭,১৫২ |
| ৩ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবনের শেষ অংশ থেকে ডরমেটরী বিল্ডিং পর্যন্ত আরসিসি এ্যাপ্রোচ রোড নির্মাণ কাজ। | মেসার্স এস এম কনস্ট্রাকশন | ৪৮/২০১৩-১৪ ২৯-০৬-২০১৪ খ্রিঃ | ১৪,৯৩,৮৭৩ | এলটিএম | ১৬ ১৭-০৬-১৫ খ্রিঃ | ১৪,৬০,২৩১ |
| | | | | | | সর্বমোট = | ৩২,৫৭,৩২৫ |

## সারসংক্ষেপ ঃ

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | জড়িত টাকা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা। | ২,২৩,২৮,৯৫০ |
| ২ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা। | ৪,৩৫,১৩,৬০৯ |
| ৩ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়ীয়া। | ১,১৩,৫৭,৫১৮ |
| ৪ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম। | ১,৯৬,৬৯,৯১৬ |
| | সর্বমোট = | ৯,৬৮,৬৯,৯৯৩ |

পরিশিষ্ট-০৫(১)
অনুচ্ছেদ-০৫

**নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা কার্যালয় কর্তৃক ২০১৫-২০১৬ আর্থিক সালে নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারগণের নিকট থেকে জরিমানা আদায় না করার বিবরণী :**

| ক্রমিক নং | কাজের নাম | ঠিকাদারের নাম ও ঠিকানা | চুক্তির তারিখ | চুক্তিমূল্য | চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ | চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ | কাজ প্রকৃত সমাপ্তির তারিখ | বিলম্ব সময় (দিন) (৩০-০৬-১৬ খ্রিঃ পর্যন্ত) | জরিমানার টাকা প্রতি দিনের জন্য ০.১০% হারে (চুক্তি মূল্যের সর্বোচ্চ ১০%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১২ |
| ১ | কুমিল্লা চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট কোর্ট ভবন নির্মাণ কাজ | ME-C & S (JV) কান্দিরপাড়, কুমিল্লা | ১২-০৭-১২ খ্রিঃ | ১৮,৫৪,৭৯,০০০ | ১২-০৭-১২ খ্রিঃ | ১১-০৭-১৪ খ্রিঃ | চলমান | ৭১৪ দিন | ১,৮৫,৪৭,৯০০ | |
| ২ | কুমিল্লা জেলার ভুশ্চি বাজার পুলিশ তদন্ত কেন্দ্র নির্মাণ কাজ | মেসার্স বিজনেস এসোসিয়েটস ইন্টারন্যাশনাল | ০৪-০৩-১৩ খ্রিঃ | ৩,৭৮,১০,৪৯৬ | ০৪-০৩-১৩ খ্রিঃ | ০৩-০৬-১৪ খ্রিঃ | চলমান | ৭৫৬ দিন | ৩৭,৮১,০৫০ | |
| | | | | | | | | মোট = | ২,২৩,২৮,৯৫০ | |

পরিশিষ্ট-০৫(২)
অনুচ্ছেদ-০৫

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৫-২০১৬ অর্থ বছরে নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হওয়া সত্ত্বেও ঠিকাদারের নিকট হতে জরিমানা আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী :-

| কাজের নাম ও ঠিকাদারের নাম | চুক্তি মূল্য | চুক্তি নং ও তারিখ | চুক্তি মোতাবেক কাজ সমাপ্তির তারিখ | কাজ প্রকৃত সমাপ্তির তারিখ | বিলম্বিত সময় | জিসিসি ও পিসিসি ৭৩.১ অনুযায়ী জরিমানার হার | জরিমানার পরিমাণ | বিল নং, তারিখ ও পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| Construction of 5-storied Diagnostic Facilities, Radio Therapy, oncology Department, and other with 13-Storied Foundation with 2 (two) Basement floor of BSMMU. Contractor-Jamal and Company and Rupali Traders Consortium. | ৪৩,৫১,৩৬,০৯৫ | ১৯২/বি-আই অব/২০১২-১৩ ১৫-০১-২০১৩ খ্রিঃ সময় ২৪ মাস | ১৫-০১-২০১৫ খ্রিঃ কাজের অগ্রগতি চলমান ০৫-১২-২০১৬ খ্রিঃ পর্যন্ত। | চলমান | ০১ বছর ১০ মাস ২০ দিন। অর্থাৎ ৬৮৫দিন। | প্রতিদিন ০.১% হারে সর্বোচ্চ ১০% হারে জরিমানা। | ৪,৩৫,১৩,৬০৯ | ০৯/০৫-১২-২০১৬ খ্রিঃ ১০ম চলতি বিল ৪২,৭২,৮৭,২৭৫ |

পরিশিষ্ট-০৫(৩)
অনুচ্ছেদ-০৫

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া, কার্যালয় কর্তৃক ২০১৫-২০১৬ অর্থ বছরে নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদারগণের নিকট থেকে জরিমানা আদায় না করার বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | ঠিকাদারের নাম ও ঠিকানা | কার্যাদেশ নং ও তারিখ | চুক্তির মূল্য | কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ | কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ | কাজ প্রকৃত সমাপ্তির তারিখ | বিলম্ব সময় (দিন) ৩০-০৬-১৬ খ্রিঃ পর্যন্ত | জরিমানার টাকা প্রতিদিন ০.১০% (চুক্তি মূল্যের সর্বোচ্চ ১০%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ০১। | নাসিরনগর উপজেলায় পুলিশ তদন্ত কেন্দ্র নির্মাণ কাজ | মেসার্স বিজনেস সিন্ডিকেট ইন্টার ন্যাশনাল, মুন্সেফপাড়া, ব্রাহ্মণবাড়িয়া | ৪০৯ / ২৪-০২-১৪ খ্রিঃ | ২,৬৭,২১,৪২১ | ২৪-০২-১৪ খ্রিঃ | ২৩-০৮-২০১৫ খ্রিঃ | চলমান | ৩০৭ | ২৬,৭২,১৪২ |
| ০২। | বিজয়নগর উপজেলায় পুলিশ তদন্ত কেন্দ্র নির্মাণ কাজ। | মেসার্স বিজনেস সিন্ডিকেট ইন্টার ন্যাশনাল, মুন্সেফপাড়া, ব্রাহ্মণবাড়িয়া | ৫৯৬ / ২৪-০৩-১৪ খ্রিঃ | ২,৬১,৭৮,৮৮৮ | ২৪-০৩-১৪ খ্রিঃ | ২৩-০৯-২০১৫ খ্রিঃ | চলমান | ২৭৭ | ২৬,১৭,৮৮৮ |
| ০৩। | কসবা উপজেলায় ০১ টি থানা ভবন নির্মাণ কাজ | মেসার্স জাকির হোসেন, বাদুরতলা, কুমিল্লা। | ৩৫৩৮ / ১১-১২-১৪ খ্রিঃ | ৬,০৬,৭৪,৮৮৮ | ১১-১২-১৩ খ্রিঃ | ১০-০৫-২০১৫ খ্রিঃ | চলমান | ৪১৫ | ৬০,৬৭,৪৮৮ |
| | | | | | | | | সর্বমোট = | ১,১৩,৫৭,৫১৮ |

পরিশিষ্ট-০৫(৪)
অনুচ্ছেদ-০৫

**নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম, কার্যালয় কর্তৃক ২০১৫-২০১৬ অর্থ বছরে ঠিকাদারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না করা সত্বেও জরিমানা কর্তন না করায় ক্ষতিকৃত টাকার বিবরনী :-**

| ক্রমিক নং | অফিসের নাম | ঠিকাদাররের নাম ও ঠিকানা | NOA/কার্যাদেশ নং তারিখ | প্রাক্কলিত মূল্য | চুক্তিমূল্য | সময়কাল | বিলম্বকাল | কাজের বিবরণ | জরিমানা চুক্তিমূল্যের ১০% |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-২, চট্টগ্রাম। | ১. (ডেল্টা ইঞ্জিনিয়ার্স এন্ড কনসোর্টিয়াম লিঃ চট্টগ্রাম। | (১) নং-২৫,৩৬,১৫০০,১১২/২৩৬৬ তাং:২৬-১২-১৪ খ্রিঃ | ৬,০৫,৭৬,৬৮৭ | ৫,৩৫,০৭,৬২৯ | ১৮ মাস ২৬-১১-১৪ খ্রিঃ হতে ২৬-৫-১৬ খ্রিঃ | ৬মাস ২৭-৫-১৬ খ্রিঃ হতে ২৬-১১-১৬ খ্রিঃ | (১) চট্টগ্রাম টেক্সটাইল ইন্সটিটিউট বয়েজ হোস্টেল কাজ। | ৫৩,৫০,৭৬২ |
| | | ২. রফিক কনষ্ট্রাকশন কোং প্রাঃ লিঃ, চট্টগ্রাম। | (২) নং-২৫,৩৬,১৫০০,১১২/২৩৬৬ তাং:২৬-১২-১৪ খ্রিঃ | ২,৬৭,৪০,৪৭৮ | ২,৩২,৬৬,০২০ | ১২ মাস ২৬-১১-১৪ খ্রিঃ হতে ২৬-১১-১৫ খ্রিঃ | ১ বৎসর ২৭-১১-১৫ খ্রিঃ হতে ২৬-১১-১৬ খ্রিঃ | ([?]) চট্টগ্রাম টেক্সটাইল ইন্সটিটিউট মহিলা হোস্টেল নির্মাণ কাজ। | ২৩,২৬,৬০২ |
| | | ৩ (ডেল্টা ইঞ্জিনিয়ার্স এন্ড কনসোর্টিয়াম লিঃ, চট্টগ্রাম। | (৩) নং-২৫,৩৬,১৫০০,১১২/২৩৬৬ তাং:২৬-১২-১৪ খ্রিঃ | ২,২৭,৮১,১৫৩ | ২,০০,৩০,৩৯৩ | ১২মাস ২৬-১১-১৩ খ্রিঃ হতে ২৬-১১-১৪ খ্রিঃ | ১ বৎসর ২৭-১১-১৫ খ্রিঃ হতে ২৬-১১-১৬ খ্রিঃ | (৩) চট্টগ্রাম টেক্সটাইল ইন্সটিটিউট ডরমেটরী ভবন নির্মাণ কাজ। | ২০,০৩,০৩৯ |
| | | ৪. (ডেল্টা ইঞ্জিনিয়ার্স এন্ড কনসোর্টিয়াম লিঃ চট্টগ্রাম। | (৪) নং-১২২৩ তাং:২৮-৫-১৩ খ্রিঃ | ৫,৬৪,৭৫,৭০০ | ৫,৮৭,৩২,৩৭৬ | ১৮ মাস ২৮-৫-১৩ খ্রিঃ হতে ২৮-১১-১৪ খ্রিঃ | ১বৎসর মাস ৭ ২৯-১১-১৪ খ্রিঃ হতে ৩০-৬-১৬ খ্রিঃ | (৪)টেক্সটাইল ইন্সটিটিউট প্রশাসনিক ভবন নির্মাণ কাজ। | ৫৮,৭৩,২৩৭ |
| | | ৫. (ডেল্টা ইঞ্জিনিয়ার্স এন্ড কনসোর্টিয়াম লিঃ চট্টগ্রাম। | (৫) নং-১২২০ তাং:২৮-৫-১৩ খ্রিঃ | ৫,৭৬,১৬,২২০ | ৪,১১,৬২,৭৬৮ | ১২ মাস ২৮-৫-১৩ খ্রিঃ হতে ২৮-৫-১৪ খ্রিঃ | ২বৎসর ১মাস ২৯-৫-১৪ খ্রিঃ হতে ৩০-৬-১৬ খ্রিঃ | (৫) টেক্সটাইল ইন্সটিটিউট সেড নির্মাণ কাজ। | ৪১,১৬,২৭৬ |
| | | | | | | | | মোট= | **১,৯৬,৬৯,৯১৬** |

সারসংক্ষেপ ঃ

| ক্রমিক নং | অফিসের নাম | জড়িত টাকা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, ঢাকা। | ১,১৭,৭০,৪৩২ |
| ২ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা। | ১৯,৪৭,২৮০ |
| | মোট = | ১,৩৭,১৭,৭১২ |

পরিশিষ্ট-০৬(১)
অনুচ্ছেদ-০৬

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরে বাস্তবে কাজ সম্পাদন না হওয়া সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করার বিবরণী :

| ক্রঃ নং | কাজের নাম | ঠিকাদারের নাম | কার্যদেশ নম্বর ও তারিখ | কাজ সমাপ্তির প্রকৃত তারিখ | মেজারমেন্ট গ্রহণের তারিখ | পরিশোধিত টাকার পরিমাণ | ভাউচার নম্বর ও তারিখ | কাজ হস্তান্তরের তারিখ | প্রত্যাশী সংস্থার নাম ও কাজ শেষে প্রত্যাশী সংস্থার সনদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ১ | Special repairs to pwd officer's quarter bangle no.20 at road No.13/A Dhanmondi, Dhaka | মেসার্স ইন্টারন্যাশনাল টেক | ৬৯/১(৪), তাং:২৮-১২-১৬ খ্রিঃ | নাই | নাই | ৪,৯৫,৯০০ | ২৪৫ তাং:২০-৬-১৭ খ্রিঃ | নাই | নাই | প্রত্যাশি সংস্থা/বসবাসকারীর স্বাক্ষর ছাড়া প্রত্যয়নপত্রে উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক প্রতি স্বাক্ষর করা হয়েছে। অর্থাৎ বাস্তবে কাজ না করায় কাজটি হস্তান্তর করা হয়নি। |
| ২ | Miscellaneous work within the Banglow No-24 at road-13/A Dhanmondi, Dhaka | লাবিবা এন্টারপ্রাইজ | ১০৪/১(৪), তাং:১-৬-১৭ খ্রিঃ | ১৭-৬-১৭ খ্রিঃ | ১৭-৬-১৭ খ্রিঃ | ৪,৯৯,২৫০ | ২৬৫ তাং:২০-৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |
| ৩ | Supplying,fitting fixing tiles etc within the office of pwd at road no.13/A, house no-24, Dhanmondi, Dhaka. | এইচ.এম .লাইন | ১১৬/১(৪), তাং:৭-৬-১৭ খ্রিঃ | ১৭-৬-১৭ খ্রিঃ | ৭-৬-১৭ খ্রিঃ | ৪,৯৪,৬০০ | ২৬৯ তাং:২০-৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |

| (১) | (2) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | Supplying,fitting fixing varandha grill, door chowkat remaing storm water line and sewarrage line etc within the office of pwd at road no.13/A, house no-24, Dhanmondi, Dhaka. | এইচ,এম লাইন | ১০৫/১(৪), তাং:১-৬-১৭ খ্রিঃ | ১৭-৬-১৭ খ্রিঃ | ১৭-৬-১৭ খ্রিঃ | ৪,৯৫,৩০০ | ২৭০ তাং:২০-৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |
| ৫ | ঢাকা জিগাতলাস্থ স্কুল কলোনীর সরকারি ভবন নং-১০ এর ছাদের পেটেন্ট স্টোনসহ আনুষঙ্গিক বিশেষ মেরামত কাজ। | মা এন্টারপ্রাইজ | ডিডি-২/৬৬৩/১৬-১৭ কার্যাঃ অস্পস্ট তাং:১২-৬-১৭ খ্রিঃ | ১৮-৬-১৭ খ্রিঃ | ১৮-৬-১৭ খ্রিঃ | ৪,৩২,৮০০ | ১৭৭ তাং:২০-৬-১৭ খ্রি | নাই | নাই | ঐ |
| ৬ | ঢাকা জিগাতলাস্থ স্কুল কলোনীর সরকারি ভবন নং-১২ এর ছাদের পেটেন্ট স্টোনসহ আনুষঙ্গিক বিশেষ মেরামত কাজ। | মা এন্টারপ্রাইজ | ১০/১(১৪) তাং:১২-৬-১৭ খ্রিঃ | ১৮-৬-১৭ খ্রিঃ | ১৮-৬-১৭ খ্রিঃ | ৪,২৫,৬৫০ | ১৮০ তাং:২০-৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |
| ৭ | ঢাকা জিগাতলাস্থ স্কুল কলোনীর সরকারি ভবন নং-১৫ এর ছাদের পেটেন্ট স্টোনসহ আনুষঙ্গিক বিশেষ মেরামত কাজ। | মা এন্টারপ্রাইজ | ১২/১(১৪) তাং:১২-৬-১৭ খ্রিঃ | ১৮-৬-১৭ খ্রিঃ | ১৮-৬-১৭ খ্রিঃ | ৪,২৫,৬৯০ | ১৮২ তাং:২০-৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |

| (১) | (2) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮ | ঢাকা মহানগর দায়রা আদালতের জজ সাহেবের খাস কামড়ায় ও এজলাসে ভিনিয়ার্ড বোর্ড ও দায়রা জজ শীপের করিডোর, এজলাস, খাসকামড়া, নেজারতসহ অন্যান্য ফ্লোর টাইলস স্থাপন কাজ। | মেসার্স এস, এন্টারপ্রাইজ | | | | ১৪,৯৮,০৭০ | ৪৬০ তাং:২৯-০৬-১৭ খ্রিঃ | নাই | নাই | বাস্তবে কাজ সম্পাদন ছাড়াই শুধু বিল পরিশোধ করা হয়েছে। |
| ৯ | ঢাকা সি এম এম আদালত পুরাতন ৩ তলা ভবনের বহিরাংশের দেওয়ালে ওয়েদার কোট রং এবং ছাদ চুয়ানো বন্ধ করা, ভিতরাংশের বিচারকগণের এজলাস, চেম্বার মেরামতসহ আনুষঙ্গিক কাজ। | মেসার্স রতন এন্টারপ্রাইজ | | | | ১৮,১৬,৮০৭ | ৪৬২ তাং:২৯-০৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |
| ১০ | ঢাকার মোহাম্মদপুর লালমাটিয়াস্থ মহিলা সহায়তা কেন্দ্র ও শিশু দিবা যত্ন কেন্দ্র ভবনের ২য় ও ৩য় তলার বাথরুম, রান্নাঘরের টাইলস স্থাপনসহ বিশেষ মেরামত কাজ। | মেসার্স মাহির বিল্ডার্স | | | | ১১,৭৩,৭০০ | ৪৬৩ তাং:২৯-০৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |

| (১) | (2) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | ঢাকা জেলা জজ ও মহানগর দায়রা জজ আদালতের বন্দী/আসামীদের বহন করা পুলিশ প্রিজন ভ্যানসহ গাড়ী রাখার স্থানে ভাঙ্গা উঠে যাওয়া বিটুমিনাস কার্পেটিং আঙ্গিনা সংস্কার মেরামতসহ অন্যান্য কাজ। | মেসার্স তারেক এন্টারপ্রাইজ | | | | ১১,৯৭,৬৭১ | ৪৩১ ও ৪৭৩ তাং:২২-০৬-১৭ খ্রিঃ ও ২৯-০৬-১৭ খ্রঃ | নাই | নাই | ঐ |
| ১২ | ঢাকা মহানগর দায়রা জজ কোর্ট ভবনের সাধারণ টয়লেট কক্ষে টাইলস করণসহ পয়ঃ প্রনালী লাইনের বিশেষ সংস্কার কাজ। | মেসার্স তারেক এন্টারপ্রাইজ | | | | ১১,৯৮,২২১ | ৪৩০ ও ৪৭৪ তাং:২২-০৬-১৭ খ্রিঃ ও ২৯-০৬-১৭ খ্রিঃ | নাই | নাই | ঐ |
| ১৩ | ঢাকা কালেক্টরেট কোর্ট ভবনের ২য় তলায় জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসকদ্বয়ের রুমের প্রায় ভেঙ্গে পড়া ড্যামেজ নষ্ট ফলস সিলিং নবায়ন ও অন্যান্য কাজ। | মেসার্স জিলানী ট্রেডার্স | | | | ১৬,১৬,৭৭৩ | ৪৭৫ তাং:২৯-০৬-১৭খ্রিঃ | নাই | নাই | ঐ |
| | | | | | মোট = | ১,১৭,৭০,৪৩২ | | | | |

পরিশিষ্ট-০৬(২)
অনুচ্ছেদ-০৬

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরে বাস্তবে কাজ সম্পাদন না হওয়া সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করার বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | ঠিকাদারের নাম | চুক্তিমূল্য | কার্যদেশ নম্বর ও তারিখ | কাজ সমাপ্তির প্রকৃত তারিখ | মেজারমেন্ট গ্রহণের তারিখ | পরিশোধিত টাকার পরিমাণ | ভাউচার নম্বর ও তারিখ | প্রত্যাশী সংস্থার নাম ও কাজ শেষের প্রত্যয়নের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ১ | ঢাকা ইস্কাটন গার্ডেনস্থ সরকারি অফিসার্স কোয়ার্টার এলাকায় অবস্থিত মল্লিকা ভবনের ৫ নং ফ্ল্যাটের জানালার থাই গ্লাস স্থাপনসহ অন্যান্য কাজ। | মেসার্স সুজন এন্টারপ্রাইজ | ৪,৯৪,৭৩৩ | ৩২২ তাং:১৬-১-১৭খ্রিঃ | ২৫-১-১৭ খ্রিঃ | ২৫-১-১৭ খ্রিঃ | ৪,৯৪,৭১৪ | ১৫৯, তাং-১৫-৬-১৭ খ্রিঃ | ২১-৩-১৬ খ্রিঃ | কার্যাদেশ প্রদানের ৯ মাস ২৫ দিন পূর্বে এবং মেজারমেন্ট গ্রহণের ৪ মাস ১০দিন পূর্বে কাজ সমাপ্ত হওয়ার প্রত্যয়নপত্র গ্রহণ করা হয়েছে, যা অবাস্তব। |
| ২ | ঢাকা ইস্কাটন গার্ডেনস্থ সরকারি অফিসার্স কোয়ার্টার এলাকায় অবস্থিত মল্লিকা ভবনের ৮ নং ফ্ল্যাটের বাথরুমের টাইলস স্থাপনসহ অন্যান্য মেরামত কাজ। | মেসার্স অনলাইন ট্রেড | ২,৯৯,৭৭৯ | ২৮২/১(১) তাং-১৫-১-১৭খ্রিঃ | ২৯-১-১৭ খ্রিঃ | ২৯-১-১৭ খ্রিঃ | ২,৯৯,৭৭১ | ১৯২, তাং-১৫-৬-১৭খ্রিঃ | ৭-৮-১৬ খ্রিঃ | কার্যাদেশ প্রদানের ৪ মাস ১৮ দিন পূর্বে এবং মেজারমেন্ট গ্রহণের ৪ মাস ২২ দিন পূর্বে কাজ সমাপ্ত হওয়ার প্রত্যয়নপত্র গ্রহণ করা হয়েছে, যা অবাস্তব। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | ঢাকা বেইলী রোডস্থ সরকারি অফিসার্স কোয়ার্টার গুলফিশান ভবনের ১ নং ফ্লাটের বিশেষ মেরামত কাজ। | উজ্জ্বল সাহা | ৪,৮৪,৪৬৯ | ৩২৯২, তাং-৫-৬-১৭খ্রিঃ | ১৯-৬-১৭ খ্রিঃ | ১৯-৬-১৭ খ্রিঃ | ৪,৮৪,৪৭০ | ২৫৯, তাং ২০-৬-১৭ খ্রিঃ | ০২-৫-১৭ খ্রিঃ | কার্যাদেশ প্রদানের পূর্বেই কাজটি হস্তান্তরের প্রত্যয়ন প্রদান করা হয়েছে যা অবাস্তব। |
| ৪ | ঢাকা ইস্কাটন গার্ডেনস্থ সরকারি অফিসার্স কোয়ার্টার ময়ুরী ভবনের ১ নং ফ্লাটের বিশেষ মেরামত কাজ | মেসার্স অন্বেষা এস্টাবলিসমেন্ট | ২,৯৫,০৬৮ | ৩৪১৮ তাং-৭-৬-১৭ খ্রিঃ | ১৯-৬-১৭ খ্রিঃ | - | ২,৯৫,০৬৬ | ২৬৩, তাং ২০-৬-১৭ খ্রিঃ | ২৩-২-১৭খ্রিঃ | কাজ সমাপ্ত হওয়ার ৩ মাস ২৬ দিন পূর্বে এবং কার্যাদেশ প্রদানের ৩ মাস ১৪ দিন পূর্বেকাজ সমাপ্ত হওয়ার প্রত্যয়নপত্র গ্রহণ করা হয়েছে, যা অবাস্তব। |
| ৫ | ঢাকা ইস্কাটন গার্ডেনস্থ সরকারি অফিফার্স কোয়ার্টার এলাকায় অবস্থিত মধুমতি ভবনের ৩নং ফ্ল্যাটের ও মালঞ্চ ভবনের ১নং ফ্লাটের মেরামত কাজ। | মেসার্স মমতাজ বিল্ডার্স | ৩,৭৩,২৬৫ | ১৭৪ তাং-৯-১-১৭ খ্রিঃ | ২২-১-১৭ খ্রিঃ | ২৫-১-১৭ খ্রিঃ | ৩,৭৩,২৫৯ | ১৯৪ তাং-১৫-৬-১৭খ্রিঃ | ২২-১১-১৬খ্রিঃ | কাজ সমাপ্ত হওয়ার ২মাস পূর্বে এবং কার্যাদেশ প্রদানের ১ মাস ১৭ দিন পূর্বে কাজ সমাপ্ত হওয়ার প্রত্যয়নপত্র গ্রহণ করা হয়েছে, যা অবাস্তব। |
| | | | ১৯,৪৭,৩১৪ | | | | ১৯,৪৭,২৮০ | | | |

পরিশিষ্ট-০৮

অনুচ্ছেদ-০৮

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত কাঠের কারখানা বিভাগ, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরে কাঠের কারখানা স্থাপনের উদ্দেশ্য বাস্তবায়ন ছাড়াই শুন্য উৎপাদনের রেকর্ডের ভিত্তিতে বৎসর ভিত্তিক সরকারি অর্থের অপচয়ের বিবরণী :

| ক্রমিক নং | শাখার নাম | বিদ্যমান জনবল | মাস ভিত্তিক পরিশোধ জুন/১৭ | জনবল বাবদ বৎসরে মোট পরিশোধ | বিদ্যুৎ বিলের পরিমাণ | জনবল ও বিদ্যুৎ বিল বাবদ বাৎসরিক ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১.<br>০২.<br>০৩.<br>০৪.<br>০৫.<br>০৬.<br>০৭.<br>০৮.<br>০৯.<br>১০.<br>১১.<br>১২.<br>১৩. | কার্পেটিং শাখা-১<br>কার্পেটিং শাখা-২<br>কার্পেটিং শাখা-৩<br>মেশিনরীজ শাখা<br>সরবরাহ শাখা<br>সংসদ শাখা<br>বিগ ফান্ডস-শাখা<br>বেত ও গদি শাখা<br>পলিশ শাখা<br>স্টোর শাখা<br>পেইন্টিং শাখা<br>টিন স্মীথ শাখা<br>নিরাপত্তা শাখা। | ১২ জন<br>১৫ জন<br>১৭ জন<br>১৬ জন<br>০৪ জন<br>০৬ জন<br>১০ জন<br>০৯ জন<br>১০ জন<br>০২ জন<br>০৫ জন<br>১৯ জন<br>০৪ জন | ৩৯,০০,১২৬/- | ২০১৬-১৭ অর্থ বৎসরে ৩৯,০০,১২৬×১২ = ৪,৬৮,০১,৫১২ | ২১৭১২৫৯ | ৪,৮৯,৭২,৭৭১ | * কার্য উপযোগী মজুদ মালামাল এবং পর্যাপ্ত জনবল থাকা সত্ত্বেও ব্যবহার না করে সরকারি সম্পদের ক্ষতি সাধন।<br>* প্রতিষ্ঠানের উৎপাদন না হওয়া সত্ত্বেও বিদ্যুৎ বিল বাবদ কারখানার বাৎসরিক বিদ্যুৎ বিল- ২১,৭১,২৫৯/-<br>* উৎপাদন কাজ না হলে এই বিদ্যুৎ বিলের যৌক্তিকতা কি?<br>* সরকারি মালামাল ও জনবল পর্যাপ্ত থাকার পরও উৎপাদন রেকর্ড শূন্য হওয়ার যৌক্তিকতা কি? |
| | | | | | মোট = | ৪,৮৯,৭২,৭৭১ | |

পরিশিষ্ট -০৯
অনুচ্ছেদ-০৯

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল- ৩, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রয়োজন না থাকা সত্ত্বেও অতিরিক্ত জনবল বাবদ সরকারি অর্থের অপচয়ের বিবরণী :

| সংশ্লিষ্ট অফিসের নাম | গাড়ী চালকের মোট সংখ্যা | প্রতিজনের গড় বেতন | প্রতি মাসে মোট পরিশোধ | ২০১৬-১৭ অর্থ বছরে মোট পরিশোধ | ২০১৬-১৭ অর্থ বছরে ২ জন ড্রাইভারের প্রাপ্য বেতন | ২০১৬-১৭ অর্থ বছরে অতিরিক্ত পরিশোধ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = (৫-৬) | ৮ |
| নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৮, ঢাকা। | ৩১ জন | ২৫,০০০ | ৩১×২৫,০০০ = ৭,৭৫,০০০ | ৭,৭৫,০০০×১২ = ৯৩,০০,০০০ | ২×২৫,০০০×১২ =৬,০০,০০০ | ৮৭,০০,০০০ | সচল ২টি গাড়ীতে ২ জন ড্রাইভার কর্মরত আছে। কিন্তু ২৯ জন ড্রাইভার কর্মহীন অবস্থায় বেতন গ্রহণ করায় সরকারি অর্থের অপচয় হচ্ছে। |
| | | | মোট = | ৯৩,০০,০০০ | ৬,০০,০০০ | ৮৭,০০,০০০ | |

পরিশিষ্ট-১০

অনুচ্ছেদ-১০

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়নগঞ্জ কার্যালয় কর্তৃক ২০১৫-২০১৬ অর্থ বছরে কাজ শুরুর পূর্বে তামাদি এড়ানোর লক্ষ্যে কাল্পনিক বিল বাবদ অগ্রিম পরিশোধের বিবরণী :

| ক্রঃ নং | কাজের নাম | ঠিকাদারের নাম | চুক্তির নং ও তারিখ | বিল নং ও তারিখ | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | মেরিন টেকনোলজির ৫ তলা বয়েজ হোস্টেল নির্মাণ। | A1-ACE (JV) | ১৬৬/১৫-১৬<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ১৪৫<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ৯৬,৯৩,০০০<br>২৪,১০,৬৫৯<br>১,২১,০৩,৬৫৯ |
| ০২ | মেরিন টেকনোলজির ৫ তলা গার্লস হোস্টেল নির্মাণ। | মেসার্স রফিক কনষ্ট্রাকশন (প্রাঃ) লিঃ | ১৬৫/১৫-১৬<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ১৮০<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ২০,০০,০০০ |
| ০৩ | মেরিন টেকনোলজির ৫তলা একাডেমিক ভবন নির্মাণ। | IE & ZE (JV) | ১৬৪/১৫-১৬<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ১৫২<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ৬৭,৬০,০০০ |
| ০৪ | Rab-11 এর ২য় শ্রেণি অফিসার কোয়ার্টার নির্মাণ। | AE (JV) | ১৬৩/১৫-১৬<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ২২১<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ১,৬৬,০৬,১৪২ |
| ০৫ | Rab-11 এর ২য় শ্রেণি অফিসার কোয়ার্টার নির্মাণ। | AE (JV) | ১৬০/১৫-১৬<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ২২২<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ৬৪,০০,০০০ |
| ০৬ | মেরিন একাডেমির ডরমেটরী কাজ। | মেসার্স রফিক কনষ্ট্রাকশন (প্রাঃ) লিঃ | ১৬২/১৫-১৬<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ১৮১<br>৩০-০৬-১৬ খ্রিঃ | ২০,০০,০০০ |
| | | | | সর্বমোট = | ৪,৫৮,৬৯,৮০১ |

## সারসংক্ষেপ ঃ

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | টাকা |
|---|---|---|
| ১ | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা। | ৩,৭৬,৯৮,২০০ |
| ২ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, কুড়িগ্রাম। | ৩১,৩৪,৬৩৮ |
| | মোট = | ৪,০৮,৩২,৮৩৮ |

পরিশিষ্ট-১১(১)
অনুচ্ছেদ-১১

প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৪-২০১৫ আর্থিক সালে প্রথম সর্বনিম্ন ঠিকাদারকে বাদ দিয়ে দ্বিতীয় সর্বনিম্ন ঠিকাদারকে অনিয়মিতভাবে কার্যাদেশ প্রদানের বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের নাম | প্রাক্কলিত মূল্য | চুক্তিমূল্য | প্রাপ্ত দরপত্রের সংখ্যা | দরপত্র দাতার বিবরণ ও দর (অবস্থান অনুযায়ী) | Non-responsive ১ম সর্বনিম্ন দরদাতার ও ২য় সর্বনিম্ন দরদাতার দরের পার্থক্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১. | Extension of National Institute of Traumatology & Orthopedic Rehablitation (NITOR) প্রকল্পের আওতায় ১৪তলা ভিতের উপর ১২তলা বিল্ডিং নির্মাণ কাজ। | Project builders limited & M/S GK builders (jv) | ১১২,৫৫,৮৮,৪১৪ | ১০০,২৮,১৭,৯২৩ | ০৭টি | ১) দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিঃ=৯৬,৫১,১৯,৭২৩<br>২) পিবিএল এন্ড জিকে বিল্ডার্স (জেভি)=১০০,২৮,১৭,৯২৩<br>৩) মেসার্স জামাল এন্ড কোং =১০,০৪,৪৩,৪৯,৮৫৫<br>৪) মেসার্স কুশলী নির্মাতা=১০৪,৪৩,৪৯,৮৫৫<br>৫)মেসার্স এনডিই=১০৬,৪০,২০,৫৮১<br>৬) মেসার্স এক্সপেট্রো=১১০,৯২,৬৪,৬১২<br>৭) মেসার্স এনসিএল (নাভানা)=১২০,৯৪,০০,৮৩৪ | (১০০,২৮,১৭,৯২৩ - ৯৬,৫১,১৯,৭২৩) =৩,৭৬,৯৮,২০০ | Turnover কম থাকায় ১ম সর্বনিম্ন দরদাতা দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিঃ কে নন-রেসপনসিভ করা হয়েছে। কিন্তু দরপত্র মূল্যায়ন কমিটির ১জন সদস্য এবং উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক দি সিভিল ইঞ্জিনিয়ার্সকে রেসপনসিভ করার জন্য সুপারিশ করা হয়েছে । |

পরিশিষ্ট-১২
অনুচ্ছেদ-১২

নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৬-২০১৭ আর্থিক সালে **Responsive** দরদাতাকে কার্যাদেশ প্রদান না করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী :

| ক্র ঃ নং | কাজের নাম | ঠিকাদারের নাম | প্রাক্কলিত মূল্য | চুক্তিমূল্য | ১ম রেসপনসিভ দরদাতার নাম | ১ম রেসপনসিভ দরদাতা কর্তৃক দাখিলকৃত দর | সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান না করায় ক্ষতির পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮=(৫-৭) | ৯ |
| ১ | সরকারি শিশু পরিবার হোস্টেল নির্মাণ প্রকল্পের আওতায় তেজগাঁস্থ সরকারি শিশু পরিবার চত্ত্বরে ৫ তলা বিশিষ্ট ভবন নির্মাণ (গ্রুপ-২)। | ই.ই.টি,এ,ই এন্ড এম,ই জেভি | ৪,৭৩,৮৮,৮২৪ | ৪,৬০,৮২,০১৯ | নভেলটি | ৪,৩০,৮২,৪৫৫ | ২৯,৯৯,৫৬৪ | Work completion certificate of similar nature of works সঠিক না পাওয়ায় দরপত্রটি নন-রেসপনসিভ হিসাবে বিবেচনা করা হলেও যথাযথভাবে সার্টিফিকেট যাচাই করা হয়নি। তথ্য/প্রমাণকে দেখা যায় যে একই ধরনের কাজে ৪,৬৮,২০,৮৪২ টাকার কাজ সম্পাদনের সার্টিফিকেট রয়েছে। |
| ২ | সরকারি শিশু পরিবার হোস্টেল নির্মাণ প্রকল্পের আওতায় তেজগাঁস্থ সরকারি শিশু পরিবার চত্ত্বরে ৪ তলা বিশিষ্ট ভবন নির্মাণ (গ্রুপ-১)। | এস.টি ট্রেডিং কর্পোরেশন | ৩,৯২,৯৭,২২৪ | ৩,৭৮,৭৭,২০৫ | নভেলটি | ৩,৪৮,৪০,২০৪ | ৩০,৩৭,০০১ | |
| | মোট = | | ৮,৬৬,৮৬,০৪৮ | ৮৩,৯৫৯,২২৪ | | | ৬০,৩৬,৫৬৫ | |

পরিশিষ্ট-১৩
অনুচ্ছেদ-১৩

প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৪-২০১৫ আর্থিক সালে
গাণিতিক শুদ্ধতার নামে উর্দ্ধ দরে দরপত্র অনুমোদনে সরকারের আর্থিক ক্ষতির বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য | কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের নাম ও চুক্তি মূল্য | দরদাতাগণের নাম ও প্রদত্ত দর | গাণিতিক শুদ্ধতার পর দর | পার্থক্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | কিশোরগঞ্জ শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণ প্রকল্পের আওতায় ৮ তলা ভিতের উপর ৫ তলা একাডেমিক ভবন নির্মাণ কাজ । | ৩১,৩০,৬৫,৫১১/৮৩ | নূরানী কনস্ট্রাকশন লিঃ<br>৩২,৭৭,৭৭,৪৪৯ | ১) নূরানী কনস্ট্রাকশন লিঃ<br>৩০,৬৯,৫৪,০৬৩<br>২) মেসার্স জামাল এন্ড কোম্পানী<br>৩৫,৪১,৩৩,৩২৯ | ৩২,৭৭,৭৭,৪৪৯<br>নন-রেসপন্সিভ | ২,০৮,২৩,৩৮৬ | |

পরিশিষ্ট-১৪

অনুচ্ছেদ-১৪

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত সম্পদ বিভাগ, ঢাকা কার্যালয় কর্তৃক ২০১৬-২০১৭ আর্থিক সালে সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ ব্যতিরেকে অনিয়মিতভাবে পরিশোধের বিবরণী :

| ক্রমিক নং | কাজের নাম | ঠিকাদার | কার্যাদেশ প্রদানের তারিখ | কার্যসম্পাদনের তারিখ | পরিশোধিত মূল্য | ভাউচার নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের মূল ভবনের পূর্ব পার্শ্বের ওয়াক ওয়ে নির্মাণ কাজ | এইচ আর ট্রেডিং | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ১,৯৭,৮৪৩ | ২৯৯ তাং:২২-৬-১৭ খ্রিঃ | শুধুমাত্র বরাদ্দকৃত অর্থ ব্যয় করার উদ্দেশ্যে উক্ত খাতে বরাদ্দ না থাকা সত্ত্বেও সকল কাজের কার্যাদেশ একই তারিখে প্রদান করে একই তারিকে কার্যসম্পাদন দেখিয়ে একই তারিখে বিল পরিশোধ করা হয়েছে। |
| ২ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের ফুল বাগানের চারিপার্শ্বে গাইড ওয়াল নির্মাণ করণ কাজ। | মেসার্স কামরুল এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৩,৪৬,৯৭৮ | ৩০২ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ৩ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের মূল ভবনের পোর্চের বাম পার্শ্বের রাস্তা নবায়ন কাজ। | মেসার্স তৈয়বিয়া ট্রেডার্স | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,৯৯,৭৩২ | ২৬২ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ৪ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের ভবনের পিছনের ওয়াকওয়ে নির্মাণ কাজ। | মেসার্স জাফর এন্ড ব্রাদার্স | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,২৩,৭৩৫ | ৩০১ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ৫ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের গ্যারেজের সম্মুখে রাস্তা নবায়ন কাজ। | মেসার্স জাফর এন্ড ব্রাদার্স | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,২৫,৯৫৬ | ৩০০ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ৬ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের মূল ভবনের পোর্চের ডান পার্শ্বের রাস্তা নবায়ন কাজ। | মেসার্স তৈয়বিয়া ট্রেডার্স | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৩,৪৯,২৪৭ | ২৬১ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৭ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের ভবনের নীচতলার উত্তর পার্শ্বের কয়েকটি কক্ষ পরিবর্তন করে ট্রেনিং সেন্টারে রুপান্তরিতসহ নবায়ন ও মেরামত কাজ। | মেসার্স নাহার এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ১,৯৯,১২১ | ৫৬ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ৮ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের স্যানিটারী মালামালের কাজকরণ। | পুস্পিতা এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,৯৯,২৫১ | ২৬০ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ৯ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের ভবনের ৩য় তলার ভার্টিক্যাল ভেনেসিয়ান ব্লাইন্ড পর্দা নবায়ন কাজ। | পদ্মা এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,৯৯,৭০৯ | ২৫৪ তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ১০ | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের মূল ভবনের ১ম এবং ২য় ফ্লোরের প্যাসেজের নতুন মার্বেল পাথর নবায়ন কাজ। | আলিফ এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,৯৯,৩৩৪ | ২৯৬, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ১১ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের পানির ট্যাংক পরিষ্কার এবং সুয়ারেজ লাইন পরিষ্কার, মেরামত ও নবায়ন কাজ। | গার্ডেন এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ১,৯৯,৯২০ | ২৫৯, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ১২ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের সীমানা প্রাচীর নবায়নসহ মেরামত ও রংকরণ কাজ। | চাঁদ এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৩,৪৯,৫৬৩ | ২৯৭, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ১৩ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের সভাকক্ষের ছাদ ও শোরুমের জলছাদ মেরামত কাজ। | সিজী ট্রেডিং এজেন্সি | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ২,৪৬,৬২৫ | ২৯৮, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের মূল ভবনেরর বিভিন্ন ফ্লোরের টাইলস নবায়ন কাজ। | মেসার্স নাহার এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,৬৬,৫১৯ | ২৫৮, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ১৫ | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের মূল ভবনের পশ্চিম ও দক্ষিণ পার্শ্বে ও বাহিরে ওয়েদার কোর্ট রং করণ কাজ ও প্যাসেজের নতুন মার্বেল পাথর নবায়ন কাজ। | মেসার্স নাহার এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,৬৬,৬৩৩ | ২৫৫, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ১৬ | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের মূল ভবনের পূর্ব ও উত্তর পার্শ্বে, প্যারাপেড ওয়েদার কোর্ট রং করণ কাজ। | মেসার্স নাহার এন্টারপ্রাইজ | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৪,৯৮,৭৪৭ | ২৫৭, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| ১৭ | ঢাকার তেজগাঁওস্থ মনিপুরীপাড়াস্থ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের ভবনের নীচ তলার ভার্টিক্যাল ভেনেসিয়াম ব্লাইন্ড পর্দা নবায়ন কাজ। | মেসার্স খান এন্ড কোং | ১১-০৬-২০১৭ খ্রিঃ | ২২-০৬-২০১৭ খ্রিঃ | ৩,৯২,৯৩৫ | ২৫৩, তাং:২২-৬-১৭ খ্রিঃ | |
| | | | | মোট = | ৬৫,৬১,৮৪৮ | | |

পরিশিষ্ট-১৫

অনুচ্ছেদ-১৫

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কিশোরগঞ্জ কার্যালয় কর্তৃক ২০১৫-২০১৬ আর্থিক সালে আরডিপিপি মূল্যের চেয়ে অতিরিক্ত পরিশোধের বিবরণী :

| ক্রমিক নং | প্রকল্পের নাম | অংগের নাম | আরডিপিপি মূল্য (২য় সংশোধনী) | পরিশোধ | অতিরিক্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ ও হাসপাতাল | হোস্টেল ভবন (পুরুষ) | ১১,৯৬,৮৫,০০০ | ১২,১৮,৬৯,০০০ | ২১,৮৪,০০০ | |
| ২. | শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ ও হাসপাতাল | পরিচালক এর বাস ভবন (ডুপ্লেক্স) | ৬৮,৪৯,০০০ | ১,৮৯,১৬,০০০ | ১,২০,৬৭,০০০ | |
| ৩. | শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ ও হাসপাতাল | সাব-স্টেশন পাম্প হাউজ ও জেনারেটর (২টি) | ৯৬,৭৭,০০০ | ৩,২৫,৫৭,০০০ | ২,২৮,৮০,০০০ | |
| ৪. | শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ ও হাসপাতাল | গভীর নলকূপ | ১,৫০,০০,০০০ | ২,৮৩,৯৩,০০০ | ১,৩৩,৯৩,০০০ | |
| | | মোট = | ১৫,১২,১১,০০০ | ২০১৭৩৫০০০ | ৫,০৫,২৪,০০০ | |

তারিখ : ________ বঙ্গাব্দ / খ্রিষ্টাব্দ ।

(মোঃ সাইফুর রহমান)
মহাপরিচালক
গৃহায়ন ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর,
ঢাকা।